ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 15 July, 2023 ■ আগরতলা ১৫ জুলাই ২০২৩ ইং ■ ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

শুক্রবার সাব্রুমে '৭৫ সীমান্ত গ্রাম ক্রান্তি বীরো কে নাম' এর রাজ্যভিত্তিক অনুষ্ঠানের সূচনা করলেন মুখ্যমন্ত্রী প্রফেসার ডাঃ মানিক সাহা।

চাঁদের উদ্দেশ্যে পাড়ি দিল ইসরোর চন্দ্রযান-৩

ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হল গোটা ভারত

শ্রীহরিকোটা, ১৪ জুলাই (হি.স.)।। চাঁদের উদ্দেশে পাড়ি দিল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)-র চন্দ্রযান-৩। শুক্রবার দুপুর ২.৩৫ মিনিট নাগাদ অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধবন মহাকাশ কেদঁর থেকে চাঁদের উদ্দেশে পাড়ি দিয়েছে ইসরো-র চন্দ্রযান-৩। ঐতিহাসিক এই মুহূর্তের সাক্ষী হল গোটা ভারত। একটি ল্যান্ডার, একটি রোভার এবং একটি প্রপালশন মডিউল দিয়ে সজ্জিত চন্দ্রযান-৩। চন্দ্রযান-৩-এর ওজন প্রায় ৩,৯০০ কিলোগ্রাম।

ভারতের তৃতীয় চন্দ্রাভিযান, চন্দ্রযান-৩-এর উৎক্ষেপণের কাউন্টডাউন শুরু হয়ে গিয়েছিল বৃহস্পতিবার দুপুর ১.০৫ মিনিটে। এরপর একের পর এক ধাপ সম্পন্ন করে ইসরো। অবশেষে শুক্রবার দুপুর ২.৩৫ মিনিটে ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হল গোটা ভারত তথা বিশ্ব। এলভিএম-৩ রকেটের মাধ্যমে চন্দ্রযান-৩ উৎক্ষেপণ করল ইসরো। ভারতের তৃতীয় চন্দ্রাভিযান রওনা দিয়েছে চাঁদের উদ্দেশে। ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী থাকেন ইসরো-র চেয়ারম্যান এস সোমনাথ।

ইসরোর এই চন্দ্রযাত্রার কেন্দ্রে রয়েছে এলভিএম-৩ রকেট। যা চন্দ্রযানটিকে শক্তি জোগাবে এবং পৃথিবীর কক্ষপথের বাইরে ঠেলে দেবে। এলভিএম-৩ হল একটি ত্রিস্তরীয় উৎক্ষেপণ যান। এর আগে একাধিক কৃত্রিম উপগ্রহ এবং চন্দ্রযাত্রায় এই এলভিএম-৩ ব্যবহৃত হয়েছে। একে ভারতীয় রকেটের 'বাহুবলী' বলা হয়। এর মধ্যে দু'টি স্তরে কঠিন জ্বালানি এবং একটি স্তরে তরল জ্বালানি রয়েছে। কঠিন জ্বালানি ১২৭ সেকেন্ড ধরে জ্বলে। উৎক্ষেপণের ১০৮ সেকেন্ডের মধ্যে জ্বলতে শুরু করে তরল জ্বালানি। তা ২০৩ সেকেন্ড ধরে রকেটটি চালনা করে।

প্রসঙ্গত, ২০১৯ সালের ৬ সেপ্টেম্বর ল্যান্ডার 'বিক্রম'-কে চাঁদের পিঠে নামাতে গিয়ে ব্যর্থ হয়েছিল ইসরো-র চন্দ্রযান-২। অতীতের ভুল থেকে শিক্ষা নিয়ে নতুন করে চাঁদের মাটি ছোঁয়ার প্রস্তুতি নিয়েছে ভারতের মহাকাশ গবেষণা সংস্থা। অতীতের অভিযানে পাঠানো অরবিটরটি এখনও চাঁদকে প্রদক্ষিণ করে চলেছে। তাই ☞ ৬ এর পাতায় দেখুন

অভয়নগরে দুঃসাহসিক চুরি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। রাতের আঁধারে হাত সাফাই করল চোরের দল। গতকাল রাতে ভাটি অভয়নগরস্থিত কাঠালঁতলী এলাকার বাসিন্দা মীরা ভৌমিকের ঘরে দুঃসাহসিক চুরি হয়েছে। চোরের দল হানা দিয়ে ১২ ভরি স্বর্ণাংলকার সহ নগদ প্রায় ৫০ হাজার টাকা চুরি করে নিয়ে পালায়। ঘটনাটি প্রকাশ্যে আসতে জনমনে আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

বাড়ির মালিক মীরা ভৌমিক জানিয়েছেন, গতকাল রাত আনুমানিক ১২:৩০ টা নাগাদ রাতের খাওয়া দাওয়া সেরে ঘুমিয়ে পড়েছিলেন তিনি। রাত আনুমানিক ২:৩০ টা নাগাদ ঘরে জানলার গ্রিল ভেঙে ঢুকেছিল চোরের দোল। তখন ওই ঘরের বৃদ্ধা মীরা ভৌমিক একাই ঘুমিয়ে ছিলেন। আলমারির তালা ভাঙে ১২ ভরি স্বর্ণালঙ্কার ও নগদ প্রায় ৫০ হাজার টাকা নিয়ে পালিয়েছে চোরের দল বলে জানিয়েছেন তিনি। আজ সকালে তিনি ঘটনাটির টের পেয়ে চিৎকার চেচামেচি শুরু করলে পরিবারের সদস্যরা ছুটে আসেন। সাথে সাথে পুলিশকে খবর পাঠিয়েছে।

রাজ্যবাসীর মধ্যে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি সম্মান চির অম্লান থাকবে ঃ মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। দেশের স্বাধীনতা অর্জনের গৌরবময় ইতিহাসকে বর্তমান প্রজন্মের সামনে তুলে ধরাই সরকারের লক্ষ্য। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিশায় দেশের স্বাধীনতা আন্দোলনের সাথে জড়িত রাজ্যের সমস্ত নাম জানা ও অজানা স্বাধীনতা সংগ্রামীদের মরণ করার উদ্দেশ্যেই তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ থেকে শুরু হয়েছে '৭৫ সীমান্ত গ্রাম ক্রান্তি বীরো কে নাম' অনুষ্ঠান।

সাব্রুমের মৈত্রী সেতু সংলগ স্থানে রাজ্যভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, আজ থেকে রাজ্যের চিহ্নিত ৭৫টি সীমান্ত গ্রামে এই কর্মসূচির সূচনা হয়েছে।

অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আশা প্রকাশ করেন রাজ্যবাসীর মধ্যে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি সম্মান চির অলান থাকবে। তিনি বলেন, আমাদের মহান স্বাধীনতার জন্য যেসকল স্বাধীনতা সংগ্রামীগণ তাদের জীবন বলিদান দিয়েছেন কিন্তু ইতিহাসের পাতায় অবহেলিতই রয়ে গেছেন তাদেরকে জানার জন্যই এই অনুষ্ঠানের আয়োজন। ☞ ৬ এর পাতায় দেখুন

বিধানসভায় বিরোধীদের কুরুচিকর কর্মকান্ডের প্রতিবাদে নানা স্থানে বিজেপির ধিক্কার মিছিল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ জুলাই।। বিধানসভার বাজেট অধিবেশনে বিরোধী দলের কুরুচিকর কান্ডের বিরুদ্ধে ধিক্কার জানিয়ে মিছিল করল ভারতীয় জনতা পার্টি তেলিয়ামুড়া মন্ডল ।

গত ৭জুলাই ত্রিপুরা বিধানসভার বাজেট অধিবেশনের প্রথম দিনে বিরোধী দল অর্থাৎ সিপিআইএম,কংগ্রেস এবং তিপ্রামথা দলের বিধায়করা যেভাবে পবিত্র বিধানসভার অভ্যন্তরে বিক্ষোভ প্রদর্শন করে,ত্রিপুরা বিধানসভা কে যেভাবে কালিমালিপ্ত করেছে এটা ত্রিপুরা রাজ্য সহ সারা দেশের জন্য নিন্দনীয়। এই দিনটি সারা দেশের জন্য কালো দিন। তাই আজ ভারতীয় জনতা পার্টি ত্রিপুরা প্রদেশ থেকে রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রের ৬০টি মন্ডলের উদ্যোগে বিক্ষোভ মিছিল বের করার নির্দেশ দেওয়া হয়। সেই নির্দেশ অনুসারে আজ অন্যান্য বিধানসভা কেন্দ্রের মন্ডলের ন্যায়, ভারতীয় জনতা পার্টি ২৮তেলিয়ামুরা মন্ডলের উদ্যোগে এক বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। ☞ ৬ এর পাতায় দেখুন

ক্যাম্পেরবাজারে অগ্নিদগ্ধ হয়ে স্ত্রীর মৃত্যু, ধৃত স্বামী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। শহরে আবারো মাতৃ শক্তির অস্বাভাবিক মৃত্যু। এই ঘটনার সাক্ষী রইল রাজধানীর ক্যাম্পেরবাজার নন্দীটিলা এলাকাবাসী। জানা যায়, গৃহবধূ ললিতা দাস রহস্যজনকভাবে অগ্নিদগ্ধা হন। পরে জিবিতে আনা হলে শুক্রবার সকালে মৃত্যু হয় গৃহবধূর। এই ক্ষেত্রে স্বামীর বিরুদ্ধে হত্যার অভিযোগ তোলে মৃতার বাপের বাড়ির সদস্যরা। পুলিশে অভিযোগ জানানোর পরেই হাসপাতাল থেকে আটক করা হয় অভিযুক্ত স্বামী বাবুল দাসকে।

জানা যায় গত বুধবার থেকে স্বামী স্ত্রীর মধ্যে তুমুল ঝামেলা চলছিল। বাধ্য হয়ে স্ত্রী বাপের বাড়িতে চলে যায়। বৃহস্পতিবার দুপুরে স্বশুর বাড়িতে যায় স্বামী বাবুল। সেখানে গিয়ে স্ত্রীকে রিতিমতো হুমকী দিতে থাকে বাড়ি ফিরে যাওয়ার জন্য। এমনকি শ্বশুর বাড়ির সদস্যদের সামনেই স্ত্রীকে মারতে উদ্যত হয় স্বামী। শেষ পর্যন্ত স্ত্রীকে মারতে মারতে নিজ বাড়িতে নিয়ে আসে স্বামী। এতেই ক্ষান্ত হয়নি বাবুল। বাড়িতে ফিরেও স্ত্রীর উপর নির্যাতন চালাতে থাকে। বিষয়টি ফোন করে তাদের একমাত্র কন্যা দাদুর বাড়িতে জানালে তাকেও মারধোর করে। বৃহস্পতিবার গভীর রাতে কোন এক সময় অগ্নিদগ্ধ অবস্থায় চিৎকার করতে করতে ঘড় থেকে বেড়িয়ে আসে স্ত্রী ☞ ৬ এর পাতায় দেখুন

ছোট ভাইকে খুনের দায়ে গ্রেপ্তার বড় ভাই

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ জুলাই।। কল্যানপুর থানাধীন গোবিন্দ চৌধুরী পাড়ায় বাড়ি থেকে প্রায় ১০০ মিটার দূরত্বের মধ্যে ২৪ বছর বয়সী বীরেশ কুমার দেববর্মা নামে এক যুবকের মৃতদেহ উদ্ধার হয়। ভোর আনুমানিক চারটা নাগাদ।জানা গেছে কৃষি জমির পাশে উদ্ধার হওয়া এই মৃতদেহটির হাত-পা বাঁধা অবস্থায় পাওয়া গেছে। মৃতদেহের মধ্যে মাথা সহ শরীরের একাধিক জায়গায় আঘাতের চিহ্নও রয়েছে।

পরিকল্পিতভাবেই এই খুন সংঘটিত করা হয়েছে। ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে ছুটে গিয়ে মৃতদেহ উদ্ধার করে কল্যাণপুর হাসপাতালের মর্গে নিয়ে যায়। ময়না তদন্তের পর পরিজনদের

কল্যাণপুর

হাতে মৃতদেহ তুলে দেওয়া হয়। এলাকা সূত্রে খবর, মৃত যুবক বিরেশ দেববর্মার কারোর সাথে কোন পূর্ব শত্রুতা ছিলনা। তবে প্রায়শই সে অত্যধিক নেশাগ্রস্থ থাকতো।

এর পেছনে কি রহস্য থাকতে পারে তা নিয়ে এলাকায় ব্যাপক গুঞ্জন শুরু হয়েছে। পুলিশ এই হত্যাকাণ্ডের সাথে জড়িত মৃত যুবকের বড় ভাইকে গ্রেফতার করেছে। ধৃত সরনজয় দেববর্মা স্বীকার করেছে পারিবারিক ঝামেলার কারণেই সে তার ছোট ভাই বিরেশকে খুন করেছে।

এদিকে, একই থানাধীন অধুনিয়া এলাকাতে ৬৫ বছরের বৃদ্ধ সরণজয় দেববর্মার মৃতদেহ উদ্ধার হয়েছে। জানা গেছে গতকাল থেকেই নিখোঁজ ছিল। আজ বাড়ির কাছে একটা পুকুরের জলে ভাসমান মৃতদেহ উদ্ধার হয়। ঘটনাকে কেন্দ্র করে গোটা কল্যাণপুরে চাঞ্চল্য ছড়িয়েছে।

বোলেরোর সাথে সংঘর্ষে গুরুতর দুই বাইক আরোহী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। বোলেরো গাড়ি ও বাইকের মুখোমুখি সংঘর্ষে আহত হয়েছে দুই যুবক। বিশালগড় করইমুড়া বাজারে সানীয় মানুষ ঘটনাটি প্রত্যক্ষ করে দমকলবাহিনীকে খবর পাঠিয়েছিল। দমকলকর্মীরা আহত দুই যুবককে উদ্ধার করে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক একজনের অবস্থা আশঙ্কা জনক দেখে জি বি হাসপাতালে সানান্তর করেছে। ঘাতক গাড়ির চালক ঘটনাসল থেকে পালিয়ে যেতে সক্ষম হয়েছে।

জনৈক দমকলকর্মীর আধিকারিক জানিয়েছেন, শুক্রবার দুপুর ২টা নাগাদ খবর আসে বিশালগড় করইমুড়া বাজারে বোলেরো গাড়ি টিআর ০৭এফ৬১৬৫ নম্বরের একটি বাইকে সজোরে ধাক্কা দেয়।তাতে বাইক চালক ও আরোহী রাস্তায় ছিটকে পড়ে গুরতর আহত হয়েছে। সানীয় মানুষ বিকট শব্দের আওয়াজ শুনতে পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে। সানীয় মানুষ সাথে সাথে বিশালগড় দমকলবাহিনীকে খবর পাঠিয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়ে দমকলকর্মীরা আহত রাকেশ দাস ও গৌতম পালকে বিশালগড় মহকুমা হাসপাতালে ☞ ৬ এর পাতায় দেখুন

উন্নয়ন কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে গুণমান বজায় রাখতে হবে ঃ খাদ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। জিরানীয়া মহকুমায় বিভিন্ন দপ্তরের যেসমস্ত উন্নয়নমূলক প্রকল্পের কাজ চলছে সেগুলি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। কর্মসূচিগুলি রূপায়ণের ক্ষেত্রে গুণমানও বজায় রাখতে হবে। যেসব এলাকায় এখনও পানীয় জলের সমস্যা রয়েছে সেখানে দ্রত সমস্যার সমাধান করে পানীয় জলের সংযোগ পৌঁছে দিতে হবে।

আজ জিরানীয়া মহকুমা শাসকের কার্যালয়ের কনফারেন্স হলে এক পর্যালোচনা সভায় খাদ্য, পরিবহণ ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। জিরানীয়া মহকুমা ভিত্তিক এই পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন জিরানীয়া প'ায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া নগরপ'ায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুক্লদাস, ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, মহকুমা শাসক শান্তির'ন চাকমা, মহকুমা পুলিশ আধিকারিক হিমাদ্রী প্রসাদ দাস, জিরানীয়া ব্লকের বিডিও সমিত কুমার দাস, সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। ☞ ৬ এর পাতায় দেখুন

পশ্চিমবঙ্গে ভোটে খুন-সন্ত্রাসকে ধিক্কার জানিয়ে আগরতলায় মিছিল সিপিএমের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। পশ্চিমবঙ্গে ভোট সন্ত্রাসের বিরুদ্ধে আজ আগরতলায় বিক্ষোভ মিছিল করল সিপিএম। মেলার মাঠ থেকে মিছিল শুরু হয়। শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে মিছিল শেষ হয় আগরতলার প্যারাডাইস চৌমুহনীতে। এই মিছিলে হাটে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার পবিত্র কর ঝর্ণা দাস বৈদ্য নেতৃবৃন্দ।

আগরতলায় মিছিলের পর প্যারাডাইস চৌমুহনীতে সভায় সিপিএমের পলিটব্যুরো সদস্য তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার অভিযোগ করেন, পশ্চিমবঙ্গে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন জালিয়াতির ভোট হয়েছে। ভোটের অধিকার হরন করা হয়েছে। আমাদের সংবিধানে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে নির্বাচনী গণতন্ত্র। কিন্তু পশ্চিমবঙ্গের মাটিতে প্রকৃত অর্থে গণতন্ত্র ধংস করা হয়েছে। তৃণমূল কংগ্রেস বিরোধী দলগুলির প্রার্থী , সমর্থকরা আক্রান্ত। ভোট শান্তিপূর্ণভাবে হতে ☞ ৬ এর পাতায় দেখুন

রাজ্য প্রশাসনে শীর্ষ স্তরে দুই আধিকারীকের পুনঃনিযুক্তি

নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৪ জুলাই।। রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে প্রধান সচিব হিসাবে পুনরায় নিযুক্তি পেয়েছেন আইএএস (অবসরপ্রাপ্ত) ড, দেবাশিস বসু। এছাড়া তথ্য সংস্কৃতি দপ্তর , যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরে দায়িত্বপ্রাপ্ত সচিব পদে পুনরায় নিযুক্ত পেলেন আইএএস(অবসরপ্রাপ্ত)প্রদীপ চক্রবর্তী। তিনি জি এ দপ্তর এবং মুখ্যমন্ত্রী অতিরিক্ত সচিবের দায়িত্ব সামলাচ্ছে। রাজ্য সরকারের অতিরিক্ত সচিব মোহাম্মদ এইচ রহমানের গতকাল স্বাক্ষরিত নোটিফিকেশন বের হয়। তাতে উল্লেখ রয়েছে শুক্রবার অর্থাৎ ১৪ জুলাই থেকে তাদের এই নিযুক্তি কার্যকর হবে আগামী ছয় মাসের জন্য চুক্তিভিত্তিতে। বিজ্ঞপ্তিতে একথা উল্লেখ রয়েছে।

ভারতের মতো বড় দেশে সমবায় আন্দোলনকে পুনরুজ্জীবিত করা খুবই গুরুত্বপূর্ণ ঃ অমিত শাহ

নয়াদিল্লি, ১৪ জুলাই (হি.স.)।। ভারতের মতো একটি বড় দেশে, যেখানে ৬৫ কোটি কৃষক এবং সংযুক্ত জনসংখ্যা, তাই সমবায় আন্দোলনকে পুনরুজ্জীবিত করা, এগিয়ে নিয়ে যাওয়া, স্বচ্ছ করা এবং সমবায় আন্দোলন নতুন উচ্চতায় পৌঁছেছে তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। বললেন কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ।

শুক্রবার নতুন দিল্লিতে প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি (পিএসিএস) কৃষক উৎপাদক সংস্থা (এফপিও) হিসাবে জাতীয় মেগা কনক্লেভে কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন, 'নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী হওয়ার পর কৃষকদের কল্যাণ ও সমৃদ্ধির জন্য বেশ কিছু পদক্ষেপ নিয়েছিলেন। এ রকম একটি পদক্ষেপ ছিল কৃষক উৎপাদক সংস্থা (এফপিও)।

কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ আরও বলেছেন, 'আগামী দিনগুলিতে, আরও বেশি সংখ্যক প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটিকে কৃষক উৎপাদক সংস্থা-এর দিকে ঝুঁকতে হবে। যদি প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি, কৃষক উৎপাদক সংস্থা-তে যেতে ☞ ৬ এর পাতায় দেখুন

হেপাজত থেকে পলাতক নেশা পাচারকারীকে আটক করে মান রাখল ধর্মনগর থানার পুলিশ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ জুলাই।। পুলিশের হাত থেকে পলাতক এক গাঁজা পাচারকারী, সারারাত তল্লাশি চালিয়ে পলাতক আসামীকে গ্রেফতার করে মান রাখলো ধর্মনগর থানার পুলিশ।উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী যতই সক্রিয় হোন না কেন একাংশ পুলিশ অফিসারদের অবহেলায় থানা গুলি এখনো শুধরে উঠতে পারেনি। একের পর এক ত্রুটিপূর্ণ কাজ ধরা পড়ছে জনসমক্ষে। যদিও থানা বাবুরা ত্রুটি ঢাকতে নাছোড়বান্দা হয়ে চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এবার পুলিশের হেফাজত থেকে এক এনডিপিএস মামলার আসামি পালিয়ে গেলে পুলিশ পুনরায় পলাতক আসামীকে গ্রেফতার করে মান রাখে।

উল্লেখ্য, বৃহস্পতিবার গভীর রাতে ধর্মনগর থানা মাদক বিরোধী অভিযান চালায়। এতে পুলিশ ধর্মনগর রেল স্টেশন এলাকা থেকে দুজন বহিঃ রাজ্যের গাঁজা কারবারীকে ত্রিশ কেজি শুকনো গাঁজা সহ গ্রেপ্তার করে। ধৃতরা যথাক্রমে দিলখুস কুমার এবং নিরাজ কুমার। দুজনের বাড়ি বিহারের সমস্তিপুর জেলায় বলে জানা গেছে। এদিকে ঘটনাস্থল থেকে ধৃতদের থানায় নিয়ে আসলে গাড়ি থেকে নামতে গিয়ে পুলিশের হাত থেকে দিলখুস কুমার নামে গাঁজা পাচারকারী পালিয়ে যায়। অবশেষে আদাজল খেয়ে এদিন সারারাত্র জুড়ে চলে পুলিশের তল্লাশি। পরবর্তীতে এদিন ভোরের দিকে পলাতক ঐ আসামীকে গ্রেফতার করে মান বাঁচায় পুলিশ।

অপরদিকে ঘটনার সত্যতা নিশ্চিত করে মহকুমা পুলিশ আধিকারিক দেবাশীষ সাহা জানান, গোপন ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ২৭১ ▫ ১৫ জুলাই ২০২৩ ইং ▫ ২৯ আষাঢ় ▫ শনিবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

চিনকে কড়া বার্তা দেয় বাইডেন

ভারতের সার্বভৌমত্ব ও অখণ্ডতার পক্ষেই সায় দিয়াছে আমেরিকা। সেলেটে এ বিষয়ে একটি প্রস্তাব পাস করিয়াছে মার্কিন সরকার। এই ধরনের পদক্ষেপ ভারতের পক্ষে যথেষ্ট সহায়ক। তাহাতে ভারতের মনোবল আরো চাঙ্গা হইয়াছে।অরুণাচল ভারতের অবিচ্ছেদ্য অংশ , এই মর্মে আমেরিকার কংগ্রেসের উচ্চকক্ষ সেনেটে একটি প্রস্তাব পাশ হইয়াছে। প্রেসিডেন্ট জো বাইডেন সরকারের এই উদ্যোগ 'তাৎপর্যপূর্ণ' বলিয়া মনে করিতেছেন কূটনীতিবিদদের একাংশ। জুন মাসেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমেরিকা সফর, আর তাহার এক সপ্তাহের মধ্যে এই প্রস্তাব পাশ নজর কাড়িয়াছে।প্রধানমন্ত্রী মোদির আমেরিকা সফরের আগে বিশ্বের ভূকৌশলগত পরিস্থিতির কথা মনে করাইয়া দিয়া চিনকে কড়া বার্তা দেয় বাইডেন সরকার। লাদাখে চিনা সেনার এবং ইউক্রেন দখলের জন্য রাশিয়ার হামলাকে একই পংক্তিতে বসানোর বার্তা দিয়া ভারতকে বুঝাইয়া দেওয়া হয়, ওয়াশিংটন পাশে রহিয়াছে। এই আবহে সেনেট কমিটিতে নতুন প্রস্তাব পাশের ঘটনা বিশেষ উল্লেখযোগ্য বলিয়া মনে করা হইতেছে। সেনেটর জেফ মার্কলে, বিল হ্যাগারটি, টিম কেইন এবং ক্রিস ভ্যান হোলেনের উত্থাপন করা ওই প্রস্তাবে বলা হইয়াছে, "অরুণাচল প্রদেশ যে ভারতের অবিচ্ছেদ্য অংশ, সে বিষয়ে আমেরিকার অবস্থান অনমনীয়। গণপ্রজাতন্ত্রী চিন ওই ভারতীয় প্রদেশের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর শান্তি বিঘ্নিত করিতে যে আগ্রাসী মনোভাব দেখাইতেছে আমেরিকা তাহার নিন্দা করিয়াছে।" এমনকি, অরুণাচলের একাংশ চিনা সেনা জবরদখল করিয়াছে বলিয়াও ওই প্রস্তাবে অভিযোগ করা
হইয়াছে।গত কয়েক বছরে একাধিক বার উত্তর-পূর্বাঞ্চলে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা লাগোয়া তাওয়াংয়ে দুই সেনার সংঘাতের আবহ তৈরি হইয়াছে।। নয়াদিল্লির আপত্তি উড়াইয়া অরুণাচলের ১১টা এলাকার নতুন নামকরণ করিয়াছে চিনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সরকার। এই আবহে আমেরিকার সেনেটের কমিটিতে গৃহীত এই প্রস্তাবের যথেষ্ট গুরুত্ব রহিয়াছে বলিয়া মনে করিয়াছেন কূটনীতিকদের একাংশ।

ফ্রান্সেও এবার ইউপিআই, বিশ্বে জনপ্রিয় হচ্ছে ভারতের এই ডিজিটাল পেমেন্ট সিস্টেম

প্যারিস ও নয়াদিল্লি, ১৪ জুলাই (হি.স.): এবার ফ্রান্সেও ব্যবহার করা যাবে ইউপিআই। ভারতের এই ডিজিটাল পেমেন্ট সিস্টেম জনপ্রিয় হচ্ছে বিশ্বের নানা প্রান্তে। সেই কথা মাথায় রেখে ফ্রান্স সফরে গিয়ে বড় ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতিবার রাতে (ভারতীয় সময় অনুযায়ী) প্যারিসে প্রবাসী ভারতীয়দের এক অনুষ্ঠানে মোদী ঘোষণা করেছেন, ফ্রান্সে ইউপিআই বা ইউনিফাইড পেমেন্টস সিস্টেম ব্যবহার করা যাবে। এই বিষয়ে ফ্রান্সের সঙ্গে চুক্তি হয়েছে ভারতের।

মোদী জানিয়েছেন, আগামী দিনে ফ্রান্সেও এই ইউপিআইয়ের মাধ্যমে ভারতীয় মুদ্রায় পেমেন্ট করা যাবে। শুরুটা হবে আইফেল টাওয়ার দিয়ে। ফ্রান্সের আগে সংযুক্ত আরব আমিরশাহি, ভুটান, নেপাল এই ইউপিআই সিস্টেমকে গ্রহণ করেছে। মোদী জানান, প্যারিসের আইফেল টাওয়ারে চালু হচ্ছে ফ্রান্সের প্রথম ইউপিআই।...ইউপিআই ব্যবস্থা গ্রহণ করছে ফ্রান্স। আগামী দিনে আইফেল টাওয়ারে তা চালু হবে। এর ফলে সুবিধা পাবেন ভারতীয় পর্যটকেরা।"

প্রবাসী ভারতীয়দের উদ্দেশে বক্তৃতার সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আরও জানিয়েছেন, এটা সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, ফ্রান্সে মাস্টার্স করা ভারতীয় পড়ুয়াদের ৫ বছরের দীর্ঘমেয়াদী পোস্ট-স্টাডি ভিসা দেওয়া হবে।' এই সিদ্ধান্তের ফলে ফ্রান্স অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা উপকৃত হবেন।

হাওড়ায় তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষে চলল বোমাবাজি, পরিস্থিতি নিয়ন্ত্রণে র‍্যাফ

হাওড়া, ১৪ জুলাই (হি. স.) : পঞ্চায়েত ভোট মিটতে না মিটতেই তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে গণ্ডগোলকে কেন্দ্র করে রণক্ষেত্র হয়ে উঠল হাওড়ার শ্যামপুর। বৃহস্পতিবার রাতের এই ঘটনায় বোমাবাজি, ইঁট বৃষ্টির পাশাপাশি বাড়ি ভাঙচুরের অভিযোগ ওঠে উভয় পক্ষের বিরুদ্ধে। পরে শ্যামপুর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। নামানো হয় র‍্যাফ। ঘটনায় ১৩ জনকে আটক করেছে শ্যামপুর থানার পুলিশ।

জানা গিয়েছে, হাওড়ার শ্যামপুরের ১ নম্বর ব্লকের বেলাড়ির বেতবেড়িয়ায় তৃণমূলের নব্য ও পুরনোদের দ্বন্দ্ব দীর্ঘদিনের। সেই অশান্তিই বিরাট আকার নিল বৃহস্পতিবার রাতে। অভিযোগ, এদিন নতুন ও পুরাতন দুই গোষ্ঠীর দুই নেতা শেখ মইদুল ও শেখ বক্তিয়ারের মধ্যে গণ্ডগোল বেঁধে যায়। এলাকার মানুষ কিছু বুঝে ওঠার আগেই বোমাবাজি ও ইট বৃষ্টি শুরু হয়ে যায় দু'পক্ষের। চলে বাড়ি ভাঙচুর, ছোঁড়া হয় অ্যাসিডের বোতল। রণক্ষেত্রের চেহারা নেয় এলাকা। খবর পেয়ে উলুবেড়িয়ার এসডিপিওর নেতৃত্ব ঘটনাস্থলে যায় বিশাল পুলিশ বাহিনী। নামানো হয় র‍্যাফ। গভীর রাত পর্যন্ত ধড়পাকড়। ঘটনায় ইতিমধ্যে ১৩ জনকে আটক করেছে শ্যামপুর থানার পুলিশ। এলাকা থমথমে। পুলিশ মোতায়ন করা হয়েছে এলাকায়।

প্রবল বৃষ্টিতে ভাঙল চরতোর্ষা ডাইভারশন

ফালাকাটা, ১৪ জুলাই (হি. স.) : প্রবল বৃষ্টিতে এবার ভাঙল নির্মীয়মাণ মহাসড়কের চরতোর্ষা ডাইভারশন। বৃহস্পতিবার বিকেলে জলে ডুবে যায় এই ডাইভারশন। শুক্রবার সকালে চরতোর্ষা নদীর জলস্তর কিছুটা কমতেই ডাইভারশনের কঙ্কালসার চেহারা প্রকট হয়। গত বুধবারই বুড়িতোর্ষা ডাইভারশন ভেঙেছে।শুক্রবার থেকেই শুরু হল কলেজের পরীক্ষা। তাই কালীপুর, বংশীধরপুর, শিশাগোড় সহ বিস্তীর্ণ এলাকার পড়ুয়াদের এদিন চরম ভোগান্তিতে পড়তে হল। কারণ বুড়িতোর্ষা ও চরতোর্ষা ডাইভারশন ভেঙে যাওয়ায় ফালাকাটা-আলিপুরদুয়ার পুরোপুরি বিচ্ছিন্ন। সড়ক পথে যান চলাচল বন্ধ। বংশীধরপুরের পড়ুয়াদের একাংশ ফালাকাটা কলেজে পড়েন। এদিন সকাল সাড়ে দশটা থেকে কলেজে পরীক্ষা শুরু হয়। এজন্য ওই পড়ুয়ারা আড়াই-তিন ঘণ্টা আগেই বাড়ি থেকে বের হন।ভাঙাচোরা চরতোর্ষা ডাইভারশন কোনওভাবে হেঁটে পার হয়ে পড়ুয়াদের অটো, টোটোর মতো ছোট গাড়িতে করে কলেজে আসতে হয়। যদিও নদীর জল আরও কিছুটা কমলেই দুটি ডাইভারশন দ্রুত সারাই করা হবে বলে জাতীয় সড়ক কর্তৃপক্ষ জানিয়েছে।

পুনেতে কাপড়ের কারখানার গোডাউনে আগুন, ঘটনাস্থলে দমকলের ১৫টি ইঞ্জিন

পুনে, ১৪ জুলাই (হি. স.) : মহারাষ্ট্রের পুনের ইয়েওয়ালেওয়াড়ি এলাকায় কাপড়ের কারখানায় ভয়াবহ আগুন। ঘটনাস্থলে পৌঁছোয় দমকলের প্রায় ১৫টি ইঞ্জিন। শুক্রবার সকালে কাপড়ের কারখানার গোডাউনে আগুন লাগে।আগুন লাগার পরই ওই কারখানা থেকে ঘন কালো ধোঁয়া বের হতে দেখা যায়। কীভাবে আগুন লাগল, তা স্পষ্ট নয়। এখনও পর্যন্ত এই ঘটনায় কারও হতাহতের খবর পাওয়া যায়নি। আপাতত যুদ্ধকালীন তৎপরতায় আগুন নেভানোর চেষ্টা চলছে। তবে, কাপড়ের গোডাউন হওয়ায় দ্রুত আগুন ছড়িয়ে পড়ছে। দমকলের আধিকারিকরা জানিয়েছেন, আগুন নিয়ন্ত্রণে আনাই তাঁদের প্রথম লক্ষ্য।

চন্দ্রগ্রহণ ও সূর্যগ্রহণ কেন হয় ?

তানজির আহমেদ

পৃথিবীর নিত্যসঙ্গী চাঁদ। একমাত্র উপগ্রহ। তবে চাঁদের নিজের কোনো আলো নেই। নেই পৃথিবীরও। আলো আসে সূর্য থেকে। পৃথিবী যখন সূর্য আর চাঁদের মাঝখানে থাকে, তখন চাঁদের ওপর পৃথিবীর ছায়া পড়ে। ফলে পুরোটা চাঁদ বা এর কিছু অংশ পৃথিবী থেকে আর দেখা যায় না। এটাই চন্দ্রগ্রহণ। আর চাঁদ যখন পৃথিবীর চারদিকে ঘুরতে ঘুরতে সূর্য আর পৃথিবীর মাঝাখানে চলে আসে, তখন সূর্যের আলো আর পৃথিবীতে এসে পৌঁছাতে পারে না। এটাই সূর্যগ্রহণ। শুনে সহজ মনে হলেও বাস্তবে বিষয়টা এত সহজ নয়। এর মধ্যে কিছু 'কিন্তু' আছে। বিষয়টা ভালোভাবে বোঝা যাবে একটা উদাহরণের কথা ভাবলে।

ধরা যাক, আজ পূর্ণিমা। এর মানে হচ্ছে সূর্য, পৃথিবী ও চাঁদ মোটামুটি একটি সরলরেখায় আছে। আর চাঁদের পুরো অংশটাই সূর্যের আলো প্রতিফলিত করছে পৃথিবীর বুকে। চাঁদ ২৭.৫ দিনে পৃথিবীকে একবার প্রদক্ষিণ করে। সে হিসাবে সাড়ে ২৭ দিন পরে আর একটি পূর্ণিমা হওয়ার কথা। কিন্তু সেটা হয় না। প্রশ্ন হলো, কেন? কারণ সেই সময়ে পৃথিবী তার কক্ষপথ ধরে এগিয়ে যায়। তাই সূর্য, পৃথিবী ও চাঁদকে একটি সরলরেখায় আনতে আমাদের অপেক্ষা করতে হয় পুরো দুটো দিন। চাঁদ তার কক্ষপথে আরেকটু এগোতে, আর পৃথিবীর পেছনে সূর্যের সঙ্গে একটি সরলরেখায় চলে আসতে, অর্থাৎ একটি পূর্ণ চন্দ্রমাস হতে সময় লাগে ২৯.৫ দিন। তাহলে বিষয়টা আসলে কী দাড়াচ্ছে?

সূর্যের ব্যাস চাঁদের ব্যাসের চেয়ে প্রায় ৪০০ গুণ বড়।

চাঁদ প্রতি ২৯.৫ দিনে একবার সূর্য ও পৃথিবীর মাঝে চলে আসে। তার মানে, প্রতি ২৯.৫ দিনে সূর্য, পৃথিবী ও চাঁদ এক সরলরেখায় থাকলে তো চন্দ্রগ্রহণ হওয়ার কথা, তাই না? কিন্তু আমরা জানি, বাস্তবে এমনটা হয় না। প্রশ্ন হলো, কেন? কিংবা প্রতি ২৯.৫ দিনে অমাবস্যার সময় কেন সূর্যগ্রহণ হয় না? চাঁদের ছায়া পৃথিবীর ওপরেই-বা পড়ে না কেন? রহস্যটা এখানেই। সূর্যকে পৃথিবীটা যে সমতলে প্রদক্ষিণ করে, সেটাকে বাংলায় বলে অয়ন বৃত্ত। চাঁদ কিন্তু সেই একই সমতলে পৃথিবীকে প্রদক্ষিণ করে না। চাঁদের কক্ষপথ সূর্যের চারিদিকে পৃথিবীর অয়নবৃত্তের সঙ্গে পাঁচ ডিগ্রি কোণ করে আছে। এই পাঁচ ডিগ্রি পার্থক্যের জন্য চাঁদ সবসময় পৃথিবী ও সূর্যের সঙ্গে এক সরলরেখায় থাকে না। পৃথিবী থেকে দেখলেচাঁদ কখনো সূর্যের নিচে, আবার কখনো সূর্যের ওপরে থাকে। একপাক ঘুরে আসার সময় চাঁদের কক্ষপথ অয়নবৃত্তকে দুবার ছেদ করে। এই ছেদবিন্দুগুলোকে বলা হয় চন্দ্রযোগ। আর এই চন্দ্রযোগের সময় সূর্য, পৃথিবী ও চাঁদ চলে আসে এক সরলরেখায়। শুধু এ সময়ই হতে পারে গ্রহণ। অর্থাৎ এই ঘটনা বা মহাকর্ষীয় রেখায় আসার ঘটনা ঘটে বছরে দুই বারের মতো। সূর্যের ব্যাস চাঁদের ব্যাসের চেয়ে প্রায় ৪০০ গুণ বড়। আবার পৃথিবী থেকে সূর্যের দূরত্বও পৃথিবী থেকে চাঁদের দূরত্বের প্রায় ৪০০ গুণ। তাই আমাদের চোখে চাঁদ আর সূর্যের আকার একই মনে হয়। চাঁদের কক্ষপথ বৃত্তাকার নয়, উপবৃত্তাকার। এই কক্ষপথে চাঁদ যখন পৃথিবীর সবচেয়ে কাছে থাকে, তাকে বলা হয় অনুভূ । আর যখন সবচাইতে দূরে থাকে, তাকে বলা হয় অপভূ । এই দূরত্বের কম বেশির জন্যই আমরা কখনো চাঁদকে বড় দেখি, আর কখনো ছোট দেখি। এই ছোট-বড় হওয়ার পরিমান প্রায় ১৪ শতাংশ।

সূর্যগ্রহণ- চাঁদ যদি অনুভূতে থাকে, তাহলে চাঁদকে পৃথিবী থেকে বড় দেখায়। এটা সূর্যকে পুরোপুরি ঢেকে দিতে পারে। তাই একে বলা হয় পূর্ণ সূর্যগ্রহণ। সূর্যগ্রহণ কেমন হবে, সেটার সঙ্গে চাঁদের এই আকারের সম্পর্ক নিগূঢ়। একই সমতলে না থাকার ফলে চাঁদ সূর্যকে পুরোপুরি ঢেকে না দিয়ে সূর্যের তলের আংশিক নিচ বা ওপর দিয়ে যেতে পারে। ফলে তখন চাঁদ, সূর্য ও পৃথিবী এক রেখায় থাকলেও গ্রহণ হয় না। আবার যদি একই সমতলে থাকেকিন্তু চাঁদ যদি ছোট থাকে, তাহলে সেটা সূর্যকে পুরোপুরি ঢাকতে পারে না। ফলে তখন গ্রহণ হলেও চাঁদের চারপাশ থেকে সূর্যের খানিকটা রশ্মি বেরিয়ে আসে। পৃথিবী থেকে এই আলোকে আংটির মতো দেখায়। এর নাম বলয় গ্রাস। আর চাঁদ যদি অনুভূতে থাকে, তাহলে চাঁদকে পৃথিবী থেকে বড় দেখায়। এটা সূর্যকে পুরোপুরি ঢেকে দিতে পারে। তাই একে বলা হয় পূর্ণ সূর্যগ্রহণ। এই গ্রহণ দেখতে হলে আমাদেরকে পৃথিবীর সঠিক স্থানে থাকতে হবে। আলোর গতিপথে কোনো অস্বচ্ছ বস্তু থাকলে বস্তুটির পেছনের অন্ধকারছন্ন অঞ্চলটিকে ছায়া বা প্রচ্ছায়া বলা হয়। প্রচ্ছায়ার চারপাশে একটি কম অন্ধকারাছন্ন স্থান থাকে, যেখানে আলোক উৎসের কিছু অংশ থেকে আলো পৌঁছায়। এই কম অন্ধকারাচ্ছন্ন অঞ্চলটিকে বলে উপচ্ছায়া। এর বাইরে সূর্যকে আর দেখা যায় না। সূর্যগ্রহণ খুবই ক্ষণস্থায়ী। খুব বেশি হলে সাত মিনিট দেখা যায়। আজ থেকে ১০০ কোটি বছর পরে হয়তো পৃথিবী থেকে আর কোনো গ্রহণই দেখা যাবে না।

চাঁদের ওপর পৃথিবীর ছায়ার আকার বেশ বড় হলে পূর্ণ চন্দ্রগ্রহণের সময়কাল বড় হয়। এ সময় পৃথিবীর একটা বড় অংশ থেকে দেখা যায় পূর্ণ চন্দ্রগ্রহণ। চন্দ্রগ্রহণও কিন্তু অনেকটা সূর্যগ্রহণের মতো। তবে এক্ষেত্রে চাঁদ ঢাকা পড়ে পৃথিবীর ছায়ায়। অর্থাৎ পৃথিবী সূর্য ও চাঁদের মাঝখানে থাকার ফলে চাঁদে সূর্যের আলো পৌঁছাতে পারে না। পৃথিবীর যেসব অঞ্চলে এ সময় রাত থাকে, সেসব অঞ্চল থেকেই এই গ্রহণ দেখা যায়। এই গ্রহণ কয়েক ঘন্টাও হতে পারে। ২০২১ সালের নভেম্বরের ১৯ তারিখ ছিল এরকম একটি বিশেষ দিন। সেদিন প্রায় ৬০০ বছরের দীর্ঘতম চন্দ্রগ্রহণ হয়েছিল। এর স্থায়িত্ব ছিল প্রায় ছয় ঘন্টা।

তবে পূর্ণ গ্রহণের সময়ও কখনো কখনো সূর্যের আলোর কিছুটা পৃথিবীর বায়ুমণ্ডলে প্রতিসরিত হয়ে চাঁদে পড়তে পারে। এ সময় চাঁদকে লালচে দেখায়। আমরা যাকে বলি ব্লাডমুন। চাঁদ পৃথিবী থেকে ক্রমেই দূরে সরে যাচ্ছে। এই দূরত্ব যত বাড়বে, চাঁদের ছায়া ও আকারও তত ছোট হতে থাকবে। ধারণা করা হয়, আজ থেকে ১০০ কোটি বছর পরে হয়তো পৃথিবী থেকে আর কোনো গ্রহণই দেখা যাবে না। গ্রহণহীন সেই পৃথিবীতে জোয়ার-ভাটা কেমন হবে?

পৃথিবীর সবচেয়ে ঘাতসহ পদার্থ

উচ্ছ্বাস তৌসিফ

পৃথিবীর সবচেয়ে শক্ত পদার্থ কী? প্রশ্নটা শুনে অনেকের মুখেই বোধ হয় উত্তর চলে এসেছেহীরে! আসলেই, হীরে দারুণ শক্ত এক পদার্থ। আমরা জানি, পৃথিবীর বয়স সাড়ে ৪০০ কোটি বছরের মতো। আর হীরে তৈরি হওয়া শুরু হতেই সময় লাগে ১০০ থেকে ৩৩০ কোটি বছর। এ ছাড়াও লাগে চাপ। প্রচণ্ড চাপ! সেই চাপের মান প্রতি বর্গ ইঞ্চিতে ৮ লাখ ২৫ হাজার পাউণ্ড। বোঝার সুবিধার্থে কেজিতে যদি বলি হিসেবটা, সংখ্যাটা হবে ৩ লাখ ৭৪ হাজার কেজিরও বেশি। মানে, প্রতি ইঞ্চি জায়গার ওপর এতটা ভর দিয়ে চাপ দিতে হবে। শুধু চাপ দিলেই হবে না, তাপও দিতে হবে। প্রায় দেড় হাজার ডিগ্রি সেলসিয়াস তাপ! কার্বনকে এই পরিমাণ চাপ ও তাপের মধ্যে রাখলে সেটা হীরেতে পরিণত হতে শুরু করবে কেবল। এই জিনিস শক্ত হবে না, সে উপায় কই! শুধু শক্ত-ই নয়, কার্বন যথেষ্ট ঘাতসহ পদার্থ। সহজে একে ভাঙা বা কাটা যায় না।

হীরের চেয়ে আরও বেশি ঘাতসহ পদার্থ কার্বনেরই আরেকটি প্রতিরূপ। গ্রাফিন। গ্রাফিন আসলে এক ধরনের ন্যানোগঠন। কার্বনের পরমাণুকে এক স্তরে ষড়ভুজাকারে সজ্জিত করে এই বিন্যাস তৈরি করা হয়। গ্রাফিন কতটা ঘাতসহ, সেটা শুনে নেওয়া যাক একজন বিজ্ঞানীর মুখে।

এই পদার্থটির চাপ সহ্য করার ক্ষমতা প্রতি মিটারে ৪০০-৫০০ মেগাপ্যাসকেল! গ্রাফিনের চেয়ে প্রায় ১০০ গুণ ঘাতসহ এই পদার্থটি আসলে ক্রোমিয়াম, কোবাল্ট ও নিকেলের সংকর যুক্তরাষ্ট্রের লরেন্স বার্কলি ন্যাশনাল ল্যাবরেটরির জ্যেষ্ঠ বিজ্ঞানী ও বার্কলির ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়ার প্রকৌশল বিভাগের অধ্যাপক ও গবেষক রবার্ট রিচি বলেন, 'গ্রাফিন প্রতি মিটারে ৪ মেগাপ্যাসকেল চাপ নিতে পারে। আর উড়োযানে যে অ্যালুমিনিয়ামের সংকর ধাতু ব্যবহার করা হয়, তা প্রতি মিটারে চাপ নিতে পারে ৩৫ মেগাপ্যাসকেলের মতো।' বলে রাখি, অবশ্য সবাই সম্ভবত জানেন, চাপের একক প্যাসকেল। ১ বর্গমিটার ক্ষেত্রের ওপর ১ নিউটন প্রযুক্ত বলের ফলে সৃষ্ট চাপের মান ১ প্যাসকেল। আর মেগাপ্যাসকেল মানে ১০৬ প্যাসকেল।

এইটুকু পড়ে দ্বিধান্বিত হওয়ার কিছু নেই। আসলে, পৃথিবীর সবচেয়ে বেশি ঘাতসহ পদার্থের কথা বলিইনি এখনো! এই পদার্থটির চাপ সহ্য করার ক্ষমতা প্রতি মিটারে ৪০০-৫০০ মেগাপ্যাসকেল! গ্রাফিনের চেয়ে প্রায় ১০০ গুণ ঘাতসহ এই পদার্থটি আসলে ক্রোমিয়াম, কোবাল্ট ও নিকেলের সংকর।

এই সংকর ধাতুটির কথা বিজ্ঞানীরা আগেই জানতেন। জানতেন, এটি দারুণ ঘাতসহ। কিন্তু কতটা ঘাতসহ, এ বিষয়ে তাঁদের সঠিক ধারণা ছিল না। গত ১ ডিসেম্বর সায়েন্স-এ প্রকাশিত এক গবেষণাপত্রে জানা যায়, একদল বিজ্ঞানী এই প্রশ্নের জবাব খুঁজতে শুরু করেন। তাঁরা এটিকে প্রচণ্ড শীতল পরিবেশে রেখে দেখতে চান, কতটা শীতল অবস্থায় এটি ভেঙে পড়তে শুরু করে। কিন্তু গবেষণার ফলাফল দেখে তাঁদের চক্ষু, যাকে বলে, কপালে ওঠার জোগাড়!

ক্রোমিয়াম, কোবাল্ট ও নিকেলের এই সংকর ধাতু আসলে এক ধরনের 'হাই এনট্রপি' সংকর। অন্যান্য সংকরের সঙ্গে এর পার্থক্য আছে। সাধারণত সংকরে একটি ধাতুর পরিমাণ থাকে অনেকটা বেশি। সঙ্গে অন্য ধাতুর সামান্য অংশ মেশানো হয়। কিন্তু 'হাই এনট্রপি' সংকরে সব ধাতু মেশানো থাকে সমান পরিমাণে। এক্ষেত্রে যেমন ক্রোমিয়াম, কোবাল্ট ও নিকেল৩টিই মেশানো হয়েছে সমান পরিমাণে।

ধাতুর বৈশিষ্ট্যই হলো, এটি ঘাতসহ ও নমনীয়। তবু একটা নির্দিষ্ট চাপের মুখে ভেঙে যেতে বাধ্য তো হয়ই। সংকরের ঘাতসহতা ও নমনীয়তা সে তুলনায় বেশি হয়। আর 'হাই এনট্রপি' সংকর প্রচণ্ড (ইংরেজিতে যাকে বলে 'এক্সট্রিম') ঘাতসহ ও নমনীয়। এর কারণ কী? আসলে, ধাতুর পরমাণুগুলোর মধ্যে যা হয়, পরমাণুর সব বিজোড় ইলেকট্রন মুক্ত হয়ে একসঙ্গে ইলেকট্রনসমুদ্রে ঘুরে বেড়ায়। আর আয়নিত ধাতব নিউক্লিয়াস জড়ো হয়ে থাকে একসঙ্গে, ডুবে থাকে সেই ইলেকট্রনসমুদ্রে। এসব নিউক্লিয়াস বা ধাতব আয়ন প্রয়োজনে একে অন্যের থেকে কিছুটা দূরে সরে গেলেও ভেঙে যায় না ধাতববন্ধন। এটিই ধাতুর ঘাতসহতা ও নমনীয়তার কারণ। সংকরের ক্ষেত্রে যেহেতু একাধিক ধাতু একসঙ্গে মিশে থাকে, তাই তাদের এই বন্ধন হয়ে ওঠে আরও শক্তিশালী। কারণ, আয়নিত নিউক্লিয়াসগুলো প্রয়োজনে একে অন্যের থেকে অনেকটা দূরে সরে গিয়েও ডুবে থাকতে পারে ধাতব বন্ধনের মূল কারিগর মুক্ত ধাতব ইলেকট্রনের সমুদ্রে।

সংকরের ঘাতসহ হওয়ার বিষয়টি তো বোঝা গেল। এবার চক্ষু চড়ক গাছ হওয়া সেই এক্সপেরিমেন্টের কথা বলা যাক। পর্যায় সারণিতে এখন ১১৯টি মৌল। এর মধ্যে ৫০টির মতো আমাদের নিত্যব্যবহার্য। বিজ্ঞানীরা প্রথমে ক্রোমিয়াম, কোবাল্ট ও নিকেলের এই সংকরকে মাইনাস ১৯৬ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রার তরল নাইট্রোজেনে ডুবিয়েছেন। লাভ হয়নি। ভাঙার বদলে ওটা আরও বেশি ঘাতসহ আচরণ করতে শুরু করেছে! বিজ্ঞানীরা এরপর ঠান্ডা মাথায় নতুন করে এক্সপেরিমেন্ট ডিজাইন করেছেন। মাইনাস ২৫৩ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রার তরল হিলিয়ামে চুবিয়েছেন এই সংকর। তারপর ওর ওপর নিউট্রন ছুঁড়ে মেরে নিউট্রন বিক্ষেপণ প্রক্রিয়ায় পরীক্ষা করে দেখেছেন, ওতে ফাটল ধরছে কি না। মাইনাস ২৫৩ ডিগ্রি সেলসিয়াস মানে, পরম শূন্যের প্রায় কাছাকাছি। এই তাপমাত্রায় গিয়ে এতে ফাটল ধরেছে। মানে, বলা যায় এই সংকর গ্রাফিনকে একরকম খেলনা প্রমাণ করে ছেড়েছে! বিজ্ঞানীরা আশা করছেন, এই পদার্থ মহাশূন্যে পাঠানো নভোযান থেকে শুরু করে দৈনন্দিন বিভিন্ন যন্ত্রে কাজে লাগানো যাবে। এটি ব্যবহার করে বানানো যাবে হাইড্রোজেন সংরক্ষণাগার। ফলে হাইড্রোজেন জ্বালানী ব্যবহার করে চালানো যাবে পরিবেশবান্ধব গাড়ি। সময় লাগবে অবশ্যই। তবে ভবিষ্যতে এ ধরনের সংকর ব্যবহারের উপযোগিতার কথাও জানা যাচ্ছে এই গবেষণা থেকে। পর্যায় সারণিতে এখন ১১৯টি মৌল। এর মধ্যে ৫০টির মতো আমাদের নিত্যব্যবহার্য। আর এই সংকরটি হলো মাত্র ৩টি ধাতুর মিশ্রণ। তার মানে, ৫টি, ৭টি বা এরকম বেশ কয়টি ধাতুর মিশ্রণে হয়তো বানানো যাবে আরও অনেক বেশি ঘাতসহ পদার্থ। দেখা যাক, বিজ্ঞানীরা কতটা এগোতে পারেন। দেখা যাক, পর্যায় সারণির এসব ধাতুর সংকর আর কী চমক রেখে দিয়েছে আমাদের জন্য। সম্ভাবনা অনেক। এই সম্ভাবনা আমাদের দারুণ ভবিষ্যতের স্বপ্ন দেখায়।

স্বাধীনতার আগেও বিশ্বের ধনীতম ব্যক্তি ছিলেন এক ভারতীয়, গৌরবময় ইতিহাস

বিশ্বদীপ দে: কয়েকদিন আগের কথা। সংবাদমাধ্যমে প্রকাশ পায় একটি সংবাদ। প্রয়াত হয়েছেন হায়দরাবাদের অষ্টম নিজাম মহরম জাহ বাহাদুর। সুদূর তুরস্কের রাজধানী ইস্তানবুলে তাঁর মৃত্যুর খবর নতুন করে মনে করিয়ে দিল ওসমান আলি খানের স্মৃতি। মহরমের ঠাকুরদা ছিলেন ওসমান। একদা তাঁকেই ধরা হত পৃথিবীর ধনীতম ব্যক্তি হিসেবে। যিনি নাকি পেপারওয়েট হিসেবে ব্যবহার করতেন ১ হাজার কোটির হিরে! তাঁর মৃত্যুর পর কেটে গিয়েছে পাঁচ দশকেরও বেশি সময়। কিন্তু আজকের জেফ বেজোস, এলন মাস্ক কিংবা এদেশের আম্বানি-আদানিদের পৃথিবীতেও সম্পদের প্রাচুর্য ও বিস্ময়ে হতবাক করে রেখেছেন নবাব ওসমান। তিনিই হায়দরাবাদের শেষ নিজাম।

তাঁর মোট সম্পত্তির পরিমাণ ছিল ২৩৬ বিলিয়ন ডলার। ভারতীয় মুদ্রায় যা প্রায় ১৮ লক্ষ কোটি টাকা! পরাধীন ভারতের বুকের এই নবাব তাঁর বিত্তে টেক্কা দিয়েছিলেন সেই যুগের প্রবল প্রতাপশালী ব্রিটিশদেরও। তা বলে তাঁকে কিন্তু হাতখোলা মানুষ ভেবে বসলে হবে না। মানুষটি কৃপণ হিসেবেও নাম কুড়িয়েছিলেন ১৯১১ সাল থেকে ১৯৪৮ সাল পর্যন্ত ৩৭ বছর ধরে হায়দরাবাদ শাসন করা নবাব দেশ স্বাধীন হওয়ার সময় যাঁরা ভারতের অংশ হতে চাননি, তাঁদের অন্যতম ছিলেন ওসমান। যাক সে অন্য গল্প। এই লেখা তাঁর ধনপ্রাচুর্য নিয়ে।

ল্যারি কলিন্স ও ডমিনিক ল্যাপিয়ারের লেখা 'ফ্রিডম আট মিডনাইট' গ্রন্থে দাবি করা হয়েছে, ১৯৪৭ সালে নবাব ওসমানের সম্পত্তির পরিমাণ ছিল ১৭.৪৫ লক্ষ কোটি টাকা। যা সেই সময় পৃথিবীর কোনও ব্যক্তির ছিল না। বলা হয়, তাঁর কাছে ছিল সোনার বাসন। এত পরিমাণে বাসন ছিল যে, একসঙ্গে ২০০ লোক বসে সেই বাসনে খাবার খেতে পারতেন। যদিও তিনি নিজে কিন্তু সোনার বা কোনও দামি বাসনে খাবার গ্রহণ করতেন না!

নবাবের বিত্তের মতো তাঁর কৃপণতার গপ্পোও মিথ হয়ে রয়েছে। বলা হয়, তিনি নাকি এমন কৃপণ ছিলেন, কোনও অতিথি তাঁর প্রাসাদে এলে তাঁদের ফেলে যাওয়া সিগারেটের টুকরোতেও নাকি সুখটান দিতেন তিনি। পোশাক আশাকও মোটেই নবাবসুলভ ছিল না। কুঁচকানো বহু ব্যবহৃত পোশাক চড়িয়ে ঘুরে বেড়াতেন তিনি। অথচ তাঁর বৈভব ছিল চোখ ধাঁধানো। রামচন্দ্র গুহর বিখ্যাত বই 'ইন্ডিয়া আফটার গান্ধী'-তেও এই আশ্চর্য বৈপরীত্যের কথা বলা হয়েছে। নবাবের গ্যারেজে একের পর এক গাড়ির লাইন। রোলস রয়েস গাড়ির ছড়াছড়ি। অন্তত ৫০টি রোলস রয়েসের কথা জানা যায়। অথচ এতগুলি গাড়ি থাকা সত্ত্বেও তিনি নাকি ১৯১৮ সালের মডেলের ভাঙাচোরা একটি গাড়ি নিয়ে পথে বেরোতেন।

বেশ সন্দেহবাতিকও ছিল তাঁর। সব সময় ভয় পেতেন, এই বুঝি কেউ বিষ খাইয়ে তাঁকে মেরে ফেলল। আর সেজন্য একজন লোক রাখা ছিল, যিনি তাঁর সব খাবার চেখে দেখতেন। এমন কোনও খাবার তাঁকে পরিবেশনই করা হত না, যেটা সেই ভদ্রলোক একবার চেখে দেখেছেন। এমন ধনসম্পদের প্রাচুর্যের উলটো দিকে তাঁর এই কৃপণতা ও সন্দেহবাতিক স্বভাবের গল্প মিলে তৈরি করেছে আশ্চর্য মিথ।

কিন্তু সন্দেহ নেই তাঁর ধনসম্পদের গল্পই সবচেয়ে বিখ্যাত। সেই গল্পেই ফেরা যাক। যার মধ্যে সবচেয়ে বেশি আলোচিত জ্যাকব হিরে। কোহিনূরের চেয়েও বড় এই হিরেকে নিছকই পেপারওয়েট হিসেবে

ভোটে মাত্র ৮ রাউন্ড গুলি চালায় শূন্যে, হলফনামায় দাবি বিএসএফ কর্তার

কলকাতা, ১৪ জুলাই (হি.স.) : পঞ্চায়েত ভোট নিয়ে হাইকোর্টে আইজি বিএসএফের হলফনামা। "নির্বাচনে ৮ রাউন্ড গুলি চালিয়েছে কেন্দ্রীয় বাহিনী। মুর্শিদাবাদ, নদিয়া, উত্তর দিনাজপুর ও জলপাইগুড়িতে চালানো হয়েছে গুলি। ৮ রাউন্ড গুলিই চালানো হয়েছে শূন্যে। মোট ১১টি এফআইআর দায়ের করেছে কেন্দ্রীয় বাহিনী। কেন্দ্রীয় বাহিনীকে লক্ষ্য করে ছোড়া হয়েছে বোমা ও পাথর।" শুক্রবার হাইকোর্টে হলফনামা দিয়ে এমন্টাই জানালেন আইজি বিএসএফ।

পঞ্চায়েত ভোট হিংসা নিয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ বিএসএফের আইজি এবং রাজ্য নির্বাচন কমিশনের হলফনামা চেয়েছিল আগেই। আদালতের নির্দেশেই কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য প্রশাসন ও রাজ্য নির্বাচন কমিশনের মধ্যে সমন্বয়ের দায়িত্বে ছিলেন বিএসএফের আইজি। বিএসএফ কর্তার অভিযোগ ছিল, বারবার বলা সত্বেও নির্বাচন কমিশন স্পর্শকাতর বুথের তালিকা তাদের কাছে দেয়নি।এমনকী ভোটের দিন ভোরবেলা কেন্দ্রীয় বাহিনী চেয়ে পাঠায়। আদালত এই পরিপ্রেক্ষিতেই বলে বিএসএফের অভিযোগ অত্যন্ত গুরুতর। তারপরেই হাইকোর্ট বিএসএফকে হলফনামা পেশ করতে বলে। সেই মতোই এদিন বিএসএফ ওই হলফনামা পেশ করেছে আদালতের কাছে।

গণনা শেষ হওয়ার আগেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বুধবার নবান্নে সাংবাদিক বৈঠকে অভিযোগ করেন, কেন্দ্রীয় বাহিনী অনেক বুথে অত্যাচার চালিয়েছে। এমনকী কোথাও কোথাও গুলিও চালায়। মুখ্যমন্ত্রীর সুরেই শাসকদলের অন্য নেতা মন্ত্রীদের মুখে শোনা গিয়েছে কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে অতিসক্রিয়তার অভিযোগ। শাসকদলের সেই অভিযোগ খণ্ডন করে বিএসএফ এদিন হলফনামায় জানিয়ে দিল, ভোটের দিন কেন্দ্রীয় বাহিনী মাত্র ৮ রাউন্ড গুলি চালিয়েছে, তাও শূন্যে। উল্টে তারাই যে আক্রান্ত হয়েছে, হলফনামায় সে কথাও উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, ভোটের দিন হিংসা নিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী এবং রাজ্যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী পৃথক ভাবে মামলা করেছিলেন। অধীর ওই হিংসার ঘটনায় সিবিআই তদন্তের দাবি করেন। অধীরের মামলার ভিত্তিতেই আদালত বিএসএফ এবং রাজ্য নির্বাচন কমিশনকে হলফনামা পেশ করার নির্দেশ দেয়।

বারাসতে ডেঙ্গিতে মৃত্যু নাবালিকার

বারাসত, ১৪ জুলাই (হি.স.) : বারাসতে ডেঙ্গির বলি এক নাবালিকা। বারাসত পুরসভার ২২ নম্বর ওয়ার্ডের প্রমোদনগরের ঘটনা। বুধবার রাতে আরজিকর হাসপাতালে মৃত্যু হয় সায়নিকা হালদার নামে ওই নাবালিকার। বারাসতে চলতি বর্ষার মরশুমে এই প্রথম ডেঙ্গিতে কোনও মৃত্যুর ঘটনা ঘটল। ঘটনায় পুরসভার বিরুদ্ধে অভিযোগ তুলেছেন স্থানীয়রা।

বারাসত পুরসভার ২২ নম্বর ওয়ার্ডের প্রমোদনগরের বাসিন্দা বছর তেরোর সায়নিকা হালদার তিন-চার দিন আগে জ্বর নিয়ে হাসপাতালে ভর্তি হয়। প্রথমে বারাসত হাসপাতালে ভর্তি করা হলেও শারীরিক অবস্থার অবনতি হলে তাকে আরজিকর হাসপাতালে স্থানান্তরিত করা হয়। বুধবার রাতে হাসপাতালেই মৃত্যু হয় সায়নিকার। বারাসতে চলতি বর্ষার মরশুমে এই প্রথম ডেঙ্গিতে কোনও মৃত্যুর ঘটনা ঘটল। ঘটনায় পুরসভার বিরুদ্ধে অভিযোগ তুলেছেন স্থানীয়রা। তাঁদের দাবি, এলাকার নর্দমা মাঝেমধ্যে পরিষ্কার করা হলেও একাধিক জায়গায় জল জমে থাকে। তার ফলেই ডেঙ্গি ছড়াচ্ছে এলাকায়। নাবালিকার পরিবারের কথায়, সায়নিকার প্রথমে জ্বর হয় তারপর বমি এবং পেটে ব্যথা শুরু হলে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। হাসপাতালে রক্তের নমুনা পরীক্ষার পর ডেঙ্গি ধরা পরে। তারপর বারাসত হাসপাতালে চিকিৎসা শুরু হয়। কিন্তু শারীরিক অবস্থার অবনতি হয়, অবশেষে আরজিকর হাসপাতালে স্থানান্তরিত করা হলে বুধবার রাতেই মৃত্যু হয় ছোট্ট সায়নিকার। এই ঘটনার পরেই তৎপর হতে দেখা যায় বারাসত পুরসভাকে। এলাকায় নর্দমাগুলিতে মশার লাভার মারার কীটনাশক স্প্রে করতে দেখা যায়। এই ঘটনা নিয়ে যথেষ্ট আতঙ্কে রয়েছেন এলাকার মানুষ। হালদার পরিবারের এক প্রতিবেশী বলেন, "ওই বাচ্চা মেয়েটাই এরকম পরিণতি হবে আমরা কেউই ভাবতে পারিনি পাড়ায়। বৃষ্টি হয়নি অনেকদিন। তা সত্ত্বেও যদি এখনই ডেঙ্গির এরকম অবস্থা হয়, তাহলে লাগাতার বৃষ্টি শুরু হলে ডেঙ্গির বাড়বাড়ন্ত কতটা হতে পারে, সেই ভেবেই আতঙ্ক লাগছে।"

যদিও এই বিষয়ে পুরসভার কোনও আধিকারিকের বক্তব্য পাওয়া যায়নি। সাধারণত ডেঙ্গির ঘটনা জুলাই মাসে বাড়তে শুরু করে। যা অব্যাহত থাকে অক্টোবর পর্যন্ত। আর এই কারণেই এই ভরা বর্ষায় আতঙ্কে রয়েছেন সাধারণ মানুষ।

উর্ধমুখী শেয়ার বাজার, ৬৬ হাজার ছাড়াল সেনসেক্স

মুম্বই, ১৪ জুলাই (হি. স.) : চাঙ্গা শেয়ার বাজার। শুক্রবার একদিনে ৫০২ সূচক বেড়ে ৬৬,০৬০.৯০ পয়েন্ট নিয়ে বন্ধ হল সেনসেক্স। আর ১৫০.৭৫ সূচক বেড়ে ১৯,৫৬৪.৫০ পয়েন্ট নিয়ে বন্ধ হয়েছে নিফটি। একদিনেই দুই লক্ষ কোটি টাকারও বেশি লাভ ঘরে তুলেছেন বিনিয়োগকারীরা।

বৃহস্পতিবারই প্রথমবারের মতো সামান্য সময়ের জন্য ৬৬ হাজারের গণ্ডি টপকে গিয়েছিল সেনসেক্স। যদিও তা বেশিক্ষণ থিতু হয়নি। ৬৫ হাজার ৫৫৮ দশমিক ৮৯ সূচক নিয়ে বন্ধ হয়েছিল সেনসেক্স। এদিন সকালে ২১৭ পয়েন্ট বেশি নিয়ে শুরু হয়েছিল লেনদেন। মাঝে কিছুটা নিম্নমুখি হলেও বেলা গড়াতেই ফের উর্ধমুখী সূচক। চওড়া হতে থাকে বিনিয়োগকারীদের মুখের হাসি। ৬৬ হাজারের ঘরের কাছাকাছি দীর্ঘ সময় ধরে ঘোরাঘুরি করতে থাকে সেনসেক্স সূচক। শেষ পর্যন্ত বেলা তিনটের পরে শেয়ারবাজার বন্ধের খানিক আগেই ৬৬ হাজারর গণ্ডি পেরিয়ে যায়। এদিন শেয়ারবাজারের সর্বনিম্ন সূচক ছিল ৬৫,৬১০.৮২ পয়েন্ট। আর সর্বোচ্চ সূচক ছিল ৬৬,১৫৯.৭৯ পয়েন্ট। আগের দিনের চেয়ে ৫০২.১০ পয়েন্ট বেড়ে ৬৬ হাজার ৬০ দশমিক ৯০ সূচকে বন্ধ হয় সেনসেক্স।

এদিন বাজারে তথ্যপ্রযুক্তি সংস্থার শেয়ারগুলি লাভের মুখ দেখেছে। টাটা কনসালটেন্সি সার্ভিসের শেয়ারমূল্য বেড়েছে ৫ শতাংশের বেশি। ইনফোসিস, টেক মাহিন্দ্রা, এলটিআই মাইন্ডট্রি এবং এইচসিএল টেকনোলজিসের শেয়ারও লাভের মুখ দেখেছে। তবে এইচডিএফসি ব্যাঙ্ক ও রিলায়েন্স ইন্ডাস্ট্রিজের শেয়ার লোকসানের মুখে পড়েছে।

শান্তির বাজার মহকুমা শাসকের কার্যালয় পরিদর্শন করলেন মুখ্যমন্ত্রী

শান্তিরবাজার (ত্রিপুরা), ১৪ জুলাই (হি.স.): শান্তির বাজারে বিজেপির সাংগঠনিক আলোচনাসভায় এসে আচমকা শান্তির বাজার মহকুমাশাসকের কার্যালয় পরিদর্শনে ছুটেযান মুখ্যমন্ত্রী প্রফেসার ডাক্তার মানিক সাহা। মুখ্যমন্ত্রী মহকুমা শাসকের কার্যালয়ে গিয়ে বিভিন্ন বিভাগে কর্মরত কর্মীদের সঙ্গে কথাবার্তা বললেন। তার পাশাপাশি মহকুমা শাসকের কার্যালয়ে পরিষেবা নিতে আসা লোকজনদের সঙ্গে কথা বললেন। লোকজনেরা মহকুমাশাসককের কার্যালয় থেকে সঠিক পরিষেবা পাচ্ছেন কিনা তা জানার প্রয়াস করেন।

মুখ্যমন্ত্রী মহকুমা শাসক কার্যালয় পরিদর্শনে অফিসে থাকা কাগজপত্র ফাইলগুলি ধূলায় পরিপূর্ণ হয়ে আছে দেখে মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্যকে মহকুমা শাসকের কার্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখার পরামর্শ প্রদান করেন। অফিস পরিদর্শন শেষে মহকুমা শাসকের কার্যালয়ে থাকা স্ব সহায়ক দলের স্টল পরিদর্শন করেন ও স্ব সহায়ক দলের সদস্যদের সঙ্গে কথা বলেন। মহকুমা শাসকের কার্যালয় পরিদর্শন শেষে তিনি সাংগঠনিক আলোচনাসভায় অংশ গ্রহণ করেন। আজকের এই পরিদর্শনে মুখ্যমন্ত্রীর পাশাপাশি উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং।

আসানসোল সিবিআইয়ের বিশেষ আদালতে অনুব্রতর ভার্চুয়াল শুনানি হল না

আসানসোল, ১৪ জুলাই (হি. স.) : শুক্রবারও আসানসোল সিবিআইয়ের বিশেষ আদালতে ভার্চুয়াল শুনানি হল না গোরু পাচার মামলায় ধৃত তৃণমূল নেতা অনুব্রত মণ্ডল ও তাঁর প্রাক্তন দেহরক্ষী সায়গল হোসেনের। এই নিয়ে দ্বিতীয় দিন আসানসোলে সিবিআইয়ের বিশেষ আদালতে ভার্চুয়াল শুনানি হলোনা গরু পাচার মামলায় ইডির হাতে গ্রেফতার হওয়া অনুব্রত মন্ডল ও সায়গল হোসেনের। পরবর্তী শুনানি হবে আগামী ১০ আগস্ট হবে বলে বিচারক রাজেশ চক্রবর্তী এদিন নির্দেশ দেন।

জানা গিয়েছে, দিল্লির তিহাড়ের ৭ নম্বর সেলের ফোন খারাপ থাকায় এনিয়ে দ্বিতীয়দিন তাঁদের ভার্চুয়াল শুনানি হয়নি। এদিকে পরপর দু'দিন ভার্চুয়াল শুনানি না হওয়ায় আসানসোল সিবিআইয়ের বিশেষ আদালতের তরফে এদিন শুনানি শেষে দিল্লির তিহাড় জেলের সুপারকে একটি মেল পাঠানো হয়। তাতে বলা হয়েছে, ভার্চুয়াল শুনানির বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য।

এদিন সিবিআইয়ের তরফে অনুব্রত মণ্ডল ও তাঁর মেয়ে, সায়গল হোসেন, তাঁর স্ত্রী ও মা, এনামুল হক ও তাঁদের ঘনিষ্ঠদের নামে ও বেনামে একাধিক জমি, বিভিন্ন অ্যাকাউন্টে আর্থিক লেনদেন সহ নতুন তথ্য বিচারকের কাছে জমা দেওয়া হয়। এই প্রসঙ্গে বিচারক রাজেশ চক্রবর্তী সিবিআইয়ের তদন্তকারী বা আইও সুশান্ত ভট্টাচার্য্যের কাছে জানতে চান জমি ও সম্পত্তি কেনাবেচার রেজিস্ট্রারের ভূমিকা খতিয়ে দেখছেন? উত্তরে আইও বলেন, মামলার অন্যদিকের তদন্ত ও হাইকোর্টে একাধিক মামলা থাকায় বিষয়টি দেখা সম্ভব হয়নি। তবে শীঘ্রই তা দেখা হবে?। এই মামলার পরবর্তী শুনানি ১০ আগস্ট হবে বলে জানান বিচারক।

সুখবর, মরশুমের প্রথম ইলিশ উঠল দিঘায়

কাঁথি, ১৪ জুলাই (হি.স.) : বাঙালি মানেই ভোজন রসিক। আর এই মরশুমে সকলেই অপেক্ষায় থাকেন ইলিশের। সেই ভোজনরসিক বাঙালির জন্য সুখবর। দিঘার বাজারে এল প্রচুর ইলিশ। শুক্রবার প্রায় ৪০ থেকে ৫০ টন ইলিশ এসেছে দিঘার মোহনার বাজারে। ইলিশ দেখতে ভিড় জমিয়েছেন সাধারণ মানুষ থেকে শুরু করে পর্যটকেরা।

জানা গিয়েছে, সাত থেকে ১০ দিন আগে ট্রলারগুলি মাছ ধরতে বেরিয়েছিল সমুদ্রে। মাঝ সমুদ্রে ইলশেগুড়ি বৃষ্টি ও ইলিশের অনুকূল আবহাওয়ায় ইলিশ দেখা দিয়েছে বলে বলছেন মৎস্যজীবীরা। বেশ কিছু ট্রলার ইতিমধ্যে দিঘায় এসে ঠেকেছে। শুক্রবার প্রায় ৪০ থেকে ৫০ টন ইলিশ এসেছে দিঘার মোহনার বাজারে। সাইজ ও ওজন যথেষ্ট ভাল। ৫০০ থেকে ৭০০ গ্রাম ইলিশের দাম এখন ৫০০ থেকে ৭০০ টাকা। ৭০০ থেকে এক কেজি ওজনের দাম ৮০০ থেকে ১০০০ টাকা।

আরও ট্রলার সমুদ্রে আছে, সেগুলো ফিরছে। খুব শীঘ্রই রাজ্যের বিভিন্ন বাজারে আমদানি হয়ে যাবে দিঘার সুস্বাদু রূপোলি শস্যের। বিগত তিন বছর ধরে তেমন ভাবে দেখা মিলছিল না, ফলে দাম ছিল চড়া। এবার প্রচুর ইলিশের দেখা মেলায় ভোজনরসিক বাঙালির মুখে হাসি। মনে করা হচ্ছে, দামও থাকবে আয়ত্তেই।

কশনগঞ্জের বাজ পড়ে মৃত ১, জলের তলায় বহু এলাকা

কিশনগঞ্জ, ১৪ জুলাই (হি. স.) : বিহারের কিশনগঞ্জের মিহীনগাঁও গ্রামের মছুয়াটোলিতে বজ্রবিদ্যুৎ সহ প্রবল বৃষ্টিতে বাজ পড়ে মৃত্যু হল ৩০ বছরের এক যুবকের। মৃতের নাম মহম্মদ মজেবুল।পাশাপাশি প্রবল বৃষ্টিতে জলের তলায় কিশনগঞ্জের বহু এলাকা।

প্রবল বৃষ্টিতে জলমগ্ন পুর এলাকার লাইনপাড়া, ধরমগঞ্জ, মাজিয়া, রুইধাসা, সুভাষপল্লি, ডুমুরিয়া সহ বিভিন্ন এলাকা। এখনও পর্যন্ত জল বের করার জন্য পুরসভার তরফে কোনও উদ্যোগ নেওয়া হয়নি বলে অভিযোগ বাসিন্দাদের।

ভোট পরবর্তী হিংসা নিয়ে ফের ফের সরব শুভেন্দু

কলকাতা, ১৪ জুলাই (হি.স.) : ভোট পরবর্তী হিংসা নিয়ে ফের সরব হলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুক্রবার এক টুইটে তিনি দাবি করেন, রাজ্যজুড়ে ফের ভোট পরবর্তী হিংসার বর্বরতা শুরু হয়েছে। হাজার হাজার বিরোধী প্রার্থী, কর্মী এবং বিরোধী দলের সমর্থক এখন আশ্রয়হীন। শুক্রবার সকালে এক টুইটে রাজ্যকে নিশানা করে বিরোধী দলনেতার বক্তব্য,"ফের বাংলাজুড়ে ভোট পরবর্তী হিংসা শুরু হয়েছে। রাজ্যজুড়ে হাজার হাজার বিরোধী প্রার্থী, কর্মী এবং বিরোধী দলের সমর্থক এখন আশ্রয়হীন। অনেকেই প্রাণভয়ে বাড়িছাড়া।" উদাহরণ হিসাবে আমতার এক পঞ্চায়েত প্রার্থী সবংয়ের এক জেলা পরিষদ প্রার্থীর কথা উল্লেখ করেছেন তিনি। বিরোধী দলনেতার অভিযোগ, "বিজেপি-সহঅন্যান্য বিরোধী দলের কর্মীদের স্রেফ পঞ্চায়েত নির্বাচনে অংশ নেওয়ার জন্য অত্যাচার করছে অথচ পুলিশ দেখেও দেখছে না।" শুভেন্দু জানিয়েছেন, বিজেপি রাজ্যজুড়ে বেশ কিছু 'সেফ হোম' তৈরি করেছে ভোট আক্রান্তদের জন্য।

রাতের আঁধারে দুঃসাহসিক চুরি

আগরতলা, ১৪ জুলাই(হি.স.): রাতের আঁধারে হাত সাফাই করল চোরের দল। গতকাল রাতে ভাটি অভয়নগরস্থিত কাঠালঁতলী এলাকার বাসিন্দা মীরা ভৌমিকের ঘরে দুঃসাহসিক চুরি হয়েছে। চোরের দল হানা দিয়ে ১২ ভরি স্বর্ণাংলকার সহ নগদ প্রায় ৫০ হাজার টাকা চুরি করে নিয়ে পালায়। ঘটনাটি প্রকাশ্যে আসতে জনমনে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। বাড়ির মালিক মীরা ভৌমিক জানিয়েছেন, গতকাল রাত আনুমানিক ১২:৩০ টা নাগাদ রাতের খাওয়া দাওয়া সেরে ঘুমিয়ে পড়েছিলেন তিনি। রাত আনুমানিক ২:৩০ টা নাগাদ ঘরে জানলার গ্রিল ভেঙে ঢুকেছিল চোরের দোল। তখন ওই ঘরের বৃদ্ধা মীরা ভৌমিক একাই ঘুমিয়ে ছিলেন। আলমারির তালা ভাঙে ১২ ভরি স্বর্ণালঙ্কার ও নগদ প্রায় ৫০ হাজার টাকা নিয়ে পালিয়েছে চোরের দল বলে জানিয়েছেন তিনি।

বিষ্ণুপুরে পরাজিত বিজেপি প্রার্থীর মৃত্যু

কলকাতা, ১৪ জুলাই (হি. স.) : শুক্রবার মৃত্যু হল দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুরে বিজেপির পরাজিত প্রার্থী ভোলানাথ মণ্ডলের। বিষ্ণুপুর-১ ব্লকের দড়িকাওয়াডাঙা গ্রাম পঞ্চায়েতের ২০৯ নম্বর বুথের বিজেপি প্রার্থী ছিলেন ভোলানাথ মণ্ডল। নিহত ভোলানাথের পরিবারের দাবি, ভোটপর্ব চলাকালীন তাঁর ওপর একাধিকবার হামলা চালায় তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা।

অভিযোগ, ভোটের দিন বুথের কাছে বিষ্ণুপুরের ওই পরাজিত বিজেপি প্রার্থীকে বেধড়ক মারধর করা হয়েছিল। মাথার আঘাত নিয়ে হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। যদিও তৃণমূল নেতৃত্ব নিজেদের বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন। মনোনয়নের পর থেকে দফায় দফায় উত্তেজনা, মারধরের অভিযোগ ওঠে সেখানে। এনিয়ে পঞ্চায়েত ভোট ঘোষণার পর ৩৭ দিনে ৫০ জনের মৃত্যু হল।

ফরাক্কায় হেরোইন সহ গ্রেফতার যুবক

ফরাক্কা, ১৪ জুলাই (হি. স.) : মুর্শিদাবাদের ফরাক্কায় হেরোইন সহ ধৃত এক যুবক। মণিপুর থেকে হেরোইন পাচার করতে এসেছিল ওই যুবক। ধৃতের কাছ থেকে ১ কেজি ২৩১ গ্রাম হেরোইন মিলেছে। যার বাজারমূল্য আনুমানিক এক কোটি টাকা। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম মহম্মদ ইমতিয়াজ শেখ। বাড়ি মণিপুরের থৌবাল মইজিং গ্রামে। বৃহস্পতিবার রাত ১টা নাগাদ এনটিপিসি ফিডার ক্যানেলের ধারে হাসপাতাল সংলগ্ন রাস্তা থেকে ওই যুবককে গ্রেফতার করেন এনটিপিসি পুলিশ ফাঁড়ির সাব ইনস্পেকটর পলাশ পাল। তল্লাশি চালাতেই উদ্ধার হয় হেরোইন। শুক্রবার ধৃতকে বহরমপুর আদালতে পাঠানো হয়।

তৃণমূল-সিপিএম সংঘর্ষে উত্তপ্ত গোলসি, জখম ৬

গোলসি, ১৪ জুলাই (হি.স.) : পূর্ব বর্ধমানের গোলসিতে সদ্য নির্বাচিত তৃণমূলের সদস্যকে ছুরি। তৃণমূল ও সিপিএম, কংগ্রেস কর্মদের সংঘর্ষে উত্তপ্ত গোলসি। দোকানপাট ভাঙচুরের অভিযোগ। অভিযোগের তীর উভয়পক্ষের বিরুদ্ধে। দুই পক্ষের মোট ছ'জন আহত হয়েছে। এদের মধ্যে আশঙ্কাজনক অবস্থায় চারজনকে ভর্তি করা হয়েছে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে। ভোট পরবর্তী হিংসায় উত্তপ্ত গলসি। হিংসার জেরে ভাংচুর করা হয়েছে বেশ কিছু বাড়ি-ঘর দোকান। লাঠি, রড দিয়ে হামলার অভিযোগ তৃণমূল ও সিপিএম-কংগ্রেস উভয়পক্ষের বিরুদ্ধে। ঘটনায় আহত হয়েছেন দুই পক্ষের মোট ছ'জন। তাঁদের মধ্যে চারজনের অবস্থা আশঙ্কাজনক।

শুক্রবার বেলা ১১ টা নাগাদ আচমকা অশান্তি শুরু হয়। এরপরই এক মহিলা সহ চার সিপিএম সমর্থকের উপর তৃণমূল হামলা চালানো হয় বলে অভিযোগ। পাশাপাশি এই ঘটনায় তৃণমূলের পারাজ গ্রাম পঞ্চায়েত সদস্য জাহাঙ্গির শেখকে ছুরি চালানো হয়েছে। অভিযোগ উঠেছে সিপিআইএম সমর্থকদের বিরুদ্ধে। ঘটনার জেরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে গলসি ১ নম্বর ব্লকের পারাজগ্রাম পঞ্চায়েতের করকডাল গ্রামে। ইতিমধ্যে ঘটনাস্থলে মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশবাহিনী। ঘটনাস্থলে গিয়ে আহতদের উদ্ধার করে পুরসা ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে পুলিশ। সেখানে চারজনের অবস্থার অবনতি হওয়ায় তাঁদের বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

আত্মসম্মানের জন্য লড়াই করার চেতনা রাজস্থানের মানুষের মধ্যে গভীরভাবে প্রোথিত : রাষ্ট্রপতি

জয়পুর, ১৪ জুলাই (হি.স.): আত্মসম্মানের জন্য লড়াই করার চেতনা রাজস্থানের মানুষের মধ্যে গভীরভাবে প্রোথিত। বললেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। শুক্রবার রাজস্থান বিধানসভার সদস্যদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

তিনি বলেন, 'রাজস্থানের জন্য এটা বিশেষ গর্বের বিষয় যে বর্তমান সংসদের উভয় কক্ষের সভাপতিত্ব করছেন রাজস্থান বিধানসভার প্রাক্তন বিধায়করা। উপ-রাষ্ট্রপতি হিসেবে রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনকড় এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা রাজস্থান বিধানসভার সদস্য ছিলেন।' রাষ্ট্রপতি মুর্মু বলেন, 'রাষ্ট্রপতি ভবন নির্মাণে ব্যবহৃত বেশিরভাগ পাথর রাজস্থান থেকেই গিয়েছিল। সুন্দরভাবে রাষ্ট্রপতি ভবন নির্মাণে রাজস্থানের অনেক কারিগরের কঠোর পরিশ্রম এবং দক্ষতা জড়িত।

"জয়পুর কলম" রাষ্ট্রপতি ভবনের আঙিনায় শোভা পাচ্ছে।'

রাষ্ট্রপতি আরও বলেছেন, 'রাজস্থানের প্রেমময় মানুষজন অতিথিকে দেবতা হিসাবে বিবেচনা করার ভারতীয় চেতনার একটি খুব ভাল উদাহরণ উপস্থাপন করে। রাজস্থানের জনপ্রিয় গান "পাধারো মারে দেশ"-এ প্রকাশিত আতিথেয়তার চেতনা এখানকার মানুষজন মানিয়ে নিয়েছে।' রাষ্ট্রপতি বলেন, 'আত্মসম্মানের জন্য লড়াই করার চেতনা রাজস্থানের মানুষের মধ্যে গভীরভাবে প্রোথিত। এই অনুভূতিই রাজস্থানের গৌরবময় ইতিহাসের ভীত। উপজাতি সহ রাজস্থানের সকল সম্প্রদায়ের মানুষ দেশপ্রেমের অনন্য উদাহরণ পেশ করেছে।'

মহারাষ্ট্রে মন্ত্রিত্ব বন্টন : অর্থ ও পরিকল্পনা দফতর পেলেন অজিত, খাদ্য ও নাগরিক সরবরাহ মন্ত্রী ছগন

মুম্বই, ১৪ জুলাই (হি.স.): মন্ত্রিত্ব বন্টন হয়ে গেল মহারাষ্ট্রে। মহারাষ্ট্রের অর্থ ও পরিকল্পনা দফতরের মন্ত্রী করা হয়েছে নবনিযুক্ত উপ-মুখ্যমন্ত্রী অজিত পওয়ারকে। খাদ্য ও নাগরিক সরবরাহ মন্ত্রক পেলেন মন্ত্রী ছগন ভুজবল। বেশ কিছু দিন আগেই মহারাষ্ট্র রাজনীতিতে আলোড়ন ফেলে দেন অজিত পওয়ার। এনসিপি-কে বড়সড় ধাক্কা দিয়ে মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী হন অজিত পওয়ার। মন্ত্রী হিসেবে শপথ নেন ছগন ভুজবল। এবার শুক্রবার মন্ত্রিত্ব বন্টন হয়ে গেল মহারাষ্ট্রে। মহারাষ্ট্রের অর্থ ও পরিকল্পনা দফতরের মন্ত্রী করা হয়েছে নবনিযুক্ত উপ-মুখ্যমন্ত্রী অজিত পওয়ারকে। খাদ্য ও নাগরিক সরবরাহ মন্ত্রক পেলেন মন্ত্রী ছগন ভুজবল।

পাথরের পিলারের সাথে ধাক্কা খেয়ে নিচে পড়ে শ্রমিকের মৃত্যু

যোধপুর, ১৪ জুলাই (হি. স.) : রাজস্থানের ঝালমান্দ এলাকায় কাজ করার সময় এক শ্রমিক পাথরের পিলারের সঙ্গে ধাক্কা খেয়ে নিচে পড়ে যায়। তাকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তার ভাই কুদি থানায় এ বিষয়ে অভিযোগ দায়ের করেছেন।

কুদি পুলিশ জানিয়েছে, জেথারাম আজমিরের রূপনগর হলের নাগনেছায়া স্টোন-এ কাজ করতেন। এদিন কাজ করার সময় পাথরের স্তম্ভের সঙ্গে ধাক্কা খেয়ে নিচে পড়ে যান। গুরুতর আহত অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু তিনি মারা যান। কুদি থানার পুলিশ ময়নাতদন্ত শেষে দেহ পরিবারের কাছে হস্তান্তর করেছে।

কিশনগঞ্জের অ্যাপ্রোচ রোডে ধস, যোগাযোগ বিচ্ছিন্ন

কিশনগঞ্জ, ১৪ জুলাই (হি. স.) : বিহারের পূর্ণিয়া জেলার অমৌর ব্লকের রংরাইয়া লালটোলি গ্রাম থেকে বালুটোলা গ্রামমুখী একটি সেতুর দু'দিকের অ্যাপ্রোচ রোড ধসে যায়।অতিবৃষ্টির জেরে এই অ্যাপ্রোচ রোডে ধসে পড়ে।

জানা গিয়েছে, এই সেতু ও অ্যাপ্রোচ রোড একবছর আগে তৈরি হয়েছিল। বালুটোলা গ্রামের বাসিন্দারা জানান, কয়েকদিন ধরে লাগাতার বৃষ্টির জেরে মহানন্দা নদীর একটি শাখা নদীর ওপর নির্মিত সেতুর অ্যাপ্রোচ রোড ধসে গিয়েছে। সেতু ও অ্যাপ্রোচ রোড নিম্নমানের সামগ্রী দিয়ে তৈরির অভিযোগ ওঠে। এনিয়ে স্থানীয়রা পূর্ণিয়া জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট দফতরের আধিকারিকদের লিখিত অভিযোগ জানান। যদিও এবিষয়ে প্রশাসনের কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। এদিকে অ্যাপ্রোচ রোডে ধসের ফলে পূর্ণিয়া সদর, অমৌর ব্লকের সঙ্গে এই এলাকার বিভিন্ন গ্রামের বাসিন্দাদের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে।

কাজের সন্ধান

কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৪০০ অফিসার নিয়োগ

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে অফিসারপদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি, সি.এ পাশ, অধিক নম্বর ও অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স ঃ ২৫-৩৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র কলকাতা/ গুয়াহাটি, তারিখ কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর হলো — ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ সারা দেশে অফিসার পদে ৪০০ নিয়োগ হচ্ছে ভারত সরকারের অনুমোদিত একটি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে।

দেশে প্রতিষ্ঠিত এধরনের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ৩১-০৩-২০২৩-এর হিসেবে ২৫ থেকে ৩৮-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। (স্কেল-টু পদের ক্ষেত্রে বয়সসীমা ২৫-৩৫ বছর) এসসি/এসটিদের জন্য বয়সের উর্ধ্বসীমায় ৫ বছর, ওবিসিদের জন্য ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী প্রার্থীরা যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত, শ্রবণ-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্ত প্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে প্রচুর সংখ্যক পদ। যেমন, মোট ৪০০টি শূন্যপদের মধ্যে অফিসার ইন স্কেল-টু হিসেবে ৩০০টি। এর মধ্যে ১২২টি পদ রয়েছে অসংরক্ষিত হিসেবে। অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারবেন। এছাড়া, ৪৫টি এসসি, ২২টি এসটি, ৮১টি ওবিসি এবং ৩০টি পদ ইডব্লিওএস অর্থাৎ অর্থনৈতিকভাবে অনগ্রসর প্রার্থীর জন্য সংরক্ষিত রয়েছে। এর মধ্যে আবার শারীরিক প্রতিবন্ধীদের জন্যও রয়েছে ১২টি শূন্যপদ। একইভাবে অফিসার ইন স্কেল-থ্রি হিসেবে ১০০টি শূন্যপদের মধ্যে ৪১টি পদ রয়েছে অসংরক্ষিত হিসেবে। অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারবেন। এছাড়া, ১৫টি এসসি, ৭টি এসটি, ২৭টি ওবিসি এবং ১০টি পদ ইডব্লিওএস অর্থাৎ অর্থনৈতিকভাবে অনগ্রসর প্রার্থীর জন্য সংরক্ষিত রয়েছে। এর মধ্যে আবার শারীরিক প্রতিবন্ধীদের জন্যও রয়েছে ৪টি শূন্যপদ। শূন্যপদের বিশদ বিভাজন ইত্যাদি দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটের বিজ্ঞপ্তিতে। যোগ্যতা - বিএ, বিকম, বিএসসি, বিই, বিটেক, বিবিএ, বিসিএ ... অর্থাৎ যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক হতে হবে। তবে অন্ততপক্ষে ৬০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা হলে এবং অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। এসসি, এসটি, ওবিসি, শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বরে ৫ শতাংশ কম হলেও আবেদন করা যাবে। সিএ বা সিএমএ পাশ করা হলেও আবেদন করা যাবে। আবেদনের আগে বিজ্ঞপ্তির পুরোটা দেখে নেবেন। তবে ব্যাঙ্ক, পিএসইউ, কর্পোরেট সেক্টর, নন্ ব্যাঙ্কিং ফিনান্স কোম্পানি ইত্যাদি যে-কোনও সেক্টরে নির্দিষ্ট বিষয়ে তিন বা ততোধিক (স্কেল-থ্রি পদের ক্ষেত্রে পাঁচ) বছর ধরে কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে ২৫ জুলাইয়ের মধ্যে। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ২৫ জুলাই। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইনে ফি পেমেন্ট করতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমার পরিবর্তে নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট রিসিপ্ট কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট রিসিপ্ট কপি, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড,প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার রিসিপ্ট কপির একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

প্রার্থীবাছাই হবে অনলাইনে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও সাক্ষাৎকারের ভিত্তিতে। অনলাইনে পরীক্ষা হবে অবজেক্টিভ ধরনের। একটিই মূল পরীক্ষা, ১৫০ নম্বরের, প্রশ্ন করা হবে ১৫০টি। সময় ২ ঘন্টা। বিষয়গুলি পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে না। জেনারেল ইংলিশ অংশটুকু ছাড়া প্রশ্ন হবে ইংরিজি/ হিন্দিতে। প্রত্যেকটি অংশে পাশ করতে হবে (অন্তত ৪০ শতাংশ, তফশিলি, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৫ শতাংশ নম্বর)। ত্রিপুরার প্রার্থীদের জন্য চাকরি হতে পারে আগরতলায় অথবা প্রতিবেশি রাজ্যের রাজধানী শহরে। তবে পরীক্ষা দিতে হবে কলকাতা অথবা গুয়াহাটি কেন্দ্রে গিয়ে। অন্যান্য পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে অনলাইনে আবেদনের সময় তা উল্লেখ করতে হবে। অনলাইনে কম্পিউটার ভিত্তিক পরীক্ষার তারিখ ঘোষণা হয়নি। পরীক্ষার নির্দিষ্ট স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে এসএমএস এবং কললেটারের বুকলেটের মাধ্যমে। কল লেটার ডাউনলোড করে নিতে হবে পরীক্ষার ৮-১০ দিন আগে থেকে, নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনএ চিঠি পাঠানো হবে না।

পরীক্ষা ছাড়াই রেলে চাকরির লক্ষ্যে ৩,৬২৪ জন এপ্রেন্টিস

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। সারা দেশ জুড়ে ভারতীয় রেলে এপ্রেন্টিস নিয়োগের জন্য অনলাইনে অথবা ডাকযোগে দরখাস্ত পাঠাতে বলা হয়েছে, মোট শূন্যপদ এই মুহূর্তে প্রায় ১২,০০০ হলেও পশ্চিম রেলওয়েতে ৩,৬২৪টি। শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, অধিক নম্বর এবং আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৫ - ২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ জুলাই, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কললেটারে জানানো হবে। ইচ্ছুক উপযুক্ত প্রার্থীরা ওয়েস্টার্ণ রেলওয়ে বা পশ্চিম রেলের যে-কোনও একটি ক্লাস্টারের উদ্দেশ্যে অনলাইনে দরখাস্ত পাঠাতে পারেন। বিস্তারিত খবর হলো —

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য অনলাইনে আবেদন করতে পারেন পশ্চিম রেল-এর জন্য ২৬ জুলাই-এর মধ্যে। অর্থাৎ অনলাইনে আবেদন করার শেষ তারিখ ২৬ জুলাই। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। একইভাবে একাধিক ডিভিশনেও আবেদন করা যাবে না। অধিকতর পেশগত যোগ্যতা যথা বিই/ বিটেক/ এমবিএ/ এমসিএ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের বিবেচনা করা হবে না। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন ইন্ডিয়ান রেলওয়ের ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। রেলওয়ের জোন অনুযায়ী অনলাইনে আবেদন করার পদ্ধতিও পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থীবাছাই পদ্ধতির বিস্তারিত সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে।

ভারতীয় রেলে চাকরির জন্য এধরনের ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। ভারতীয় রেলে সারা দেশ জুড়ে ট্রেড এপ্রেন্টিস হিসেবে প্রায় ১২,০০০ জনকে বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। ইন্ডিয়ান রেলওয়েতে ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ২৬-০৭-২০২৩-এর হিসেবে ১৫ থেকে ২৪ বছর বয়স হলে আবেদন করতে পারেন।

এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **শর্ট সার্ভিস কমিশন, টেকনিকেল (আর্মি),**
শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য),
শিক্ষাগত যোগ্যতা ঃ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশ,
বয়স ঃ ২০-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ জুলাই,
মেধাভিত্তিক বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ম্যানেজার (অর্থ মন্ত্রক, মাইক্রো ফিনান্স),**
শূন্যপদ ঃ ১৪৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি পাশ,
বয়স ঃ ২১-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ জুলাই,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ক্লার্ক, অফিস অ্যাসিস্ট্যান্ট (ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৪৫৪৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিসিএ/ বিই/ বিটেক ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ জুলাই,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা আগস্ট/ সেপ্টেম্বরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে সমস্ত শহরে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এম.টি.এস (কেন্দ্রীয় সরকার),**
শূন্যপদ ঃ ১৫৫৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ জুলাই,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা সেপ্টেম্বরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, নির্দিষ্ট তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনেশিয়ান, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৭৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ জুলাই,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনিক্যাল স্টাফ (এন.আই.টি),**
শূন্যপদ ঃ ১৪০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুলাই,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ফিল্ড অ্যাসিস্ট্যান্ট (কেন্দ্রীয় মন্ত্রক)**
শূন্যপদ ঃ ২৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি পাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২০ জুলাই,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক)**
শূন্যপদ ঃ ৪০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে ডিগ্রি, সি.এ পাশ, অধিক নম্বর ও অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন।
বয়স ঃ ২৫-৩৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র কলকাতা/ গুয়াহাটি, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (ভারতীয় রেল)**
শূন্যপদ ঃ ৩৬২৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৫-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ জুলাই,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ড্রাইভার, কনস্টেবল (আইটিবিপি),**
শূন্যপদ ঃ ৪৫৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, ড্রাইভিং লাইসেন্স আবশ্যক
বয়স ঃ ২১-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ জুলাই,
বাছাইকৃতদের পরীক্ষা, স্কিল টেস্ট, ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (ডক-ইয়ার্ড),**
শূন্যপদ ঃ ৪৬৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৪-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ জুলাই,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এগ্রি রিসার্চ সার্ভিস (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ২৬০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ পিজি পাশ, পিএইচডি ডিগ্রিপ্রাপ্তরা অগ্রাধিকার পাবেন,
বয়স ঃ ২১-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ জুলাই,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ইলেকশন ইন্সপেক্টর (ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ১৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিসিএ/ বিই/ বিটেক ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, তবে বাংলা/ ককবরক ভাষা জানার বাঞ্ছনীয় যোগ্যতা প্রয়োজন,
বয়স ঃ ১৮-৪০ বছর (কোভিড-১৯ আবহে সরকারি সিদ্ধান্তক্রমে সবার জন্য ২ বছর এবং সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ জুলাই,
বাছাইকৃতদের লিখিত পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ রাজ্যের ৬টি শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

টিপিএসসি পরীক্ষার মাধ্যমে ডিগ্রি পাশদের থেকে ১৬ জন ইলেকশন ইন্সপেক্টর নিয়োগ

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। ত্রিপুরা সরকারের নির্বাচন দপ্তরের অধীনে ইলেকশন ইন্সপেক্টর পদে টিপিএসসি পরীক্ষার মাধ্যমে, নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিসিএ/ বিই/ বিটেক ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, তবে বাংলা/ ককবরক ভাষা জানা সহ কিছু বাঞ্ছনীয় যোগ্যতা প্রয়োজন, বয়স ঃ ১৮-৪০ বছর (কোভিড-১৯ আবহে সরকারি সিদ্ধান্তক্রমে সকলের জন্য ২ বছর এবং সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ জুলাই, বাছাইকৃতদের লিখিত পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ ত্রিপুরার ৬টি শহরে, তারিখ কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর হলো, রাজ্য সরকারের নির্বাচন দপ্তরের অধীনে ইলেকশন ইন্সপেক্টর পদে ত্রিপুরা কম্বাইন্ড কম্পিটেটিভ একজামিনেশন অর্থাৎ প্রতিযোগিতামূলক প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, মূল পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে নিয়োগের জন্য ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশন ৫ জুন, ২০২৩ তারিখে এক বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন। বিজ্ঞপ্তি নং - ০৮/২০২৩। প্রার্থীবাছাই হবে ত্রি-স্তরীয় পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রতিযোগিতামূলক প্রাথমিক বাছাই পরীক্ষা অর্থাৎ প্রিলিমিনারি টেস্ট। এতে সফল হলে মেইন বা মূল পরীক্ষায় বসার সুযোগ পাবেন। মূল পরীক্ষায় সফল হলে পরে ডাকা হবে পার্সোন্যালিটি টেস্টের জন্য। তবে আবেদনের আগে প্রার্থীকে অবশ্যই নির্দিষ্ট বিজ্ঞপ্তির বিস্তারিত দেখে শিক্ষাগত ও বাঞ্ছনীয় যোগ্যতাসহ বয়সের উর্ধ্বসীমা ইত্যাদি দেখে নিতে হবে। এককথায় সামগ্রিক বিষয়ে উপযুক্ত মনে হলেই আগামী ২৮ জুলাই, ২০২৩ তারিখ বিকেল সাড়ে ৫টার মধ্যে কেবলমাত্র অনলাইনে দরখাস্ত জমা করতে পারেন। পরীক্ষার ফি — সাধারণ পরীক্ষার্থীদের জন্য ৩০০ টাকা, তফশিলি জাতি/ উপজাতি ভুক্ত/ বিপিএল কার্ডধারী / শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে, ২৮ জুলাই-এর মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ২৮ জুলাই। বলা বাহুল্য, অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। নির্দিষ্ট একটি ফোন নম্বরও রাখবেন হাতের কাছে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইনে পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি বাবদ নির্দিষ্ট টাকা জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। সাক্ষাৎকারের সময় ডকুমেন্টসের মূল কপি ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। সাক্ষাৎকারের ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্তের ফি বাবদ নির্দিষ্ট টাকা জমা দেবেন নেট ব্যা

চন্দ্রযান-৩ ভারতের মহাকাশ অভিযানে নতুন অধ্যায় লিখেছে : প্রধানমন্ত্রী; উচ্ছ্বসিত অমিত শাহও

নয়াদিল্লি, ১৪ জুলাই (হি.স.): দীর্ঘ প্রতীক্ষার অবসান হয়েছে শুক্রবার দুপুর ২.৩৫ মিনিটে, চাঁদের উদ্দেশে পাড়ি দিয়েছে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)-র চন্দ্রযান-৩। ইসরোর এই সাফল্যে খুশি ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। প্রধানমন্ত্রী শুক্রবার দুপুরে প্যারিসে ছিলেন, সেখান থেকেই টুইট করে তিনি লিখেছেন, 'চন্দ্রযান-৩ ভারতের মহাকাশ অভিযানে নতুন অধ্যায় লিখেছে। এটি প্রত্যেক ভারতীয়ের স্বপ্ন এবং উচ্চাকাঙ্ক্ষাকে উঁচু করে তুলেছে। এই গুরুত্বপূর্ণ অর্জন আমাদের বিজ্ঞানীদের নিরলস নিষ্ঠার প্রমাণ।

আমি তাঁদের চেতনা এবং চতুরতাকে স্যালুট জানাই!'

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ টুইট করে লেখেন, 'চন্দ্রযান-৩-এর সফল উৎক্ষেপণের মাধ্যমে ঐতিহাসিক মহাকাশ যাত্রা শুরু করেছে ভারত। ইসরোর বিজ্ঞানীদের আমার আন্তরিক অভিনন্দন, যাদের অক্লান্ত সাধনা ভারতকে অসাধারণ মহাকাশ অভিযান রচনার পথে চালিত করেছে।' এছাড়াও প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংও শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে কিষাণগঞ্জে এইমস প্রতিষ্ঠার দাবি সাংসদ জাভেদ আজাদের

কিশানগঞ্জ, ১৪ জুলাই (হি.স.) : সাংসদ ডাঃ মো. জাভেদ আজাদ কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডাভিয়ার কাছ থেকে দেরাদুনে অনুষ্ঠিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক পরামর্শক কমিটির বৈঠকে কিষাণগঞ্জে এইমস প্রতিষ্ঠার দাবি জানান।

এটি লক্ষণীয় যে সীমাঞ্চলে স্বাস্থ্যসেবা এবং সুবিধার পরিপ্রেক্ষিতে, কেন্দ্রীয় সরকার কর্তৃক একটি উচ্চমানের হাসপাতাল হিসাবে কিষাণগঞ্জে এইমস নির্মাণের মধ্যে রয়েছে উত্তর দিনাজপুরের কিষাণগঞ্জ, পূর্ণিয়া, আরারিয়া এবং কাটিহার জেলা এবং পশ্চিমবঙ্গের দার্জিলিং জেলাগুলি। সীমাঞ্চল অঞ্চলের অধীনে। কেন্দ্রে কিষাণগঞ্জে এইমস নির্মাণের ফলে প্রায় ১০টি জেলার দরিদ্র ও গুরুতর রোগীরা ব্যাপকভাবে উপকৃত হবে এবং কিষাণগঞ্জের ভূগর্ভস্থ পানির নমুনা পরীক্ষার রিপোর্টে ইউরেনিয়াম এবং আর্সেনিকের মতো বিষাক্ত উপাদানের প্রাপ্যতা নিয়ে উদ্বেগ প্রকাশ করে এমপি , কিষাণগঞ্জে এইমস ও স্বাস্থ্য সুবিধার দাবি তিনি সংসদে তুলে ধরেছেন।

চন্দ্রযান-৩ উৎক্ষেপণ করে মহাকাশ অনুসন্ধানে উল্লেখযোগ্য মাইলফলক চিহ্নিত করেছে ভারত : রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ১৪ জুলাই (হি.স.): চাঁদের উদ্দেশে পাড়ি দিয়েছে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)-র চন্দ্রযান-৩। ইসরোর এই সাফল্যে খুশি ব্যক্ত করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। শুক্রবার টুইট করে রাষ্ট্রপতি জানিয়েছেন, চন্দ্রযান-৩ উৎক্ষেপণ করে মহাকাশ অনুসন্ধানে উল্লেখযোগ্য মাইলফলক চিহ্নিত করেছে ভারত। ইসরো-কে শুভেচ্ছা জানিয়ে রাষ্ট্রপতি লেখেন, ইসরো টিম এবং যারা এই কীর্তি সম্পাদন করার জন্য নিরলসভাবে কাজ করেছেন, তাঁদের সকলকে আন্তরিক অভিনন্দন! এটি মহাকাশ বিজ্ঞান এবং প্রযুক্তিতে অগ্রগতির জন্য দেশের অটল প্রতিশ্রুতি প্রদর্শন করে। চন্দ্র অভিযানের সাফল্যের জন্য আমার শুভেচ্ছা রইল। কাউন্টডাউন শুরু হয়েছিল আগে থেকেই। শুক্রবার ঠিক দুপুর ২টো ৩৫ মিনিটে চাঁদের উদ্দেশে পাড়ি দিল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর চন্দ্রযান-৩। শ্রীহরিকোটার সতীশ ধওয়ান স্পেস সেন্টারের লঞ্চিং প্যাড থেকে চন্দ্রযান-৩ উৎক্ষেপণ করা হয়। এই মুহূর্তের জন্য আগে থেকেই প্রহর গুনছিলেন দেশবাসী। ৪০ দিন পর, আগামী ২৩ থেকে ২৪ অগস্টের মধ্যে চাঁদের বুকে নামতে পারে চন্দ্রযান।

হিমাচলের মান্ডিতে গভীর খাদে পড়ল গাড়ি, মর্মান্তিক মৃত্যু ৫ জনের

মান্ডি, ১৪ জুলাই (হি.স.): হিমাচল প্রদেশের মান্ডি জেলায় নিয়ন্ত্রণ হারিয়ে গভীর খাদে পড়ে গেল যাত্রীবাহী একটি গাড়ি। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৫ জনের, এছাড়াও ওই গাড়িতে থাকা ৪ জন গুরুতর আহত হয়েছেন। বৃহস্পতিবার রাতে দুর্ঘটনাটি ঘটেছে মান্ডি জেলায় সুন্দরনগর-কারসোগ সড়কের ওপর খুশালার কাছে। মৃতদের নাম-লালা রাম (৫০), রূপ লাল (৫৫), সুনীল কুমার (৩৫), গোবিন্দ রাম (৬০) ও মোহনা (৫৫)। সকলের বাড়ি সুন্দরনগরে। শুক্রবার সকালে পুলিশ জানিয়েছে, সুন্দরনগর থেকে আসছিল যাত্রীবোঝাই গাড়িটি। কামরুনাগ মন্দির দর্শনের পর বাড়িতেই ফিরছিলেন তাঁরা। রাতের অন্ধকারে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে খাদে পড়ে যায় গাড়িটি। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৫ জনের ও ৪ জন আহত হয়েছেন, মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

লেকটাউনে দমকল কর্মী খুনে গ্রেফতার ২

দমদম, ১৪ জুলাই (হি.স.) : লেকটাউনে দমকল কর্মী খুনের ঘটনায় ২৪ ঘণ্টার মধ্যে দুই ব্যক্তিকে গ্রেফতার করল লেকটাউন থানার পুলিশ।। ধৃতদের নাম আফরজ আনসারি ও আয়ুষ শর্মা। প্রাথমিক তদন্তের পর পুলিশের দাবি, ব্যক্তিগত শত্রুতার কারণেই এই নৃশংস হত্যাকাণ্ড। যদি গোটা বিষয়টি এখনও স্পষ্ট নয়। চলছে তদন্ত।

বৃহস্পতিবার বিকেলে লেকটাউন গ্রিন পার্ক সারদা পল্লির বাসিন্দা দমকল কর্মী স্নেহাশিস রায় মেয়েকে স্কুল থেকে বাড়ি নিয়ে ফিরছিলেন। সময় ঠিক বাড়ির সামনেই স্নেহাশিস রায়কে লক্ষ্য করে গুলি করে দুষ্কৃতীরা। এরপরে তাঁকে স্থানীয়রা উদ্ধার করে আর জি কর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। ঘটনার তদন্তে নামে লেকটাউন থানার পুলিশ। তদন্ত শুরু করার ২৪ ঘণ্টা পেরনোর আগেই দুই অভিযুক্ত আফরজ আনসারি ও আয়ুষ শর্মাকে গ্রেফতার করে পুলিশ। এছাড়া আরও দুই ব্যক্তিকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর পুলিশের অনুমান, ব্যক্তিগত শত্রুতার কারণেই গুলি করে খুন করা হয়েছে ওই দমকল কর্মীকে। যদিও এখনও পর্যন্ত স্পষ্ট নয়।

প্রসঙ্গত, এর আগেও এই দমকল কর্মীর উপরে হামলা হয়েছিল বলে খবর। দমদমে ফায়ার ব্রিগেড অফিসের সামনে তাঁকে লক্ষ্য করে আগে গুলি করা হয়েছল। সেবার তিনি অল্পের জন্য রক্ষা পান।

জম্মু ও কাশ্মীরে পরিযায়ীদের ওপর হামলা অত্যন্ত দুঃখজনক : গুলাম নবী আজাদ



শ্রীনগর, ১৪ জুলাই (হি.স.): জম্মু ও কাশ্মীরে পরিযায়ী শ্রমিকদের ওপর হামলার তীব্র নিন্দা করলেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও গণতান্ত্রিক প্রগতিশীল আজাদ পার্টির সভাপতি গুলাম নবী আজাদ। তিনি দাবি করেছেন, জঙ্গিরাই এই হামলা চালিয়েছে। একইসঙ্গে গুলাম নবী আজাদ বলেছেন, 'কেন্দ্রের দায়িত্ব নেওয়া উচিত এবং জনগণকে ক্রমাগত এই ধরনের আচরণের নিন্দা করা উচিত।' উল্লেখ্য, জম্মু ও কাশ্মীরে আবারও সন্ত্রাসী হামলার শিকার হয়েছেন পরিযায়ী শ্রমিকরা। বৃহস্পতিবার রাতে দক্ষিণ কাশ্মীরের শোপিয়ান জেলায় ৩ জন পরিযায়ী শ্রমিককে লক্ষ্য করে গুলি চালায় সন্ত্রাসবাদীরা। সকলেই বিহারের সুপৌল জেলার বাসিন্দা। রাত ৮.৪৫ মিনিট নাগাদ শোপিয়ান জেলার গাগরেন গ্রামে সন্ত্রাসীরা তাঁদের লক্ষ্য করে গুলি চালায়। ওই ৩ পরিযায়ী শ্রমিক হলেন-অনমোল কুমার, পিন্টু কুমার ঠাকুর ও হিরালাল যাদব। এই হামলার তীব্র নিন্দা করে শুক্রবার রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও গণতান্ত্রিক প্রগতিশীল আজাদ পার্টির সভাপতি গুলাম নবী আজাদ বলেছেন, 'জম্মু ও কাশ্মীরে অনেক অ-স্থানীয় মানুষজন কাজ করেন... এটা দুর্ভাগ্যজনক যে তাঁদের ওপর হামলা হচ্ছে... এই সবই জঙ্গিরা ঘটিয়েছে... এটা খুবই দুঃখজনক... কেন্দ্রের দায় নেওয়া উচিত এবং জনগণের উচিত ক্রমাগত এই ধরনের আচরণের নিন্দা করা।"

নওশাদকে ভাঙড়ে যেতে পুলিশের বাধা

কলকাতা, ১৪ জুলাই (হি. স.) : আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকিকে ভাঙড়ে যেতে পুলিশের বাধা দেওয়ার অভিযোগ। রাজারহাটে আটকে দেওয়া হল তাঁকে। বেশ কিছুক্ষণ ধরে গাড়িতে বসে ছিলেন বিধায়ক। ঘটনাস্থলে রয়েছে প্রচুর পুলিশ।

পঞ্চায়েত ভোটকে ঘিরে একের পর এক অশান্তির ঘটনা ঘটে চলেছে ভাঙড়ে। মুড়িমুড়কির মতো বোমাবাজি হয়েছে। গিয়েছে প্রাণও। পরিস্থিতি হাতের বাইরে চলে যাওয়ায় ভাঙড়ের নির্দিষ্ট এলাকায় ১৪৪ ধারা জারি করেছে পুলিশ। ভাঙড়ের প্রবেশ পথে নাকা পয়েন্ট করা হয়েছে। নির্দিষ্ট কয়েকজন ছাড়া আপাতত ভাঙড়ে প্রবেশের অনুমতি নেই কারও। শুক্রবার সকালে ভাঙড়ে যাওয়ার উদ্দেশে রওনা দেন নওশাদ সিদ্দিকি। ভোট হিংসায় হতাহতদের পরিবারের সঙ্গে দেখার কথা ছিল তাঁর। কিন্তু রাজারহাটে পুলিশি বাধার মুখে পড়েন তিনি। পুলিশ সাফ জানায়, তাঁকে যেতে দেওয়ার অনুমতি নেই। এদিকে নওশাদকে বাধা দেওয়া নিয়ে চাপা উত্তেজনা ছড়িয়েছে এলাকায়। তাঁর অভিযোগ, প্রশাসনের তরফে পরিকল্পনামাফিক তাঁকে আটকানো হচ্ছে। তাঁর আরও অভিযোগ, রাতে পুলিশ ভাঙড়ে অত্যাচার করছে। এদিকে ভাঙড়ে যাওয়ার অবস্থানে অনড় রয়েছেন বিধায়ক।

নওশাদ বলেন, "আমি বিধায়ক। অনেকে ফেক এমএলএ গাড়িতে লিখে ঘোরে। ফেক এমএলএ বিধানসভায় ঢুকে গিয়েছিল। আমি ফেক নই। আমার আইডি কার্ডও আছে। দেখতে পারেন।"

খড়িবাড়িতে হাতির হানায় ক্ষতিগ্রস্ত ৩টি বাড়ি

খড়িবাড়ি, ১৪ জুলাই (হি. স.): শিলিগুড়ির টুকুরিয়া বনাঞ্চল সংলগ্ন খড়িবাড়ির টেপু জোত এলাকায় দুটি হাতি হামলা চালায়। হাতির হানায় ক্ষতিগ্রস্ত হয়েছে ৩টি বাড়ি। হাতি সাবাড় করে মজুত ধান। ঘটনাটি ঘটেছে শুক্রবার ভোরে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন টুকরিয়া বনাঞ্চল থেকে দুটি হাতি বেরিয়ে এলাকায় তাণ্ডব চালায়। তিনটি বাড়ি তছনছ করে দেয়। খবর পেয়ে ঘটনাস্থলে আসেন শিলিগুড়ি মহকুমা পরিষদের সহকারি সভাধিপতি রমা রেশমি এক্কা এবং বন ও ভূমি কর্মাধ্যক্ষ কিশোরীমোহন সিংহ। কিশোরীমোহন সিংহ জানান, সরকারিভাবে সাহায্য করা হবে। বন দফতরকে বলে মোবাইল পেট্রোলিং ভ্যানের ব্যবস্থা করা হবে। বন দফতর সূত্রে জানানো হয়েছে, ক্ষতিগ্রস্তরা আবেদন করলে সরকারি নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হবে।

বিহার বিধানসভার বাইরে বিক্ষোভ-প্রতিবাদ বিজেপির, সম্রাট বললেন নীতীশ গুন্ডারাজ চালাতে চাইছেন

পাটনা, ১৪ জুলাই (হি.স.): পুলিশের লাঠির আঘাতে বিজেপি কর্মী বিজয় সিংয়ের মৃত্যুর অভিযোগকে ঘিরে ক্ষোভে ফুঁসছে বিহার বিজেপি। দলীয় কর্মীর মৃত্যুর প্রতিবাদে শুক্রবার সকালে বিহার বিধানসভার বাইরে বিক্ষোভ প্রদর্শন করেন বিজেপি বিধাকয়করা। কালা দিবস পালন করা হয় বিজেপির পক্ষ থেকে।

বিহার বিজেপির সভাপতি ও বিধানসভার বিরোধী দলনেতা সম্রাট চৌধুরী বলেন, 'নীতীশ কুমার গুন্ডারাজ চালাতে চাইছেন। তিনি আমাদের জেলে পাঠাতে পারেন, গুলি করতে পারেন অথবা খুনও করতে পারেন, কিন্তু আন্দোলন চলবে।' এদিন বিধানসভার ভিতরে বিক্ষোভ দেখান বিজেপি বিধায়ক সঞ্জয় সিং। তাঁকে মার্শালরা চ্যাংদোলা করে বাইরে বের করে দেন।

সঞ্জয় সিং বলেছেন, 'গতকালের ঘটনার প্রতিবাদ করছিলাম আমি। রাজ্য সরকারের নৃশংসতার কথা বলছিলাম। হঠাৎ, স্পিকার মার্শালদের আমাকে নিয়ে যেতে বলেন এবং তাঁরা আমাকে বিধানসভা ভবন থেকে বের করে দিল... এই সরকার আমাদের বিধানসভা ভবনে অথবা রাস্তায় কথা বলতে দিচ্ছে না... তারা বিহারে জরুরি অবস্থা জারি করেছে।

ভাতারে বেপরোয়া অ্যাম্বুল্যান্স প্রাণ কাড়ল তিন জনের

বর্ধমান, ১৪ জুলাই (হি. স.) : পূর্ব বর্ধমানের ভাতারের নতুনগ্রাম এলাকায় বর্ধমান-বোলপুর ২বি জাতীয় সড়কে ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত্যু হল তিনজনের। জখম হয়েছেন আরও পাঁচজন। শুক্রবার দুপুরে দুর্ঘটনাটি ঘটেছে। জখমদের উদ্ধার করে বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, এদিন দুপুরে রামপুরহাট হাসপাতাল থেকে রেফার হওয়া রোগী নিয়ে একটি অ্যাম্বুল্যান্স বর্ধমান মেডিকেল কলেজ ও হাসপাতালে যাচ্ছিল। সেই সময় ভাতারের নতুনগ্রাম সংলগ্ন এলাকা আসতেই বেপরোয়া গতিতে থাকা অ্যাম্বুল্যান্সটি নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে একটি বাইক ও সাইকেল আরোহীকে ধাক্কা মারে। পরে দুই পথচারীকে পিষে দিয়ে রাস্তার পাশে গিয়ে উলটে যায় অ্যাম্বুল্যান্সটি। দুর্ঘটনায় অ্যাম্বুল্যান্সে থাকা রোগী সহ মৃত্যু হয় সাইকেল ও বাইক আরোহীর। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতরা হলেন, অ্যাম্বুল্যান্সে থাকা রোগী অনন্ত লেট(৭০), সাইকেল আরোহী তাপস ঘোষ(২৬) এবং বাইক আরোহী আব্দুল রহিম(৩০)। তাপস ঘোষের বাড়ি ভাতারের নতুনগ্রাম আর বাইক আরোহী দু'জন বর্ধমানের আলমপুর এলাকার বাসিন্দা। দুর্ঘটনার জেরে এদিন বেশকিছুটা সময় ধরে যানজট তৈরি হয়ে থাকে বর্ধমান-বোলপুর ২বি জাতীয় সড়কে। ভাতার থানার পুলিশ পরিস্থিতি স্বাভাবিক করে।

বোমা বাঁধতে গিয়ে বিস্ফোরণে মৃত্যু কালিয়াচকে

মালদা, ১৪ জুলাই (হি. স.): মালদার কালিয়াচক বোমা বাঁধতে গিয়ে বিস্ফোরণ। জানা যাচ্ছে, এখনও পর্যন্ত এক জনের মৃ্যু হয়েছে। নিহতের নাম মুকলেসুর রহমান (৩১)। বেশ কয়েকজন আহত হয়েছেন। আবার আহত অবস্থাতেই অনেকে পালিয়ে গিয়েছেন। প্রাথমিকভাবে জানা যাচ্ছে, বৃহস্পতিবার রাতে কালিয়াচকের চাঁদপুর গ্রামে আচমকাই বিস্ফোরণের শব্দ শুনতে পান গ্রামাবাসীরা। এরপর দেখেন একটি পরিত্যক্ত বাড়ির ভিতর থেকে ধোঁয়া বের হচ্ছে। বিস্ফোরণের আঘাতে দেওয়াল ভেঙে গিয়েছে বাড়ির। দূরে রক্তাক্ত অবস্থায় ছিটকে পড়েছিলেন কয়েকজন। তাঁদের মধ্যে কয়েকজনের শরীর পুরো ঝলসে গিয়েছে। অবস্থা আশঙ্কাজনক। স্থানীয় বাসিন্দারাই খবর দেন থানায়। গ্রামবাসীদের অভিযোগ, বোমা বাঁধাছিল ওই যুবকরা। বোমা বাঁধার সময়েই বিস্ফোরণ হয়।

প্রসঙ্গত, বৃহস্পতিবারই ভাঙড়ে বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। বোমা বাঁধতে গিয়েই বিস্ফোরণ হয় বলে অভিযোগ ওঠে। তিন জন গুরুতর আহত হন। তাদের অবস্থাও আশঙ্কাজনক।

টিম হিসেবে কাজ করতে হবে; বিবাদকে দূরে ঠেলে কেজরিওয়ালকে পাশে রেখে বললেন সাক্সেনা

নয়াদিল্লি, ১৪ জুলাই (হি.স.): লালকেল্লা আগেই ছুঁয়েছিল। এ শুক্রবার সকালে সুপ্রিম কোর্ট চত্বরে পৌঁছে যায় যমুনার জল। ডুবে গিয়েছে রাজঘাট এলাকাও। যার জেরে উদ্বিগ্ন দিল্লির প্রশাসন। এই পরিস্থিতিতে দিল্লির উপ-রাজ্যপাল ভি কে সাক্সেনা বললেন, টিম হিসেবে কাজ করতে হবে আমাদের।

শুক্রবার সকালে দিল্লির লেফটেন্যান্ট গভর্নর ভি কে সাক্সেনা এবং দুই মন্ত্রী অতীশি ও সৌরভ ভরদ্বাজ বিকাশ ভবন, আইটিও-তে জলমগ্ন এলাকা পরিদর্শন করেন। সেখানে ড্রেন রেগুলেটর ক্ষতিগ্রস্ত হয়েছে, তা পরিস্থিতি আরও খারাপ হয়ে উঠেছে। পরে সেখানে যান দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালও। ড্রেন রেগুলেটর যেখানে ক্ষতিগ্রস্ত হয়েছে, সেই স্থান পরিদর্শন করেন কেজরিওয়াল।

তিনি বলেন, 'বন্যা পরিস্থিতির কারণে পাম্প রুমে জল ঢুকেছে। চন্দ্রওয়াল, ওখলা ও ওয়াজিরাবাদে আমাদের ৩টি ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট যমুনার তীরে আছে, সেখানেও জল ঢুকে গিয়েছে এবং আমরা মেশিন চালাতে পারছি না। তাই জলস্তর নিচে না যাওয়া পর্যন্ত আমরা মেশিনগুলি চালানো শুরু করতে পারব না।'

এদিনই বিবাদকে দূরে ঠেলে কেজরিওয়ালকে পাশে রেখে বললেন সাক্সেনা বলেন, একটি টিম হিসেবে কাজ করতে হবে আমাদের।

বাস্তিল দিবসের সাক্ষী প্রধানমন্ত্রী মোদী, ইমানুয়েলের সঙ্গে বসে উপভোগ করলেন কুচকাওয়াজ

প্যারিস, ১৪ জুলাই (হি.স.): ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ, ফ্রান্সের ফার্স লেডি ব্রিজিট ম্যাক্রোঁ ও ফ্রান্সের প্রধানমন্ত্রী এলিজাবেথ বর্নি-সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের সঙ্গে বাস্তিল দিবসের কুচকাওয়াজের সাক্ষী হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

১৪ জুলাই, বাস্তিল দিবস, যা ফ্রান্সের জাতীয় দিসব। শুক্রবার সকাল থেকেই প্যারিসের রাস্তায় সেনাবাহিনীর কর্মী এবং যানবাহন টহল দিতে শুরু করে দিয়েছিল। ফ্রান্সের জাতীয় দিবস উপলক্ষ্যে প্রতি বছরের মত এই বছরেও শুরু হয় বাস্তিল দিবস প্যারেড। ফ্রান্সের জাতীয় দিবসের এই প্যারেডে অংশ নিয়েছে ভারতীয় সেনাবাহিনীর পঞ্জাব রেজিমেন্ট, ভারতীয় নৌবাহিনী এবং বায়ুসেনার দল।

এই বারের বাস্তিল দিবসের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

তিনি ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ, ফ্রান্সের ফার্স লেডি ব্রিজিট ম্যাক্রোঁ ও ফ্রান্সের প্রধানমন্ত্রী এলিজাবেথ বর্নি-সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের সঙ্গে বাস্তিল দিবসের কুচকাওয়াজের সাক্ষী হন। ফরাসি ফার্স লেডি ব্রিজিট ম্যাক্রোঁ এবং ফ্রান্সের প্রধানমন্ত্রী এলিসাবেথ বোর্ন প্যারিসে বাস্তিল ডে প্যারেডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্বাগত জানান। ফরাসি ফার্স লেডি ও অন্যান্যদের সঙ্গে আলাপচারিতায় অংশ নেন প্রধানমন্ত্রী।

প্রসঙ্গত, প্যারিসে বাস্তিল ডে প্যারেডে ফ্লাইপাস্টে ভারতীয় বায়ুসেনার রাফাল যুদ্ধবিমান অংশ নেয়।

প্যারিসের আকাশে ভারতের রাফালকে উড়তে দেখেন প্রধানমন্ত্রী ও করতালি দিয়ে অভিবাদন জানান।

ভারতে কোভিড-সংক্রমণ নিয়ন্ত্রণেই; সক্রিয় রোগী কমে ১,৩৯৬, মৃত্যু একজনের

নয়াদিল্লি, ১৪ জুলাই (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ নিয়ন্ত্রণের মধ্যেই রয়েছে, বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৫০ জন।

বৃহস্পতিবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়েছে একজনের। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ১,৩৯৬-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে ৫,৩১,৯১৪।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬১,৪৫৫ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ।

বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০০,৪৪৫ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৭,৪৬, ৭০৪ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৩ জুলাই সারা দিনে ভারতে ৫৭,২০৬ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

মানিকচকে ফের বিপুল সংখ্যায় ব্যালট উদ্ধার

মানিকচক, ১৪ জুলাই (হি. স.) : মালদার মানিকচকের মথুরাপুরে ফের বিপুল সংখ্যায় ব্যালট উদ্ধার। প্রতিবাদে শুক্রবার মানিকচক বিডিও অফিস চত্বরে বিক্ষোভ প্রদর্শন করে বিজেপি।মানিকচক বিএসএস হাই স্কুলেই ছিল মানিকচক ব্লকের ভোট গণনা কেন্দ্র। এই গণনা কেন্দ্রেই গত ১১ জুলাই তিনটি জেলা পরিষদ আসন, ৩২টি পঞ্চায়েত সমিতির আসন ও ১১ টি গ্রাম পঞ্চায়েতের ভোট গণনা হয়। আর এই ভোট গণনা কেন্দ্র থেকে মাত্র ১০০ মিটার দূরে বোচাহি দিঘির পাশ থেকেই এদিন প্রচুর সংখ্যক ব্যালট উদ্ধার হয়। উদ্ধারের ঘটনা চাউর হতেই ঘটনাস্থলে আসেন ২৮ নম্বর জেলা পরিষদ আসনের বিজেপি প্রার্থী তথা প্রাক্তন জেলা সভাধিপতি গৌরচন্দ্র মণ্ডল, এই কেন্দ্রের সিপিএম প্রার্থী দেবজ্যোতি সিনহা, ২৯ নম্বর জেলা পরিষদ আসনের জোট প্রার্থী সাবিনা ইয়াসমিনের স্বামী তথা কংগ্রেস নেতা মোয়াজ্জেম হোসেন সহ অন্যান্য নেতৃত্ব। কাতারে কাতারে মানুষও চলে আসেন এলাকায়। বিজেপির দাবি প্রায় ৫০০-র বেশি ব্যালট উদ্ধার হয়েছে। সবগুলি ব্যালটে ২৮ নম্বর জেলা পরিষদ আসনের বিজেপি প্রার্থী গৌড়চন্দ্র মণ্ডলের পাশে পদ্ম প্রতীকে ভোট পড়েছে। পুলিশের সামনেই ব্যালটগুলি উদ্ধার করে নিজেদের হেপাজতে নেন বিজেপি নেতৃত্ব। তাদের দাবি, উদ্ধার হওয়া প্রতিটি ব্যালটে বিজেপির প্রতীকে ভোট পড়েছে। বিষয়টি নিয়ে শুক্রবার মানিকচক বিডিও অফিস চত্বরে বিক্ষোভ প্রদর্শন করে বিজেপি। মানিকচকের বিডিওকে ডেপুটেশনও দেওয়া হয়।বিজেপির অভিযোগ, মানিকচকের বিধায়ক সাবিত্রী মিত্রের নির্দেশে প্রশাসনিক কর্তাদের সহায়তায় কারচুপি করে তৃণমূলকে জেতানো হয়েছে। উত্তর চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েতের মানিকনগর বুথে মোট ভোটার ১১০৪। কিন্তু গণনার ক্ষেত্রে দেখা গেছে সেই বুথে মোট ভোট পড়েছে ১২৮০। এতেই সন্দেহের কারণ দেখছে বিজেপি নেতারা। গণনার দিনই মানিকচকের বিধায়ক সাবিত্রী মিত্রের ভূমিকা নিয়ে সরব হয়েছিলেন বিরোধী নেতারা। তাঁকে ঘিরে গণনাকেন্দ্রে বিক্ষোভও হয়। এদিন প্রচুর সংখ্যক ব্যালট উদ্ধার হওয়ায় তাঁরা হাইকোর্টের দ্বারস্থ হবেন বলে জানিয়েছেন বিরোধীরা।

দুর্নীতির পরিমাণ প্রায় ৩৫০ কোটি টাকা, মুখবন্ধ খামে রিপোর্ট দিল

কলকাতা, ১৪ জুলাই (হি.স.) : প্রাথমিক নিয়োগ কেলেঙ্কারির শিকড় খুঁজতে গিয়ে এবার ৩৫০ কোটি টাকার দুর্নীতির খোঁজ পেল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। শুক্রবার কলকাতা হাইকোর্টে মুখবন্ধ খামে একটি রিপোর্ট জমা দেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। শিক্ষক ও পুরসভার নিয়োগ দুর্নীতি মামলার শুনানিতে ইডি জানায়, মোট দুর্নীতির পরিমাণ প্রায় ৩৫০ কোটি টাকার। স্থাবর, অস্থাবর মিলিয়ে প্রায় ১২৬ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। ২৯ আগস্ট মামলার পরবর্তী শুনানি।বিচারপতি অমৃতা সিনহার এজলাসে ইডি জানায়, ১৩ জুলাই কুন্তল ঘোষ, শান্তনু বন্দ্যোপাধ্যায়, অয়ন শীল ও তাঁদের পরিবারের সদস্যদের ১৫ কোটি টাকার অস্থাবর সম্পত্তি, ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিস্তারিত এবং ৪৩টি স্থাবর সম্পত্তি প্রসিড অব ক্রাইম হিসাবে অ্যাটাচ করা হয়েছে। সূত্রের দাবি, প্রাথমিকে নিয়োগ দুর্নীতির টাকা বাংলা সিনেমা থেকে স্থাবর সম্পত্তি, অস্থাবর সম্পত্তিতেও বিনিয়োগ করা হয়েছে বলেই ইডির রিপোর্টে উল্লেখ রয়েছে। এখনও পর্যন্ত ১২৬ কোটি ৭০ লক্ষ টাকার সম্পত্তি এবং নগদ অ্যাটাচ করা হয়েছে। বিচারপতি অমৃতা সিনহার এজলাসে এই রিপোর্ট জমা পড়ে। বিচারপতি অর্ডার দেওয়ার সময় ওই রিপোর্টকে উদ্ধৃত করে টাকার কথা বলেন।বিচারপতি সিনহা এদিন জানতে চান, 'এত টাকা যদি এই দুর্নীতি থেকে উঠে থাকে, তাহলে আপনারা এখনও এই দুর্নীতির কিংপিন কে, তাকে কেন খুঁজে পাচ্ছেন না?' মামলাকারী রমেশ মালিকের আইনজীবী আদালতকে জানান, ৪২ হাজার ৯৪৯ জন এখনও চাকরি করছেন যাঁরা নিয়ম মেনে চাকরি পাননি। সেই প্রসঙ্গে আদালত সিবিআইকে নির্দেশ দেয়, ওই শিক্ষকদের মধ্যে কারা কারা বেআইনিভাবে চাকরি পেয়েছেন তা অবিলম্বে খুঁজে বের করে তালিকা তৈরি করে আদালতে জমা দিক।

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান :** নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

উন্নয়নমূলক কাজকর্ম পরিদর্শন দক্ষিণ জেলা শাসকের

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৪ জুলাই।। শুক্রবার দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ এ, বিলোনীয়া মহকুমার ভারত চন্দ্র নগর পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন পুতুল পাল বিশ্বাস, এবং ভারত চন্দ্র নগর ব্লকের বি ডি ও কাবেরী নাথ সহ এক প্রতিনিধি দল ভারত চন্দ্র নগর ব্লকের অন্তর্গত বিভিন্ন উন্নয়ন মূলক নির্মিত রাস্তা, কালভার্ট এবং নতুন করে নির্মান করার লক্ষ্যে প্রয়োজনীয় রাস্তা পরিদর্শন করার জন্য এক প্রতিনিধিদল পরিদর্শনে বের হয়। প্রতিনিধি দলটি প্রথমেই সুকান্ত নগর পঞ্চায়েত সংলগ্ন উত্তর বিলোনিয়ার এলাকায় নির্মিত সি সি রোড পরিদর্শন করেন , পরবর্তী সময় পূর্ব পিপারিয়া খোলা কাশারি ভিলেজের নির্মিত কালভার্ট, পাইখোলা এবং দক্ষিণ ভারত চন্দ্র নগর পঞ্চায়েতের অমৃত সরোবরের পেবার ব্লকের মাধ্যমে নির্মীয়মান রাস্তা পরিদর্শনে যান। প্রতিনিধি দলে এছাড়াও উপস্থিত ছিলেন আর ডি দফতরের এক্সজিকিউটিভ ইঞ্জিনিয়ার উকেন্দ্র রিয়াং এবং ভারত চন্দ্র নগর ব্লকের সকল ইঞ্জিনিয়ারগন। সকলে এলাকার জনপ্রতিনিধি ও এলাকার সাধারণ জনগণের সাথে কথা বলেন এবং উন্নয়নমূলক কাজের বিভিন্ন দিক খতিয়ে দেখেন এবং অতি দ্রুততার সাথে নির্মাণ কাজগুলো শেষ করার পরামর্শ দেন।

মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

স্বাধীনতা সংগ্রামীদের মরণ করতেই এবং দেশের মানুষের মধ্যে দেশাত্মবোধকে পুনরায় জাগ্রত করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির চিন্তাধারায় শুরু হয়েছিল আজাদি কা অমৃত মহোৎসব কর্মসূচি। এই কর্মসূচির অঙ্গ হিসেবে আজ থেকে আগামী ১ মাস ব্যাপী রাজ্যের ৭৫টি সীমান্ত গ্রামে বিভিন্ন অনুষ্ঠানের করা হবে। এরফলে সীমান্ত এলাকার মানুষ যেমন উজ্জীবিত হবেন তেমনি সারা রাজ্যের মানুষের মধ্যে স্বাধীনতা সংগ্রামীদের সম্পর্কে জানার আগ্রহ জাগ্রত হবে। মুখ্যমন্ত্রী আরও বলেন, এই অনুষ্ঠান উপলক্ষে বাইসাইকেল র‍্যালি, রিলে ম্যারাথন, চিহ্নিত গ্রামগুলিতে সাংস্ক'তিক কর্মশালা, ক্রীড়া প্রতিযোগিতা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের মধ্যে দেশাত্মবোধক সংগীত লিখন, প্রবন্ধ প্রতিযোগিতা, অঙ্কন কর্মশালা, জেলাভিত্তিক মেলা আয়োজন করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানের পূর্বে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ সাবম শহর সংলগ স্থানে নাম জানা ও অজানা স্বাধীনতা সংগ্রামীদের মরণে একটি ফলক উন্মোচন করেন। পরে মৈত্রী সেতুর উপর অতিথিগণ বেলুন উড়িয়ে অনুষ্ঠানের সূচনা করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখতে গিয়ে তথ্য ও সংস্ক'তি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী বলেন, রাজ্যে এখন পর্যন্ত ৫৩০ জন স্বাধীনতা সংগ্রামী এবং তাদের উত্তরাধিকারীদের খুঁজে পাওয়া গেছে। তাদেরকে এই অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত বিভিন্ন কর্মসূচিতে সম্মানিত করা হবে। তিনি আরও বলেন, সাবমের যেখানে আজ ফলক উন্মোচন করা হয়েছে সেখানে স্বাধীনতা সংগ্রামীদের খোদাইক'ত নাম সহ আরও বড় ফলক পরবর্তীতে স্থাপন করা হবে, যাতে রাজ্যের মানুষ তাদের সম্পর্কে জানতে পারেন। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি কাকলি দাস দত্ত, বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক মাইলাফ্রু মগ, বিধায়ক স্বপা মজমদার, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক সাজ ওয়াহিদ, পুলিশ সুপার ড. কুলবন্ত সিং প্রমুখ। অনুষ্ঠানে শেষে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ সাবম মহকুমার ৬ জন এবং শান্তিরবাজার মহকুমার ১ জন স্বাধীনতা সংগ্রামীর পরিবারের সদস্যদের সংবর্ধনা 'পন করেন।

খাদ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

পর্যালোচনা সভায় পূর্ত দপ্তরের কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। মহকুমায় যেসকল রাস্তা সারাইয়ের কাজ শুরু করা হয়েছে সেগুলি দ্রত শেষ করতে খাদ্যমন্ত্রী আধিকারিকদের নির্দেশ দেন। সভায় ক'ষি ও ক'ষক কল্যাণ দপ্তরের প্রতিনিধি জানান, মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় চলতি অর্থবছরে মহকুমার ৪,২১৬টি পরিবারকে সব্জীচাষে সহায়তা দেওয়ার লক্ষ্যমাত্রা রয়েছে। জিরানীয়া ক'ষি মহকুমার ৫,২৮০টি পরিবার পিএমকিষাণ সম্মান নিধি প্রকল্পে সহায়তা পাচ্ছেন। পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের আধিকারিক সভায় জানান, জিরানীয়া ব্লকের প্রতিটি প'ায়েত ও এডিসি ভিলেজে বাড়ি বাড়ি জলের সংযোগ দেওয়ার কাজ চলছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের আধিকারিক জানান, জিরানীয়া মহকুমায় চলতি অর্থবছরে ২,৫৩২টি পরিবারকে মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় শূকর, মোরগ ও হাঁস পালনে সহায়তা দেওয়া হবে। পর্যালোচনা সভায় স্বাস্থ্য, বিদ্যুৎনিগম, জলসম্পদ, শিক্ষা, মৎস্য, ক্রীড়া প্রভ'তি দপ্তরের আগামী দিনের কর্মপরিকল্পনা নিয়েও পর্যালোচনা করা হয়।

ধিক্কার মিছিল

● প্রথম পাতার পর

শুক্রবার বিকালে তেলিয়ামুড়া মন্ডল প্রাঙ্গন থেকে বের হয়ে তেলিয়ামুড়ার বিভিন্ন পথ পরিক্রমা করে পুনরায় তেলিয়ামুড়া মন্ডলে এসে সমাপ্ত হয়। এই বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন ২৮তেলিয়ামুড়া বিধানসভা কেন্দ্রের বিধায়িকা তথা রাজ্য বিধানসভার মূখ্যসচেতক কল্যানী সাহা রায়,তেলিয়ামুড়া মন্ডল সভাপতি রঞ্জিত সূত্রধর,মন্ডল সম্পাদক নন্দন রায় এবং তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রূপক সরকার সহ অন্যান্য রা। আজকের এই মিছিল সমন্ধে বলতে গিয়ে বিধায়িকা তথা বিধানসভার মূখ্যসচেতক কল্যানী সাহা রায় সাংবাদিক দের মুখোমুখি হয়ে, বিরোধী দল অর্থাৎ সিপিআইএম, কংগ্রেস এবং তিপ্রামথা দলের বিধায়কদের প্রতি তীব্র নিন্দা জানান। এবং তিনি দাবি করেন যে, তারা এই ধরনের কর্মকাণ্ডের মাধ্যমে পবিত্র বিধানসভা কে যেমন কালিমালিপ্ত করেছে তেমনি এই দিনটি কে ত্রিপুরার জন্য একটি কালো দিনে পরিনত করে দিয়েছে।আজকের এই মিছিলে দলীয় কার্যকরতাদের উপস্থিতি ছিল বেশ লক্ষনীয়।

এনআরএসে মৃত্যু হল ভোট হিংসায় রঘুনাথগঞ্জের আহত তৃণমূলকর্মীর

কলকাতা, ১৪ জুলাই (হি.স.) : ভোটের দিন মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের আহত তৃণমূল কর্মীর মৃত্যু হল কলকাতার এসএসকেএম হাসপাতালে। শুক্রবার ভোর রাতে মৃতু হয়েছে সইবুর শেখের। এখনও পর্যন্ত মুর্শিদাবাদে ভোটের বলি সাত। রাজ্যে মনোনয়ন পর্ব থেকে গণনা পর্ব শেষও রাজ্যে অশান্তি অব্যাহত। জেলায় জেলায় নানা হিংসার অভিযোগ। সন্ত্রাস, রক্তারক্তি, খুনোখুনি কোনও কিছুই বাদ যায়নি। এই নিয়ে ৩৭ দিনে ৪৯ জনের মৃত্যু হল।শনিবার ভোটকে কেন্দ্র করে উত্তাল হয়ে উঠেছিল সারা রাজ্য। ভোটের দিনেও প্রাণ গিয়েছে ১৮জনের। জখম হয়েছেন বহু। তাঁদের মধ্যেই ছিলেন সইবুর। মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানার বড়শিমূল গ্রাম পঞ্চায়েতের চরবাজিতপুরে বাসিন্দা মইদুল ও সইবুর শেখ। গত শনিবার দাদা মইদুল শেখের সঙ্গেই ভোট দিতে যাচ্ছিলেন সইবুর। সেই সময়ে সিপিএম-কংগ্রেস এবং বিজেপির দুষ্কৃতীরা তাঁদেরকে ঘিরে হামলা চালায় বলে অভিযোগ। ধারালো অস্ত্র দিয়ে তাঁকে কোপানো হয় বলে অভিযোগ। এই ঘটনাতে তৃণমূলের সাতজন কর্মী আহত হন। গুরুতর আহত অবস্থায় মইদুল ও সইবুর শেখকে কলকাতার হাসপাতালে ভরতি করা হয়েছিল। গত সোমবার মৃত্যু হয় মইদুলের। শুক্রবার ভোর রাতে মৃত্যু হল সইবুরের।স্থানীয় এক বাসিন্দা বলেন, শনিবার পঞ্চায়েত ভোটের দিন ওই দুই ভাইকে মারধর কের দুষ্কৃতীরা। তাঁদের উপর এলোপাথাড়ি ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে।এরপর তাঁদের উদ্ধার করে নিয়ে যাওয়া হয় জঙ্গিপুর সুপার স্পেশালিটি হাসপাতালে। অবস্থার অবনতি হলে তাঁকে কলকাতাতে রেফার করা হয়। শুক্রবার সকালে সেখানেই তাঁর মৃত্যু হয়েছে। ভোট হিংসায় দুই ভাইয়ের মৃত্যুর ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে। ভেঙে পড়েছে পরিবার। পরিবার সূত্রে খবর, ময়নাতদন্ত শেষে শুক্রবার বিকেলে বাজিতপুরে সইদুরের শেষকৃত্য সম্পন্ন হবে। অভিযুক্তদের শাস্তির দাবি জানিয়েছেন তাঁরা।

জোলাইবাড়িতে বিজেপির সাংগঠনিক সভায় মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ জুলাই।। মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে জোলাইবাড়ি কমিউনিটি হলে অনুষ্ঠীত হয় এক সাংগঠনিক আলোচনা সভা। সংগঠনকে শক্তিশালী করে তোলার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন ত্রিপুরার জনপ্রিয় মুখ্যমন্ত্রী প্রফেসার ডাক্তার মানিক সাহা। শুক্রবার মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে জোলাইবাড়ি কমিউনিটিহলে এক সাংগঠনিক আলোচনা সভার আয়োজন করা হয়। মূল লক্ষ্য সংগঠনকে আরো শক্তিশালী করে তোলা ও আসন্ন লোকসভা নির্বাচনে বিজেপি মনোনীত প্রার্থীকে বিপুল ভোটে জয়যুক্ত করা। এই লক্ষ্যকে সামনে রেখে আজকের দিনে জোলাইবাড়ি কমিউনিটি হলে আলোচনাসভার আয়োজন করা হয়। আজকের এই সাংগঠনিক আলোচনাসভায় ব্যাপকহারে কর্মীসমর্থকদের সমাগম ঘটে। বিজেপির উদ্যোগে আয়োজিত আজকের এই সাংগঠনিক আলোচনা সভায় উপস্থিত ছিলেন ত্রিপুরার জনপ্রিয় মুখ্যমন্ত্রী প্রফেসার ডাক্তার মানিক সাহা,জোলাইবাড়ি বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, জোলাইবাড়ি বিধানসভা কেন্দ্রের মন্ডল সভাপতি অজয় রিয়াং, যুব মোর্চার প্রদেশ কমিটির সভাপতি তথা টি আই ডি সির চেয়ারম্যান নবাদল বনিক, প্রদেশ বিজেপির সম্পাদিকা পাপিয়া দত্ত, বিজেপির দক্ষিন জেলার সভাপতি শঙ্কর রায়, দক্ষিন জেলার জেলাপরিষদের সভাধিপতি কাকলী দাস দত্ত সহ বিজেপির অন্যান্য নেতৃত্ববৃন্দরা। আজকের আলোচনা সভার মাধ্যমে সাংগঠনিক বিভিন্ন দিকগুলো নিয়ে আলোচনা করেন মুখ্যমন্ত্রী। সাংগঠনিক আলোচনা সভা শেষে জোলাইবাড়ি বিজেপির নতুন মন্ডল কার্যালয়ের শুভ উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। একই দিনে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে শান্তির বাজার মুকুট অডিটরিয়ামে ৩৬ শান্তির বাজার মন্ডল বিজেপির কার্যকর্তাদের নিয়ে এক সাংগঠনিক আলোচনা সভায় মিলিত হন। মুখ্যমন্ত্রীর আগমনকে কেন্দ্র করে লোকজনদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায়।

গ্রামীণ যুবক যুবতীদের জন্য কাজের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে ভেলোয়ারচড় গ্রাম পঞ্চায়েতে সচেতনতা মূলক অনুষ্ঠান

নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৪ জুলাই।। -গ্রামীণ যুবক-যুবতীদের কর্মসংস্থানের লক্ষ্যে গ্রাম পঞ্চায়েতে এক সচেতনতামূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান আজ বেলা ১১ঃ৩০ ভেলেয়ারচর হল ঘরে শুরু হয়। ত্রিপুরা গ্রামীণ জীবন জীবিকা মিশন কর্তৃক গ্রামীণ দপ্তরের অধীনে অধিনায়ক দয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনার মাধ্যমে বিভিন্ন প্রশিক্ষণ এর মাধ্যমে সরকার দায়িত্ব এবং তার অধীনস্থ কোম্পানি এবং সংস্থা কাজ করা জন্য সুযোগ সৃষ্টি করা উদ্দেশ্যে আজকের সচেতনামূলক অনুষ্ঠান। যেহেতু সরকার সমস্ত বেকার যুবক-যুবতীদের সরকারি কাজকর্ম নিয়োগ করতে পারেনি সেজন্য বিকল্প ভাবে কাজের সন্ধানের করার জন্যই এরকম ট্রেনিং এর ব্যবস্থা করে কর্মসংস্থানের ব্যবস্থা করতে দ্রুত সরকার প্রয়াস নিয়েছে ইদানিংকালে ত্রিপুরা রাজ্যে অনেকগুলি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেগুলোতে ক্লিন করে গ্রামীন এলাকার যুবক যুবতীরা যবে ভর্তি হচ্ছে ৮ থেকে ১৫ ২০ ২৫ হাজার পর্যন্ত বর্তমানে বেতন পাচ্ছে। গ্রামের বেকার যুবক যুবতীরা অবশ্যই যাতে দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কুশল যোজনার মাধ্যমে টি আর এম এল হাত ধরে জীবন জীবিকা নির্ভর করে সুন্দর ভবিষ্যৎ গড়ে তুললাম এগিয়ে যেতে হবে এবং কাজ করতে হবে। আজকের এই মহতী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গ্রাম পঞ্চায়েতের প্রধান অনিল দাস মহোদয় উপস্থিত ছিলেন চেয়ারম্যান মহোদয় বিভিন্ন এসএসসি গ্রুপের সদস্যরা উপস্থিত ছিলেন। যে সকল বেকার যুবক-যুবতীরা বিভিন্ন পথে প্রচারের পরিচালিত হচ্ছে কাজকর্ম পাচ্ছেন না তাদেরকে সঠিক দিশা এবং সঠিক বিচারের মাধ্যমে কাজ করার লক্ষ্যই সেই প্রয়াস।

২০২৪-এর মধ্যেই ডিমা হাসাও জেলায় জলজীবন মিশনের কাজ সম্পূর্ণ হবে, দাবি মন্ত্রী জয়ন্তমল্লের

হাফলং (অসম), ১৪ জুলাই (হি.স.) : ২০২৪ সালের মধ্যেই ডিমা হাসাও জেলায় জলজীবন মিশনের কাজ সম্পূর্ণ হবে, দাবি করেছেন রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি দফতরের মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া।আজ শুক্রবার মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া একদিনের কার্যসূচি নিয়ে ডিমা হাসাও জেলা সদর হাফলং এসে জেলায় চলমান জলজীবন মিশনের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে এই পাহাড়ি জেলায় চলমান জলজীবন মিশনের কাজে অসন্তোষ প্রকাশ করেন মন্ত্রী।তিনি বলেন, দ্বিতীয় পর্যায়ে ডিমা হাসাও জেলায় জলজীবন মিশনের কাজ তেমন এগোয়নি। তবে ২০২৪ -এর মধ্যে জলজীবন মিশনের কাজ শেষ করার লক্ষ্যমাত্রা রয়েছে। ওই সময়ের মধ্যেই ১০০ শতাংশ কাজ সম্পূর্ণ হবে বলে দাবি করেন তিনি। মন্ত্রী বলেন, আজকের পর্যালোচনা বৈঠকে উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদ ও সংশ্লিষ্ট বিভাগকে নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পূর্ণ করার নির্দেশ দেওয়া হয়েছে।জয়ন্তমল্ল বলেন, রাজ্যের অন্যান্য জেলার তুলনায় ডিমা হাসাও জেলার গ্রামাঞ্চলে জলজীবন মিশনের অধীনে পানীয় জল সরবরাহ করার জন্য ঘর-প্রতি ২ লক্ষ ৫০ হাজার টাকা প্রদান করা হয়েছে। মন্ত্রীর স্বীকারোক্তি, ডিমা হাসাও জেলায় জলের ব্যাপক অভাব রয়েছে। এমন-কি গ্রামাঞ্চলে পানীয় জলের সমস্যা খুব বেশি। তাই জলজীবন মিশনের অধীনে গ্রামাঞ্চলে প্রতিটি ঘরে যাতে বিশুদ্ধ জল সরবরাহ করা যায়, তাই ঐ প্রকল্পের কাম নির্ধারিত লক্ষ্যে যেমন কাজ চলছ ঠিক হাফলং শহরে জলের সমস্যা মেটাতে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে অমৃত প্রকল্পের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে, জানান মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া। আজ বেলা ১১টায় হাফলং জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে রাজ্যের বিদ্যুৎ, ক্রীড়া ও যুবকল্যাণ দফতরের মন্ত্রী নন্দিতা গালর্ঁোসা, সাংসদ হরেনসিং বে, উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য দেবোলাল গালর্ঁোসা, পার্বত্য পরিষদের প্রধানসচিব টিটি দাওলাগাপু, জেলাশাসক সীমান্তকুমার দাস, পার্বত্য পরিষদের ইএম ও এমএসসি সহ জনস্বাস্থ্য কারিগরি বিভাগ এবং জেলা গ্রামোন্নয়ন বিভাগের আধিকারিক ও কর্মচারীদের সঙ্গে জলজীবন মিশন ও স্বচ্ছ ভারত মিশনের কাজের অগ্রগতি নিয়ে বৈঠকে মিলিত হয়েছেন রাজ্যের মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া। উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্বপ্নের জলজীবন মিশন প্রকল্পের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছিল। দেশের প্রতিটি মানুষের বিপরীতে ৫৫ লিটার জল সরবরাহের করার জ



আগরতলায় আন্তঃ প্রেসক্লাব ফুটবল টুর্নামেন্ট আগামীকাল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। সাংবাদিকদের বিনোদনের জন্য আগরতলা প্রেসক্লাব আন্ত: প্রেস ক্লাব ভিত্তিক সেভেন সাইড ফুটবল টুর্নামেন্টের আয়োজন করেছে। ১৬ জুলাই, রবিবার আগরতলাস্থিত পুরাতন সংশোধনাগারের বিপরীতে ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। খেলা শুরু হবে সকাল সাড়ে ৯টায়। মোট আটটি প্রেসক্লাব দল টুর্নামেন্টে অংশগ্রহণ করছে। সোমবার টুর্নামেন্টের ক্রীড়া সূচি ঘোষণা করেছেন আগরতলা প্রেসকাবের স্পোর্টস কমিটির চেয়ারম্যান অলক ঘোষ। দুপুরে প্রেসক্লাবের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ফুটবল টুর্নামেন্ট সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন স্পোর্টস কমিটির কনভেনর তথা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক অভিষেক দে। সাংবাদিক সম্মেলনে প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য এবং স্পোর্টস কমিটির অন্যান্য সদস্যবৃন্দও উপস্থিত ছিলেন। উদ্বোধনী খেলায় আগরতলা প্রেসক্লাব-বি দল এবং খুমুলুঙ প্রেসক্লাব প্রতিদ্বন্দ্বীতা করবে। দ্বিতীয় খেলায় আগরতলা প্রেসক্লাব এ-দল এবং উদয়পুর প্রেসক্লাব একে অপরের বিরুদ্ধে লড়াই করবে। তৃতীয় খেলায় খোয়াই প্রেসক্লাব এবং বিশালগড় প্রেসক্লাব একে অপরের প্রতিদ্বন্দী। চতুর্থ কোয়ার্টার ফাইনাল ম্যাচে ধর্মনগর ও বিলোনিয়া প্রেসক্লাব পরস্পরের মুখোমুখি হবে।

প্রথম রাউন্ডের খেলা শেষে দুপুর ১২টা থেকে দুটি সেমিফাইনাল এবং বিকাল সাড়ে তিনটায় অনুষ্ঠিত হবে ফাইনাল খেলা। খেলা হবে দুই অর্ধে ১০ মিনিট করে মোট ২০ মিনিট এবং মাঝে ৫ মিনিটের বিরতি। প্রতি দলে দশজন করে খেলোয়াড় থাকবে খেলা চলাকালীন যে কোন সময় খেলোয়াড় পরিবর্তন করা যাবে নির্ধারিত সময়ের খেলার ড্র তে নিষ্পত্তি হলে সরাসরি পেনাল্টি শুট আউট এ ম্যাচের জয়-পরাজয় ফয়সালা হবে। চ্যাম্পিয়ন এবং রানার্স দলকে ট্রফি সহ অর্থমূল্যে পুরস্কৃত করা হবে। এছাড়া, সেরা খেলোয়ারদের ব্যক্তিগত পাঁচটি পুরস্কারও দেওয়া হবে। প্রতিযোগিতার উদ্বোধন করবেন প্রখ্যাত ফুটবল কোচ বিমল কুমার রায় চৌধুরী। অনুষ্ঠানে প্রধান ও বিশেষ অতিথি হিসেবে ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি প্রণব সরকার, আগরতলা প্রেসক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য, সম্পাদক রমাকান্ত দে, স্পোর্টস কমিটির চেয়ারম্যান অলক ঘোষ প্রমুখও উপস্থিত থাকবেন। টুর্নামেন্টকে সফল করে তোলার লক্ষ্যে রাধাকৃষ্ণ জুয়েলারি, পারুল প্রকাশনী, ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন, ত্রিপুরা ব্যাডমিন্টন এসোসিয়েশন এবং লালবাহাদুর ব্যায়ামাগার বিভিন্নভাবে সহযোগিতায় এগিয়ে এসেছেন বলে উদ্যোক্তাদের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়েছে। টুর্নামেন্টের লক্ষ্যে আগরতলা প্রেসক্লাবের দু''টি দলের খেলোয়াড়দের নামের তালিকাও প্রকাশ করেছে স্পোর্টস কমিটি। আগরতলা প্রেসক্লাবের পক্ষ থেকে দুই দলের খেলোয়ারদের হাতে জার্সিও তুলে দেওয়া হবে।

আগরতলা প্রেসক্লাবের সকল সদস্যদের এই বিনোদন মূলক ফুটবল টুর্নামেন্ট উপভোগ করার লক্ষ্যে মাঠে উপস্থিত থাকার জন্য কনভেনার অভিষেক দে আমন্ত্রণ জানিয়েছেন।

মহিলা লিগ ফুটবলে ফুলো ঝানুকে হারিয়ে জয়ের হ্যাটট্রিক ত্রিপুরা স্পোর্টস স্কুলের

স্পোর্টস স্কুল-২	ফুলো ঝানু-১
(বিনীতা, শ্রেয়া)	(দিপালী)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। জয়ের হ্যাটট্রিক করলো ত্রিপুরা স্পোর্টস স্কুল। টানা ৩ ম্যাচে জয় পেয়ে লিগ টেবিলের শীর্ষে কল্পনা দেববর্মার স্পোর্টস স্কুল। রাজ্য ফুটবল সংস্থা আয়োজিত মহিলা ফুটবল লিগে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে ত্রিপুরা স্পোর্টস স্কুল ২-১ গোলে পরাজিত করে ফুলো ঝানু দলকে। ফলাফল দেখে মনে হবে লড়াই হয়েছে হাড্ডাহাড্ডি। কার্যত তা নয়। ত্রিপুরা স্পোর্টস স্কুল যদি শুক্রবার হাফ ডজন বা তার বেশী গোলে জয় পেতো তাহলে অবাক হওয়ার কিছু ছিলো না। বিনীতা সিনহা, শ্রেয়া দেব এবং বাসন্তি রিয়াং-রা যদি সহজ সুযোগ হেলায় নষ্ট না করতেন তাহলে অনেক বড় ব্যবধানে জয় পেতে পারতো ত্রিপুরা স্পোর্টস স্কুল। উমাকান্ত মিনি স্টেডিয়ামে এদিন শুরু থেকেই বল দখলের লড়াইয়ে এগিয়ে ছিলো ত্রিপুরা স্পোর্টস স্কুলের বালিকা-রা। তবে প্রথম গোল পেতে প্রায় ১৮ মিনিট অপেক্ষা করতে হয় ত্রিপুরা স্পোর্টস স্কুলকে। বাসন্তি রিয়াং এর থ্রু চিরে ত্রিপুরা স্পোর্টস স্কুলকে এগিয়ে দেয় বিনীতা সিনহা। এরপরই শুরু হয় সুযোগ নষ্টের খেলা। প্রথমার্ধে কমকরে আরও ৩ টি গোল করতে পারতো কল্পনা দেববর্মার মেয়েরা। ৬৬ মিনিটে স্পোর্টস স্কুলের তৃতীয় জয় কার্যত নিশ্চিত করে দেয় গেলো ম্যাচে হ্যাটট্রিক সহ ৬ গোল করা শ্রেয়া দেব। খেলা শেষ হওয়ার ২ মিনিট আগে ফুলো ঝানু দলের পক্ষে সান্তনার গোল করেন দিপালী হালাম। ম্যাচটি পরিচালনা করেন সুকান্ত দত্ত। খেলা শেষে জয় পেয়েও হতাশ ত্রিপুরা স্পোর্টস স্কুলের কোচ কল্পনা দেববর্মা। কোনও রাগঢাক না রেখেই স্পষ্টভাবে বলেন,'এভাবে সুযোগ নষ্ট করবে মেয়েরা ভাবতেও পারিনি। এমন চলতে থাকলে বড় ম্যাচে আমাদের সমস্যায় পড়তে হবে। তাই এখন অনুশীলনে এর উপরই গুরুত্ব দেবো'।

পশ্চিমাঞ্চলকে চাপে রেখে দলীপ ট্রফি জয়ের দোরগোড়ায় দক্ষিণাঞ্চল

দক্ষিণাঞ্চল: ২১৩, ১৮১/৭ পশ্চিমাঞ্চল: ১৪৬,

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। ব্যাটিং ব্যর্থতার দায়ে অনেকটা চাপে রয়েছে পশ্চিমাঞ্চল। খেতাব জয়ের দোরগোড়ায় দক্ষিণাঞ্চল। দলীপ ট্রফির ফাইনালে পশ্চিমাঞ্চলকে অনেকটা চাপে রেখে ট্রফি ঘরে তুলে নিতে চাইছে দক্ষিণাঞ্চল। এবার জিতলে দক্ষিণাঞ্চলের ১৪ তম দলের ট্রফি বিজয় হবে। এই মুহূর্তে দক্ষিণাঞ্চল ২৪৮ রানে এগিয়ে রয়েছে। এখনও তাদের হাতে আরও তিন উইকেট বর্তমান। প্রথম ইনিংসে লিড নেওয়ায় তারা অ্যাডভান্টেজ মুডে রয়েছে। ড্র-তে ফাইনাল ম্যাচ নিষ্পত্তি হলেও ক্ষতি নেই। প্রয়োজনে আগামীকাল প্রথম বেলায় রান সংগ্রহ থেকেও গুরুত্ব দেবে উইকেটে টিকে থাকার দিকে। দক্ষিণাঞ্চলের প্রথম ইনিংসের ২১৩ রানের জবাবে পশ্চিমাঞ্চল আজ, শুক্রবার তৃতীয় দিনে ১৩৯ রান হাতে নিয়ে খেলা শুরু করে অবশিষ্ট তিন উইকেটে ১৭ রান যোগ করে ১৪৬ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। ৬৭ রানে লিড নিয়ে দক্ষিণাঞ্চল দ্বিতীয় ইনিংস এর খেলা শুরু করে দিনের খেলা শেষ হওয়া পর্যন্ত সময়ে ৬০ ওভার ব্যাটিং এর সুযোগ পায়। ইতোমধ্যে সাত উইকেট হারিয়ে ১৮১ রান সংগ্রহ করেছে। মৈয়াঙ্ক আগরওয়াল ৩৫ রানে, বিহারী ৪২ রানে, রিকি ৩৭ রানে আউট হলেও ওয়াশিংটন সুন্দর ১০ রানে এবং ভ্যাশাক এক রানে উইকেটে রয়েছেন। পশ্চিমাঞ্চলকে ১৪৬ রানে থামিয়ে দেওয়ার পেছনে বিদ্যাথ কাভেরাপ্পার সাত উইকেট দখল বেশ উল্লেখযোগ্য। ৫৩ রানের বিনিময়ে কাভেরাপ্পা সাতটি উইকেট পেয়েছে।

বি-ডিভিশন: ভারতরত্ন - পুলিশের নিষ্ফলা ম্যাচে দু-দলের পয়েন্ট ভাগ

পুলিশ আর.সি: ০
ভারতরত্ন সংঘ: ০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। মরশুমে বি-ডিভিশন লীগ ফুটবলে প্রথম ড্র-তে নিষ্পত্তি হলো ম্যাচ। তাও গোলশূন্য ড্র। খেলা ছিল ভারতরত্ন সংঘ বনাম পুলিশ রিক্রিয়েশন ক্লাবের মধ্যে। নিজেদের দ্বিতীয় ম্যাচে মৌচাককে ন্যূনতম গোলের ব্যবধানে হারিয়ে পুলিশি রিক্রিয়েশন ক্লাব প্রথম জয়ের স্বাদ পেলেও আজ মুখিয়ে ছিল জয়ের ধারা অব্যাহত রাখার। অপরদিকে পরপর দুই ম্যাচে হেরে তৃতীয় ম্যাচে প্রথম জয়ের স্বাদ পেতে চেয়েছিল ভারতরত্ন সংঘ। শুরু থেকেই দুই দল পরস্পরের বিরুদ্ধে আক্রমণাত্মক খেললেও গোলমুখী আক্রমণে কেউ চূড়ান্ত সফল হয়নি। আক্রমণ প্রতি আক্রমণের মধ্য দিয়ে দুই অর্ধের খেলা নিস্ফলা থেকে যায়। গোলশূন্য ড্র-তে নিষ্পত্তি হলে দুদল এক-এক করে পয়েন্ট ভাগ করে নেয়। ভারত রত্ন সংঘের পক্ষে এটি প্রথম পয়েন্ট প্রাপ্তি। উপরন্তু দ্বিতীয়ার্ধে খেলায় অসদাচরনের দায়ে রেফারি পুলিশ রিক্রিয়েশন ক্লাবের দুজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি সত্যজিৎ দেবরায়, কার্তিক দাস, অসীম বৈদ্য ও পল্লব চক্রবর্তী। দিনের খেলা: বিকেল চারটায় , উমাকান্ত মিনি স্টেডিয়ামে মৌচাক ক্লাব বনাম কল্যাণ সমিতি।

সদর এস এম কাপ ফুটবলে বিদ্যাসাগর, সেন্ট পলস ডন বস্কো সেরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। পশ্চিম জেলা সুব্রত মুখার্জী কাপ ফুটবলে বালিকা বিভাগে বিদ্যাসাগর স্কুল দল চ্যাম্পিয়ন হয়েছে। বালক বিভাগে খেতাব পেয়েছে জিরানিয়ার ডন বস্কো স্কুল এবং সদরের সেন্ট পলসস্কুল। অনূর্ধ ১৭ বালিকা বিভাগে সদরের বিদ্যাসাগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ফাইনাল ম্যাচে ২-১ গোলের ব্যবধানে জিরানিয়ার খুম্পুই একাডেমীকে পরাজিত করে চ্যাম্পিয়ন খেতাব পেয়েছে। বিজয়ী দলের পক্ষে নেহা দাস একাই দুটি গোল করে। খুম্পুই একাডেমীর পক্ষে জিনিয়া একমাত্র গোলটি পায়। বালকদের অনূর্ধ-১৭ বছর বিভাগের ফাইনালে জিরানিয়ার ডন বসকো স্কুল ৩-২ গোলের ব্যবধানে মোহনপুরের সেন্ট আন্দ্রে স্কুলকে কে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে। উত্তেজনাপূর্ণ ফাইনাল ম্যাচে নির্ধারিত সময়ের খেলা গোলশূন্য অবস্থায় শেষ হলে পেনাল্টি শুট আউটে বন বস্কো স্কুল ৩-২ গোলে জয় ছিনিয়ে নেয়। বালকদের অনূর্ধ-১৪ বছর বিভাগে সদরের সেন্ট পলসস্কুল ৩-০ গোলের ব্যবধানে মোহনপুরের সাইনদ ফাউন্ডেশন স্কুল কে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে। প্রতিযোগিতায় উদ্বোধক এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। এছাড়া সম্মানিত ও বিশেষ অতিথি হিসেবে যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের উপ-অধিকতা প্রবাল কান্তি দেব, কর্পোরেটর অলক রায়, এ.ডি নগর দ্বাদশ শ্রেণি স্কুলের প্রধান শিক্ষিকা শ্রীমতি সীমা সরকার, ক্রীড়া ব্যক্তিত্ব সঞ্জয় সাহা প্রমূখ উপস্থিত ছিলেন। যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা দিবাকর দেবনাথ পৌরহিত্য করেন। পশ্চিম জেলা স্কুল স্পোর্টস বোর্ড আয়োজিত এই এস.এম কাপ ফুটবল টুর্নামেন্টে সংশ্লিষ্ট সকলকে বোর্ডের যুগ্ম সচিব অপু রায় ধন্যবাদ জানিয়েছেন।

CORRIGENDUM-2

rhe work "FDR and mtc. of road under Salema Sub-Division, PWD(R&B) during the year 2023-2024 / SH :- Maintenance 'of earthen shoulder, brick edging, flat brick soling, WBM-3, maintenance of bituminous surface, patch carpeting, surface drain, road side pucca drain, mixed class brick bats etc." published against PNle-T No. 05/EE/PWD(R&B)/KMP/DIV/2023-24, dated, 10/07/2023 at serial No. 02 bearing Tender ID: 2023_CEPWD_39909_1 is hereby Cancelled due to error in rates in the Bill of Quantity.

ICA/C-1420/23

Executive Engineer
P.W.D(R&B), Kamalpur Division
Kamalpur Dhalai Tripura

PNIT NO (e-TENDER) : e-PT-II/EE/RDSD/2023-24 DATED-13/07/2023

The Executive Engineer, RD Store Division, Gurkhabasti, Agartala invites e-tender for procurement of ISI marked cement (32,000 MT) as per specification of DNIT from eligible bidders upto 3.00 PM of 11/08/2023. For details visit website - https://tripuratenders.gov.in and contact at M- 9774488585. Any subsequent carrigendum will be available in the website only.

ICA/C-1414/23

Executive Engineer
RD Store Division
Agartala

NOTICE INVITING TENDER (NIT)
PNIe-T NO: 32 /EE/PNIe-T/MECH.DIVN/AGT/2023-24 Dated: 13/07/2023

The Executive Engineer, Mechanical Division, Agartala on behalf of the 'Governor of Tripura', invites online item rate e-tender in single bid system tender(s) from Reputed Resour•éfar Manufacturers / Authorized Sales & Service Dealer or Distributor having experience in similar nature of works in Government/Government Undertaking Buildings and Service centre in Tripura for the following work:-

Name of work: Providing, Installation and Commissioning of Hi-wall Split type Air Conditioning Machines for the Proposed Oral Phathology Department, IGMH, Agartala. 3
1. DNIeT No: 31/B/DNIeT/SE-IV/PWD(R&B)/2023-24,
2. Estimated Cost: Rs 29,53,570.00
3. Earnest Money: Rs 59,071.00
4. Bid Fee :Rs 1,000.00
5. Last date & time for online Bidding: 24/07/2023 upto 3:00 PM

Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

ICA/C-1412/23

Executive Engineer
Mechanical Division, PWD,
Agartala

PRESS. NOTICE INVITING e-TENDER NO. 10/EE/LTV/PWD/M/2023-24
Dated. 12/07/2023

The Executive Engineer, PWD(R&B) LTV Division, Manu, Dhalai, Tripura invites on behalf of the 'Governor of Tripura' Percentage rate e-tender for the following works:-
i). DNIe-T No:- 02/DNIT/SE-V/AMB/2023-24.
E/C:- %, 1,09,50,195.00 E/M:- Rs/-.2,19,004.00 Time/Period :- 180days
Last date & time for online Bidding:-02/08/2023 upto 3.00 P.M/Bid Fee:- Rs/- 4,000.00
Note:- The Bid Forms & other details in/c, online activities should be done in the e-procurement portal https:/tripuratenders.gov.in.

ICA/C-1407/23

(For & on behalf of the Governor of Tripura)
L.T Valley Division, PWD(R&B)
& Manu Dhalai, Tripura

PRESS NOTICE INVITING e-TENDER NO.:-04/EE/Agri/N/2023-24.

01.	02/EE/AGRI/N/2023-24	1,92,728/-	3,855/-
02.	03/EE/AGRI/N/2023-24	1,92,728/-	3,855/-
03.	04/EE/AGRI/N/2023-24	1,92,728/-	3,855/-
04.	05/EE/AGRI/N/2023-24	1,92,728/-	3,855/-
05.	06/EE/AGRI/N/2023-24	1,92,728/-	3,855/-
06.	19/EE/AGRI/N/2020-21(4th call)	1,54,230/-	3,100/-

Last date & time for document downloading and bidding upto 15.00 Hrs on 31-07-2023 and time and date of opening of Bid at 15.30 Hrs on 31-07-2023 (if possible). Any subsequent corrigendum will be available in the website only.
Notes:- For more details kindly vis ipuratenders.gov.in

For on behalf of the Governor of Tripura.

ICA/C-1404/23

Er. Dhananjoy Jamatia
Executive Engineer
Department of Agriculture
Dharmanagar,North Tripura.

Email — petikgva gmail.com

On behalf of the Governor of Lrpura, Quotation tn the Onicer In-Charge. PR 11 Kumarghat invites sealed qufaion in prescribed tormat tron: resourceful, Contractor Suppliers /Servetce providers (Caterers Se Help Groups / Hotehers located in Kumarghat Sub-Diyasion area for Supplying ol Lunch. Dinner & Ke men Items (3 Call) for tramecs * resource persons Aither dignitaries. ofTicials participate different training program mecting which agzkeary held at PRTI, Kumarghat, Unakoti District

Sl No.	Particulars	Earnest Money	Last Date of Submission of Quotation	Time and Date of Opening of Quotation
1	Supplying of Lunch, Dinner & Refreshment Items (3rd Call)	20000.00	28/07/2023 upto 3.00 PM	3.30 PM on 28/07/2023

The interested bidders are requested to 'quotation documents as per prescribed format by indicating the price in words & figure along with necessary documents and the same will be received through Courier Speed Post or by hand upto 3.00 PM: till 28/07/2023. The same will be opened on the sggre day at 3.30PM (if possible) in presence of interested bidders or their authorized representative.

ICA/C-1401/23

Officer In-Charge.
Panchayat Raj Training Institute,
Kumarghat, Unaketi

G20 "প্লাস্টিক মুক্ত ত্রিপুরা অভিযান"
- এককালীন ব্যবহারযোগ্য প্লাস্টিক দ্রব্য দূরীকরণের একটি পদক্ষেপ
Azadi Ka Amrit Mahotsav

তারিখ- ১৫ জুলাই, ২০২৩ সময়- সকাল ১১:৩০ ঘটিকা
স্থান- টাউন হল, আগরতলা, ত্রিপুরা

উদ্বোধক এবং প্রধান অতিথি : প্রফেসর (ডা.) মানিক সাহা
মাননীয় মুখ্যমন্ত্রী, ত্রিপুরা সরকার

সম্মানিত অতিথি : শ্রী প্রণজিৎ সিংহ রায়
মাননীয় অর্থমন্ত্রী, ত্রিপুরা সরকার
শ্রী দীপক মজুমদার
মাননীয় মেয়র, আগরতলা পুর নিগম
শ্রী জীতেন্দ্র কুমার সিনহা
মুখ্য সচিব, ত্রিপুরা সরকার

বিশেষ অতিথি : শ্রী কে.এস.শেঠী, আই.এফ.এস.
প্রধান সচিব
বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তর, ত্রিপুরা সরকার
শ্রী অনিমেষ দাস, আই.এ.এস.
অধিকর্তা
বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তর, ত্রিপুরা সরকার

আপনাদের সানুরাগ উপস্থিতিতে অনুষ্ঠানটি সাফল্যমণ্ডিত হয়ে উঠুক।

ডঃ বিশু কর্মকার
সদস্য সচিব
ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

ICA/D-597/23

ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ
বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তর, ত্রিপুরা সরকার
LiFE Lifestyle for Environment

CLAIMANT NOTICE

WHEREAS, it has been réported by Sri Sujit Das, Frl/C FPU, Bagafa under Bagafa Range on 25.08.2022 vide OR 'NO. 5(B)/FPU-Bagafa/For-2022-23/ 320-22 dated 25.08.2022 and forwarded by RO, Barrafa that Sri Sujit Das, Tr WC }PU Bagafa under Bagafa Range intercepted 1 (one) nos. Vehicle bearing Registration No. TRO7-1658 (Bolero Maxi Truck)) Engine No. Illegible, and Chasis No. Mlegible, on 25.08.2022 at 12.15 AM, at Patichari under Patichari Beat area illegally Carrying. Marai Swan timber volume 1 891 Cum without any valid document
AND WHERES, Sri Sujit Das, Fr i/C FPU, Bagafa under Bagafa Range seized the said (Bolero Maxi Truck)) bearing Registration No TRO7-1658 (Bolero Maxi Truck) Engine No. Illegible, and Chasis No Illegible, and brought into the safe custody of Range Office Complex Bagafa.
AND THEREFORE, in exercise of the powers conferred upon by the Notification No F.7(310)/ For/FP/2016/25701-247 dated 15.11.2016 of the,Forest Department Govt. of Tripura as Authorized officer for the pyrpose of the Sub-Section 2 of Section 52(A) of Indian Forest Act (Tripura2nd Amendment) Act, 1986, It ts contemplated to confiscate the said vehicle bearing Registration No. TROZ 1658 {Rolero Maxi Truck) Engine No Ilegible, and Chasis No, legible, for itsguse in commission of Forest Offence U/S 41 %42&52(A) IFA, 1927 and rules made there under by the Govg, of Tripura.
Now THEREFORE, it is brought to the notice of the legal owner of the said (Bolero Maxi Truck) bearing Registration No. TRO7-1658 (Bolero Maxi Truck) Engine No. Mlegible, and Chasis No, Illegible, , to prefer his/her claim r over the said vehicle in writing to the Authorized Officer (Sub-Divisional Forest Officer, Bagafa Forest Sub-Division), within 30(thirty) days from the date of issue of this notice or through his/her legally sathorized person submitting. all | the relevant vali®'documents in original in support to his /her claim. Till such time said (Bolero Maxi Truck) TRO/-1658 | (Bolero Maxi Truck) Engine No Ilegible, and Chasis No.tlegible, will remain under the and brought into the safe custody of Range Office Complex Bagafa.
If the authorized owner of said vehicle (Bolero Maxi Truck) TRO7-1658 (Bolero Maxi Truck) bearing Registration Na. 1RO7-1658 (Bolero Maxi Truck) Engine Me. Megible, and Chasis No. Megible, fail to prefer his/her claim within the stipulated date on any working days, the decision regarding confiscation of the same will be taken ex-parte
Issued under my seal and signature this day on 3rd September, 2023

ICA/D-592/23

Authorired Officer)
Sub Divisional Forest Officer
Bagafa: South tripura

রিজার্ভ ব্যাঙ্কের উদ্যোগে আগরতলায় ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ছবি নিজস্ব।

অপহৃত তিন নাবালিকা উদ্ধার কালিয়াগঞ্জ থেকে

বাঁকুড়া, ১৪ জুলাই (হি. স.) : অপহরণের দুদিনের মধ্যেই কালিয়াগঞ্জ থেকে তিনি নাবালিকাকে উদ্ধার করলো ইন্দাস থানার পুলিশ। এই অপহরন কান্ডের মূল চক্রী এক মহিলাকে গ্রেফতার করেছে পুলিশ। মোটা বেতনের কাজ লোভ দেখিয়ে এক মহিলা ইন্দাস থানার নাগাতেঁতুলগ্রাম থেকে তিন নাবালিকাকে অপহরন করে নিয়ে যায়। এরপর নাবালিকাদের পরিবারের পক্ষ থেকে ইন্দাস থানায় অভিযোগ জানানো হয়। অভিযোগ পেয়ে ইন্দাস থানা তদন্তে নামে। এরমধ্যেইতিন নাবালিকা বুঝতে পারে যে তাদের অপহরন করে বাজে মতলব করেছে।নাবালিকা দের মালদা ষ্টেশনে নিয়ে যাওয়ার পর সেখানে তাদের অন্য লোকের হাতে তুলে দেওয়ার পরিকল্পনার মাঝেই এক নাবালিকা মালদা ষ্টেশনে র কাছে এক টোটো চালকের কাছে বুদ্ধি খাটিয়ে তার ফোন থেকে পাশের বাড়িতে ঘটনা জানায়। এই খবর তৎক্ষণাৎ বাড়ির লোকজন ইন্দাস থানায় জানানোর পরেই থানা থেকে একটি পুলিশের দল মালদা রওনা হয়।সেখান থেকে উত্তরদিনাজপুরের কালিয়াগঞ্জ থানার সহায়তায় অপহৃতা তিন নাবালিকা কে উদ্ধার করা হয়। একই সঙ্গে গ্রেফতার করা হয় ওই মহিলাকে। শুক্রবার ওই মহিলাকে আদালতে পেশ করা হয়েছে।পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। স্থানীয় অধিবাসীদের অনুমান পূর্ব পরিচিতির সুবাদে ওই মহিলা পরিকল্পনা মাফিক অপহরণ পর্ব চালায়।

শান্তির বাজার মহকুমা শাসকের কার্যালয় পরিদর্শন করলেন মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। শান্তির বাজারে বিজেপির সাংগঠনিক আলোচনাসভায় এসে আচমকা শান্তির বাজার মহকুমাশাসকের কার্যালয় পরিদর্শনে ছুটেযান মুখ্যমন্ত্রী প্রফেসার ডাক্তার মানিক সাহা। মুখ্যমন্ত্রী মহকুমা শাসকের কার্যালয়ে গিয়ে বিভিন্ন বিভাগে কর্মরত কর্মীদের সঙ্গে কথাবার্তা বললেন। তার পাশাপাশি মহকুমা শাসকের কার্যালয়ে পরিষেবা নিতে আসা লোকজনদের সঙ্গে কথা বললেন। লোকজনেরা মহকুমাশাসককের কার্যালয় থেকে সঠিক পরিষেবা পাচ্ছেন কিনা তা জানার প্রয়াস করেন।

মুখ্যমন্ত্রী মহকুমা শাসক কার্যালয় পরিদর্শনে অফিসে থাকা কাগজপত্র ফাইলগুলি ধূলায় পরিপূর্ণ হয়ে আছে দেখে মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্যকে মহকুমা শাসকের কার্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখার পরামর্শ প্রদান করেন। অফিস পরিদর্শন শেষে মহকুমা শাসকের কার্যালয়ে থাকা স্ব সহায়ক দলের ষ্টল পরিদর্শন করেন ও স্ব সহায়ক দলের সদস্যদের সঙ্গে কথা বলেন। মহকুমা শাসকের কার্যালয় পরিদর্শন শেষে তিনি সাংগঠনিক আলোচনাসভায় অংশ গ্রহণ করেন। আজকের এই পরিদর্শনে মুখ্যমন্ত্রীর পাশাপাশি উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং।

ঋষ্যমুখ সীমান্ত দিয়ে রমরমা গবাদী পশু পাচার বাণিজ্য

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৪ জুলাই।। ত্রিপুরায় শাসকদলের নেতা জড়িত গরু পাচার বাণিজ্যে। পশ্চিমবাংলার বীরভূম জেলার প্রতাপশালী ও প্রভাবশালী নেতা অনুব্রত মণ্ডলের ন্যায় দক্ষিণ জেলার ঋষ্যমুখ বিধানসভার হরিপুর অঞ্চলের পঞ্চায়েত সদস্য পরিমল মিত্র। যার হাত ধরে এই রাজ্য থেকে বাংলাদেশে পাচার হয়ে গেছে কোরবানি ঈদের সময়কালে আনুমানিক ২ কোটি টাকার গরু। আর এই অবৈধ বাণিজ্যের বিরুদ্ধে প্রতিনিয়ত সংবাদ পরিবেশনে পিছিয়ে ছিলনা জেলার সংবাদ প্রতিনিধিগন। যার ফলস্বরূপ গাড়ি বোঝাই গরু আটক করে পুলিশ , রাতের অন্ধকারে পুলিশ এবং বিএসএফকে মাসোয়ারা দিয়ে দিব্যি ব্যবসা চালিয়ে যাচ্ছিল অসাধু গো ব্যবসায়ীগন বলে অভিযোগ। বৃহস্পতিবার বিকেলে স্পেশাল মোটর ভেহিকেল চেক করতে গিয়ে পুলিশের হাতে আটক হয় ঋষ্যমুখ ব্লকের হরিপুর এলাকা থেকে দুটি গরু বোঝায় বলেরু গাড়ি। এই দুটো গাড়ির মধ্যে মোট ১৪টি গরু ছিল। যে গরুগুলি পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হয়েছিল ঋষ্যমুখ এলাকার হরিপুর অঞ্চলে। সূত্র থেকে জানা যাচ্ছে যে এই গরুগুলি পাচার বাণিজ্যের মাস্টারমাইন্ড পরিমল বাবু। গাড়ি থেকে মোট ৪ জনকে আটক করা হয়। যাদের নাম রঞ্জিত পাল, লিটন দাস, কানাইলাল দেবনাথ ও ভবতোষ বৈদ্য, তাদের প্রত্যেকের বাড়ি ঋষ্যমুখ এলাকায় বলে জানা যায়। তাদের বিরুদ্ধে বিলোনিয়া থানায় মামলা-রুজু করা হয়েছে। যার মামলা নাম্বার ৪৭/২৩।মামলা রুজু হয় ভারতীয় দণ্ডবিধি ২৭৯/৩৮২(এফ) এবং পশুদের প্রতি বর্বরতার অভিযোগ আনা হয় মামলায়। এছাড়াও মামলায় পশু আইন অনুসারে ১৯৬০ এর আন্ডার সেকশন১৯২(এ) মোটর ভেহিকেল এক্ট ১৯৮৮ অনুসারে১৮৪ ধারায় মামলা হয়। ৪ জনকেই বিলোনিয়া পুলিশ আদালতে আজ প্রেরণ করে এবং পুলিশ রিমান্ডের জন্য আবেদন করে বলে জানা যায়।

১৯ জুলাই ধর্মনগর যাচ্ছেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ জুলাই।। ধর্মনগর বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী ভবনে ধর্মনগরের বিধায়ক তথা ত্রিপুরা রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের উপস্থিতিতে অনুষ্ঠিত এক গুরুত্বপূর্ণ সভা। দলের কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন। ধর্মনগর পুর পরিষদের চেয়ারপারসন প্রদ্যুৎ দে সরকার, বিশিষ্ট সমাজসেবী শ্যামল নাথ সহ অন্যান্যরা এই সময় উপস্থিত ছিলেন। উনিশে জুলাই রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা আসবেন ধর্মনগর মহকুমাতে। এখানে অনেকগুলি অনুষ্ঠানে যোগ দেবেন তিনি।তাছাড়া রাজ্যভিত্তিক বনমহোৎসব এর আনুষ্ঠানিক উদ্বোধন করবেন বীর বিক্রম ইন্সটিটিউশনের ময়দানে। কদমতলায় ১৮ কোটি টাকা খরচ করে গড়ে তোলা হবে আগর ইন্ডাস্ট্রি। তার শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী। এসব বিষয় নিয়ে বিস্তারিত তথ্য জানান বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। তাছাড়া দুপুর বারোটা নাগাদ ধর্মনগর শহরে ভারতীয় জনতা পার্টির কর্মকর্তারা একটি ধিক্কার মিছিল সংগঠিত করে।বিধানসভার ভেতরে বিরোধী দলের বিধায়করা যে অশালীন আচরণ করেন তার পরিপ্রেক্ষিতে ধিক্কার মিছিল অনুষ্ঠিত হয়।

নিয়োগের সিদ্ধান্ত নেয়ায় রাজ্য সরকারকে ধন্যবাদ ফার্মাসিস্ট এসোসিয়েশনের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। ২০০ জন এলোপ্যাথিক ফার্মাসিস্ট নিয়োগের সিদ্ধান্ত নেওয়ায় রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়েছে ইন্ডিয়ান ফার্মাসিস্ট এসোসিয়েশন এর রাজ্য শাখা। সংগঠনের পক্ষ থেকে আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলন করা হয়। সম্মেলনে সংস্থার পক্ষ থেকে রাজ্য সরকারকে দুই শ জন এলোপেথিক ফার্মাসিস্ট নিয়োগের যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে তাকে স্বাগত জানানো হয়। সংগঠনের সভাপতি দিবল চন্দ্র দাস এবং সম্পাদক অয়ন বসু জানান বর্তমানে রাজ্যে চার হাজারেরও বেশি ফার্মাসিস্ট বেকার রয়েছে। গত দু হাজার ষোল সালে ফার্মাসিস্ট নিয়োগকরা হয়েছিল। এরপর আর কোন নিয়োগ হয় নি। বর্তমানে রাজ্যের স্বাস্থ্য দপ্তরে পাঁচ শ চৌরানববই টি খালি পোস্ট রয়েছে বলে সংগঠনের পক্ষ থেকে জানানো হয়। দীর্ঘদিন ধরেই এই দাবিতে আন্দোলন করে আসছে সংগঠন। শেষ পর্যন্ত রাজ্য সরকার এই সিদ্ধান্ত নেওয়ায় সংগঠনের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী সহ মন্ত্রিসভার সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন সংগঠনের পক্ষে সভাপতি দিবল চন্দ্র দাস এবং সম্পাদক অয়ন বসু রা। তারা আশাবাদী আগামী দিন রাজ্য সরকার বাকি শূন্য পদগুলো পূরণ করবে।

সাংবাদিককে প্রাণনাশের হুমকি গ্রেফতারের দাবি টিডব্লিউজেএর

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। খোয়াইয়ে কর্মরত সাংবাদিক ত্রিপুরা ওয়ার্কিং জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের সদস্য প্রীতম তাঁতীকে বৃহস্পতিবার রাতে প্রাণনাশের হুমকির ঘটনায় জড়িত দেবজ্যোতি ভৌমিককে অবিলম্বে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে ত্রিপুরা ওয়ার্কিং জার্নালিস্টস অ্যাসোসিয়েশন। অভিযুক্তের বিরুদ্ধে খোয়াই থানায় মামলা দায়ের করা হয়েছে। অ্যাসোসিয়েশনের খোয়াই মহকুমা কমিটির ৫ সদস্যক প্রতিনিধি দল খোয়াই থানায় ভারপ্রাপ্ত আধিকারিকের সঙ্গে সাক্ষাৎ করে অভিযুক্তকে গ্রেফতারের দাবি জানিয়েছেন। অ্যাসোসিয়েশনের রাজ্য সাধারণ সম্পাদক সুনীল দেবনাথ ঘটনার তীব্র নিন্দা জানিয়ে অবিলম্বে অভিযুক্তকে গ্রেফতারের দাবি জানিয়েছেন। অন্যথায় ,সংগঠন বৃহত্তর আন্দোলন সংঘটিত করবে বলে হুশিয়ারি দেওয়া হয়েছে। উল্লেখ্য, ,পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে সাংবাদিকরা প্রতিনিয়ত হামলার শিকার হচ্ছেন এবং নানাভাবে হুমকি দেওয়া হচ্ছে। এ ধরনের ঘটনায় সংগঠনের তরফ থেকে গভীর উদ্বেগ প্রকাশ করে সরকার ও প্রশাসনকে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানানো হয়েছে।

নেশামুক্ত ত্রিপুরা নিয়ে খোয়াইয়ে সচেতনতামূলক অভিযান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ জুলাই।। নেশা মুক্ত অভিযানের অঙ্গ হিসাবে সচেতনতামূলক কর্মসূচি আয়োজিত হয় খোয়াই নতুন টাউন হলে। এদিনই অনুষ্ঠানটি আয়োজিত হয় খোয়াই পৌর পরিষদের উদ্যোগে। এদিন এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য সুব্রত মজুমদার, খোয়াই মহকুমা শাসক বিজয় সিনহা, খোয়াই পৌর পরিষদের চেয়ারপারসন দেবাশীষ নাথ শর্মা সহ অন্যান্যরা। এদিন নেশা বিরোধী সচেতনতামূলক কর্মসূচিতে অংশগ্রহণ করে মহুপভা শাসক ও জেলা পরিষদের কর্মকর্তারা খোয়াই জেলার সর্বত্র সচেতনতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। নেশার কবলে পড়ে যুব সমাজ যেভাবে ধ্বংসের মুখে ধাবিত হচ্ছে তা থেকে রক্ষা পেতে হলে সচেতনতা বৃদ্ধি করতে হবে বলেও তারা অভিমত ব্যক্ত করেন। শুধুমাত্র সরকারি উদ্যোগে এই সচেতনতা সর্বত্র বৃদ্ধি করা সম্ভব নয় বলেও তারা উল্লেখ করেন। এলাকাকে নেশা মুক্ত করতে হলে প্রতিটি ক্লাব স্বেচ্ছাসেবী সংগঠন এবং প্রতিটি পরিবারকে সচেতন হতে হবে। সার্বিক প্রচেষ্টাতেই এই ভয়ংকর প্রবণতা থেকে যুবসমাজকে রক্ষা করা যাবে। উল্লেখ্য রাজ্য সরকার রাজ্যকে নেশা মুক্ত রাজ্য হিসেবে গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছে। মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা এ ব্যাপারে রাজ্যের সর্বস্তরের জনগণের সহযোগিতা আহবান করেছেন। সেই আহবানে সারা দিন খোয়াই সহ বিভিন্ন স্থানে নেশা বিরোধী সচেতনতামূলক কর্মসূচি পালন করা হচ্ছে।।

কৈলাসহরে মহকুমা ভিত্তিক বনমহোৎসব অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ জুলাই।। শুক্রবার কৈলাসহর মহকুমা বন দপ্তরের উদ্যোগে মহকুমা ভিত্তিক বনমৎসব অনুষ্ঠিত হয়। কৈলাসহর আর কে আই স্কুলের ক্যাম্পাস হলে অনুষ্ঠিত হয় এই বনমহোৎসব। প্রদীপ প্রজ্জ্বলন করে এই অনুষ্ঠানের শুভ সূচনা করেন ঊনকোটি জেলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। এই অনুষ্ঠানে জেলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস ছাড়াও উপস্থিত ছিলেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপারসন চপলা রানী দেব রায় ,কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপারসন নীতিশ দে ,জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার ,, কৈলাশহর মহকুমা বন আধিকারিক হীরন জয় রিয়াং ,বিশিষ্ট সমাজসেবী অমৃত কুমার ভট্টাচার্য ,গৌরনগর বন অধিকারীক সুমন ভৌমিক সহ জাইকা প্রকল্পের কর্মকর্তারা। এই অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে কৈলাশহর পুর পরিষদের চেয়ারপারসন চপলা রানী দেবরায় বলেন,,আমাদের জীবনে বনের ভূমিকা গুরুত্বপূর্ণ। বন ধ্বংসের কারণে নষ্ট হচ্ছে প্রাকৃতিক ভারসাম্য। গাছ শুধু লাগালেই হবে না একে রক্ষণাবেক্ষণ করতে হবে। সকল ছাত্র-ছাত্রীদের এই বিষয়ে নজর রাখতে হবে। অন্যদিকে জেলা শিক্ষা অধিকারিক প্রশান্ত কিলিকদার বলেন, শুধু বনমহোৎসব করলে হবে না, রাজ্যের সকল অংশের মানুষ বন রক্ষার জন্য এগিয়ে আসতে হবে। নির্বিচারে বাস কড়ুল কাটা বন্ধ করতে হবে। এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন ধরণের সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানকে কেন্দ্র করে সকলের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

পটুনগর হাইস্কুলকে দ্বাদশ মানে উন্নীত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৩ জুলাই।। পটুনগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ বিদ্যালয় থেকে দ্বাদশ স্তরে উন্নীতকরণ করা হয়েছে।।এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় শুক্রবার স্কুল প্রাঙ্গনে। উল্লেখ্য ,এই স্কুলকে দ্বাদশ স্তরে উত্তীর্ণ করার জন্য এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি ছিল। রাজ্য সরকার এই দাবি মেনে নেওয়ায় স্কুল প্রাঙ্গনে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বড়জা কেন্দ্রের প্রাক্তন বিধায়ক ডঃ দিলীপ দাস ,পশ্চিম ত্রিপুরা জেলা সভাধিপতি হরিদুলাল আচার্য সহ অন্যান্যরা। প্রসঙ্গত এবছর থেকে আর্টস বিভাগে ই চালু হলো ক্লাস পরবর্তীতে স্কুলের পরীক্ষাটা উন্নয়ন করা শুরু হবে বাণিজ্য ও বিজ্ঞান বিভাগ। রাজ্য সরকার এবছর মোট পাঁচটি স্কুলকে

উচ্চ বিদ্যালয় থেকে দ্বাদশ স্তরে উন্নীতকরণ করে। শিক্ষা ব্যবস্থাকে উন্নতিকল্পে রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে তারই ফলশ্রুতিতে এই পদক্ষেপ।

সুপ্রিম কোর্টে ফের পিছিয়ে গেল ডিএ মামলার শুনানি

নয়াদিল্লি, ১৪ জুলাই (হি. স.) : শুক্রবার সুপ্রিম কোর্টে ফের পিছিয়ে গেল ডিএ মামলার শুনানি। ফলে আশাহত সরকারি কর্মচারীরা। কবে পরবর্তী শুনানি হবে, তা এখনও স্থির হয়নি।ডিএ মামলা বারবার পিছিয়ে যাওয়ার ঘটনায় এদিন রীতমতো ক্ষোভ প্রকাশ করতে দেখা যায় রাজ্যের আইনজীবী অভিষেক মনুসিংভিকে। এদিন তিনি বলেন, 'এর আগের শুনানিতে জানানো হয়েছিল, এবার চূড়ান্ত শুনানি হবে। তা সত্ত্বেও মামলা 'মিসলেনিয়াস ডে'-তে তালিকাভুক্ত হয়েছে। এই মামলার চূড়ান্ত শুনানি হওয়া প্রয়োজন।' তিনি আরও বলেন, কর্মচারীদের ডিএ দেওয়ার বিষয়টি সম্পূর্ণ রাজ্যের বিষয়। তবু এই বিষয়ে যখন শীর্ষ আদালতে মামলা হয়েছে তাই দ্রুত নিস্পত্তি হওয়া জরুরি। মামলাকারীদের অভিযোগ, প্রতিবছরই কেন্দ্রীয় সরকার তাঁর কর্মচারীদের ডিএ দিলেও এ রাজ্যে দীর্ঘদিন ধরে কর্মচারীদের ডিএ বকেয়া রাখা হয়েছে। বকেয়া ডিএ'র পরিমাণ প্রায় ৪১ হাজার কোটি টাকা। ডিএ'র দাবিতে কলকাতার শহিদ মিনারে অনশনও করেন একাধিক সরকারি কর্মচারী। বারবার রাজ্যকে অনুরোধ করেও কাজ না হওয়ায় বকেয়া ডিএ'র দাবিতে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন সরকারি কর্মচারীদের একাংশ। ওই মামলায় দ্রুত বকেয়া মিটিয়ে দিতে গত বছর ২০ মে রাজ্যকে নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে পালটা মামলা করে রাজ্য সরকার। এই পরিস্থিতিতে বারবার শুনানি পিছিয়ে যাওয়ায় বিরক্ত দু'পক্ষই।

ভগিনী নিবেদিতা ছাত্রী নিবাস পরিদর্শনে গেলেন মন্ত্রী সুধাংশু দাস

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৪ জুলাই।। আজ আগরতলা কৃষ্ণনগর ঠাকুরপল্লী রোডসিত ভগিনী নিবেদিতা ছাত্রী নিবাস পরিদর্শনে গিয়েছেন তপশিলি জাতি কল্যাণ দফতরের মন্ত্রী সুধাংশু দাস। এদিন তিনি ছাত্রীদের সাথে বিভিন্ন বিষয় নিয়ে কথাবার্তা বলেন।

এদিন তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, এখানে তপশীলি জাতি, তপশীলি উপজাতি, মাইনরিটি এবং ওবিসি দফতরের মোট চারটি সম্প্রদায়ের মাধ্যমিকের ছাত্রীরা থাকেন। যাবতীয় পরিস্থিতি খতিয়ে দেখতে পরিদর্শনে গিয়েছিলেন বলে জানান তিনি।

এদিন তিনি আরও বলেন, মূলত হোস্টেলে থাকা ছাত্রীরা সমস্ত সুযোগ সুবিধা সঠিক ভাবে পাচ্ছে কি না তা খতিয়ে দেখার জন্যই আজকেরএই পরিদর্শন। পাশাপাশি এদিন তিনি ছাত্রীদের সাথে তিনি বিভিন্ন বিষয় নিয়ে কথাবার্তা বলে, তাদের সমস্যার কথা জানার চেষ্টা করেছেন এবং পরবর্তীকালে এই বিষয়গুলি নিয়ে খতিয়ে দেখা হবে বলে আশ্বাস দিয়েছেন তিনি।

জাতীয় উদ্যানে ফের এক চিতার মৃত্যু

ভোপাল, ১৪ জুলাই (হি.স.) : ফের চিতার মৃত্যু কুনো ন্যাশনাল পার্কে। এই নিয়ে গত চার মাসে মোট আটটি আফ্রিকান চিতার মৃত্যু হল মধ্যপ্রদেশের কুনো জাতীয় উদ্যানে। শুক্রবার সকালে সুরজ নামে ওই চিতাটিকে মৃত অবস্থায় পাওয়া যায়। মৃত্যুর কারণ জানার চেষ্টা চলছে।এর আগে গত মঙ্গলবার পুরুষ চিতা তেজসের মৃত্যু হয়েছিল। বন দফতরের এক বর্ষীয়ান আধিকারিক জানিয়েছিলেন, নিজেদের মধ্যে মারপিঠ করার সময়ই প্রাণ হারিয়েছে এই আফ্রিকান চিতা তেজস। গত ফেব্রুয়ারি মাসে তাকে দক্ষিণ আফ্রিকা থেকে কুনোতে নিয়ে আসা হয়েছিল। তারও আগে ২৫ মে দুই চিতা শাবকের মৃত্যু হয়েছিল। ৯ মে, মৃত্যু হয় পুরুষ চিতা দক্ষের। একেও আনা হয়েছিল দক্ষিণ আফ্রিকা থেকেই। এরপর ১৩ এপ্রিল দক্ষিণ আফ্রিকা থেকে আনা উদয় নামে চিতাটির মৃত্যু হয়। চলতি বছরেরই ২৭ মার্চ, সাশা নামে একটি চিতা কিডনি সংক্রান্ত সমস্যার জেরে মারা যায়। সাশাকে নামিবিয়া থেকে আনা হয়েছিল। এছাড়াও নামিবিয়া থেকে আনা মাদি চিতা জ্বালার চার সন্তানের মধ্যে তিনটি ডিহাইড্রেশনের কারণে মারা যায়।

সামসীতে পিকআপ ভ্যান ও টোটোর মুখোমুখি সংঘর্ষ, জখম ২

সামসী, ১৪ জুলাই (হি. স.) : মালদার সামসী বাইপাস এলাকায় ৮১ নম্বর জাতীয় সড়কে পিকআপ ভ্যান ও টোটোর মুখোমুখি সংঘর্ষে জখম হলেন টোটোর চালক ও এক যাত্রী। শুক্রবার বিকেলে দুর্ঘটনাটি ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন একটি যাত্রীবোঝাই টোটো সামসীর দিকে আসছিল। সেইসময় গাজোলের দিক থেকে আসা একটি সরকারি বাসও টোটোটিকে ওভারটেক করে সামসীর দিকে আসছিল। অন্যদিকে, সামসীর দিক থেকে দ্রুত গতিতে পিকআপ ভ্যান গাজোলের দিকে যাচ্ছিল। বাইপাস এলাকায় পিকআপ ভ্যানটি নিয়ন্ত্রণ হারিয়ে সজোরে টোটোকে ধাক্কা মারে। সঙ্গে সঙ্গে টোটোটি দুমড়েমুচড়ে যায়। ঘটনায় টোটোর চালক হামেদ আলি (৫৫) ও একজন টোটো যাত্রী টুম্পা কর্মকার(২৭) জখম হন। স্থানীয়রা তাঁদের উদ্ধার করে সামসী গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। পিকআপ ভ্যান ও টোটোটিকে আটক করা হয়েছে। এদিন দুর্ঘটনার জেরে কিছুক্ষণ জাতীয় সড়কে যানজটের সৃষ্টি হয়।

বিভিন্ন দাবি-দাওয়ার ভিত্তিতে হাফলঙে ডিমা হাসাও জেলা কংগ্রেসের ধরনা

হাফলং (অসম), ১৪ জুলাই (হি.স.) : অসম পুলিশের কনস্টেবল হবিবুর রহমান হত্যার একমাত্র রাজসাক্ষী বিকাশ থাওসেনের দাখিলকৃত এজাহারের ন্যায্য তদন্তের দাবি, পিআরসি ভেরিফিক্যাশন ইস্যুতে ডিমা হাসাও জেলার স্থানীয় বাসিন্দাদের হেনস্তা এবং অসম মালার অধীনে দুই লেন সড়ক নির্মাণের জন্য যে সব গ্রামের মানুষের জমি অধিগ্রহণ করা হয়েছে, তাঁদের উপযুক্ত ক্ষতিপূরণ মিটিয়ে না দেওয়ার প্রতিবাদে আজ শুক্রবার ডিমা হাসাও জেলা কংগ্রেস জেলাশাসকের কার্যালয়ের সামনে ধরনা কর্মসূচি পালন করেছে।ধরনা কর্মসূচির পর ডিমা হাসাওয়ের জেলাশাসক সীমান্তকুমার দাসের মাধ্যমে এক স্মারকলিপি অসমের রাজ্যপালের উদ্দেশ্যে পাঠিয়েছেন প্রতিবাদকারীরা। এদিকে ধরনাস্থলে ডিমা হাসাও জেলা কংগ্রেসের সভাপতি সমরজিৎ হাফলংবার সাংবাদিকদের বলেন, বর্তমানে উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদে তানাশাহি রাজত্ব চলছে। ষষ্ঠ তফশিলির অধীনস্থ সবচেয়ে পুরনো উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য প্রতিমাসে চার থেকে পাঁচবার আদালতে হাজিরা দেন। তাছাড়া এই পরিষদ-প্রধানের বিরুদ্ধে চার্জশিটও রয়েছে। এই অবস্থায় আদর্শবান দল হিসেবে জাহির করা বিজেপি এমন একজনকে উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের প্রধান হিসেবে দায়িত্ব দিয়ে রেখেছে যা লজ্জাজনক।সমরজিৎ বলেন, চার্জশিটে এমন অভিযুক্ত ব্যক্তির সাংবিধানিক পদে থাকার কোনও অধিকার নেই। উত্তর কাছাড় পার্বত্য পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য পদ থেকে অপসারিত করার দাবি তুলে তিনি বলেন, অসম পুলিশের কনস্টেবল হবিবুর রহমানের হত্যার একমাত্র রাজসাক্ষী বিকাশ থাওসেনকে আদালতে সাক্ষী না দেওয়ার হুমকি দেওয়া হচ্ছে। এমন-কি বিকাশ থাওসেনের স্ত্রীকে চাকরি ও অর্থের প্রলোভন দিয়ে বিকাশ থাওসেনকে আদালতে সাক্ষী না দেওয়ার চাপ সৃষ্টি করা হচ্ছে বলে সমরজিৎ হাফলংবার উত্থাপন করে বলেন, এ নিয়ে বিকাশ থাওসেন থানায় এজাহার দাখিল করেছেন।এমতাবস্থায় কনস্টেবল হবিবুর রহমানের পরিবারকে ন্যায় পাইয়ে দিতে দিশপুরের চাপে পুলিশ নতি স্বীকার না করে এর উপযুক্ত তদন্ত করার দাবি জানিয়েছেন ডিমা হাসাও জেলা কংগ্রেসের সভাপতি সমরজিৎ হাফলংবার।

বিধানসভায় বিরোধী দলের বিধায়কদের কুরুচিকর কর্মকান্ডের প্রতিবাদে আগরতলায় বিজেপি টাউন বড়দোয়ালী মন্ডলের উদ্যোগে ধিক্কার মিছিল। ছবি নিজস্ব।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।